# নিউ ইয়র্ক সিটির
# সংশোধনী বিভাগ

# আটক এবং কারাদণ্ডপ্রাপ্ত ব্যক্তিদের জন্য হ্যান্ডবুক

নিউ ইয়র্ক সিটির সংশোধনী বোর্ড এবং স্টেট কমিশনের অনুলিপিসমূহ
সমস্ত সুবিধার আইনি গ্রন্থাগারগুলিতে ন্যূনতম মান উপলব্ধ।

**সংশোধিত 12/19**

## ভূমিকা

আপনার DOC হেফাজতে থাকাকালীন সময়ে এই হ্যান্ডবুকটি আপনার জন্য উপলব্ধ অনেক কর্মসূচি এবং পরিষেবা সম্বন্ধে আপনাকে অবহিত করবে। যে নিয়মবিধিগুলি আপনার অবশ্যই পালন করতে হবে তা স্বতন্ত্র কাস্টডি রুলবুকে প্রকাশিত (Individual in Custody Rulebook) হয়, যা এই হ্যান্ডবুকের সঙ্গে আপনার পাওয়ার কথা। আপনি কোনও রুলবুক না পেয়ে থাকলে আপনাকে অবিলম্বে একজন কর্মীকে জানাতে হবে।

আপনি সংশোধনী বিভাগ (DOC, Department) এর কোনও কেন্দ্রের ভিতরে আসার পরে, সেখানে কতদিন থাকবেন তার উপর নির্ভর করে আপনাকে একটি DOC আইডি নম্বর দেওয়া হবে, যাকে "বুক এবং কেস" নম্বর বলে। আপনাকে একটি আইডি দেওয়া হবে যেটি সবসময় আপনার সঙ্গে রাখতে হবে, আবাসন চত্বর থেকে আপনি যখন বেরোবেন তখন যেন সেটি সহজেই চোখে পরে।

জেলে নিরাপদ থাকার অধিকার আপনার আছে। আপনি কোনও হুমকি বা প্রকৃত সহিংসতার শিকার হলে, অথবা আপনি অসুরক্ষিত বোধ করলে, অথবা নিজেকে আহত করবেন বলে আপনার মনে হলে, DOC বিভিন্ন উপায়ে সাহায্য করতে পারে। আরো তথ্যের জন্য "**সুরক্ষা এবং ক্ষতির শিকার হওয়া ব্যক্তিদের পরিষেবাদি (Safety & Victims' Services)**" নামে আখ্যাত বিভাগটি পড়ুন।

DOC কেন্দ্রগুলিতে সুরক্ষা এবং নিরাপত্তা সবসময় প্রথমে এলেও, এই বিভাগ স্বাস্থ্য সংক্রান্ত, শিক্ষামূলক, বৃত্তিমূলক, চাকরি এবং কাউন্সেলিংয়ের কর্মসূচিগুলি সমেত অনেক মূল্যবান কর্মসূচি এবং পরিষেবাদির প্রস্তাব দিয়ে থাকে পাশাপাশি থাকে চাকরির সুযোগ। অনুগ্রহ করে মনে রাখবেন, প্রত্যেকটি কেন্দ্রে সমস্ত কর্মসূচির প্রস্তাব দেওয়া হয় না এবং প্রত্যেকটি কর্মসূচির জন্য সবাই যোগ্য হন না। আপনি কোনও কর্মসূচিতে আগ্রহী হলে, অনুগ্রহ করে কোনও কর্মী সদস্যকে জানান।

এই ভূমিকাটি DOC এর প্রস্তাবিত কিছু কর্মসূচি এবং পরিষেবার একটি সংক্ষিপ্ত রূপরেখা। আরও বিশদ ব্যাখ্যা নিচের পৃষ্ঠাগুলিতে দেওয়া আছে। এছাড়াও আপনি আপনার কেন্দ্রের কর্মসূচির অফিস (Programs Office) থেকে আরও জানতে পারেন। কর্মসূচির অফিসে যাওয়ার জন্য, আপনার আবাসন চত্বরের আধিকারিককে একটি (Housing Area Officer) ইন্টারভিয়্যু স্লিপ চেয়ে অনুরোধ করুন, সেই স্লিপটি পূরণ করে আবাসন চত্বরের আধিকারিককে ফেরৎ দিন।

## DOC এর কর্মসূচি এবং পরিষেবাদির রূপরেখা

### শিক্ষা

আপনার বয়স 21 বছরের কম হলে, আপনার জন্য শিক্ষামূলক পরিষেবাগুলি উপলভ্য। ***এছাড়াও*** কিছু কেন্দ্রে 21 বছরের বেশি বয়সী শিক্ষার্থীদের জন্য প্রাপ্তবয়স্ক শিক্ষা কর্মসূচিগুলি আছে। আরো জানতে এই হ্যান্ডবুকের "**শিক্ষামূলক পরিষেবা**" বিভাগটি পড়ুন।

### পারিবারিক ইভেন্ট

যদি আপনার পরিবারে কোনও গুরুত্বপূর্ণ ঘটনা ঘটে (যেমন মৃত্যু বা খুবই গুরুতর অসুস্থতা), যদি আপনি বিবাহ করতে চান অথবা আপনি আপনার সন্তানদের সঙ্গে ফস্টার কেয়ারে সাক্ষাৎ করতে চান, তাহলে আপনাকে আপনার কেন্দ্রের কাউন্সেলরের সঙ্গে যোগাযোগ করতে হবে। আরও জানতে এই হ্যান্ডবুকের "**পারিবারিক ইভেন্ট**" বিভাগটি পড়ুন। কাউন্সেলরদের প্রদান করা পরিষেবাগুলি সম্বন্ধে আরও জানতে "**কাউন্সেলিং পরিষেবাদি**" বিভাগটি পড়ুন।

### চিকিৎসা সংক্রান্ত/মানসিক স্বাস্থ্যের পরিষেবাদি।

আপনি সিক কল-এর জন্য সাইন আপ করে কোনও চিকিৎসক অথবা চিকিৎসকের সহায়ক, কোনও মানসিক স্বাস্থ্য কর্মী অথবা কোনও দন্তচিকিৎসককে দেখাতে পারেন। আপৎকালীন অবস্থায়, অবিলম্বে চিকিৎসকের কাছে আপনাকে নিয়ে যাওয়ার জন্য আপনার আবাসন আধিকারিককে অনুরোধ করুন। আপনি এইচআইভি পজিটিভ হলে অথবা ঐচ্ছিকভাবে এইচআইভি পরীক্ষা করাতে চাইলে, আপনার কেন্দ্রে একজন এইচআইভি পরামর্শদাতা থাকেন যিনি আপনাকে সেই পরীক্ষাটি দেওয়ার ব্যবস্থা করতে অথবা ওষুধ পেতে সাহায্য করতে পারেন। আরো তথ্যের জন্য এই হ্যান্ডবুকের "**স্বাস্থ্য সংক্রান্ত পরিষেবাদি**" বিভাগটি পড়ুন।

## ধর্মীয় পরিষেবাদি

ইহুদি, মুসলিম, ক্যাথোলিক এবং প্রোটেস্টান্ট ধর্মে বিশ্বাসী চ্যাপলিনরা বিভাগের হয়ে প্রত্যেকটি কেন্দ্রে কাজ করেন। প্রত্যেকটি কেন্দ্রে এই চারটি ধর্মবিশ্বাসের জন্য নিয়মিত পরিষেবা আছে। আপনার ধর্মবিশ্বাসের প্রতিনিধি না থাকলে, আপনার কেন্দ্রের চ্যাপলিনের সঙ্গে কথা বলার অনুরোধ করুন, আপনার কোনও অনুরোধ থাকলে তারাই সেটির সমাধান করার চেষ্টা করবেন। আরো তথ্যের জন্য এই হ্যান্ডবুকের "**ধর্মীয় অধিকার**" বিভাগটি পড়ুন।

## আইনি গ্রন্থাগার

DOC হেফাজতে থাকাকালীন আইনি গবেষণা করার সুযোগ আপনার কাছে আছে। প্রত্যেকটি কেন্দ্রে একটি করে আইনি গ্রন্থাগার আছে যা মঙ্গলবার থেকে শনিবার এর মধ্যে সপ্তাহে পাঁচ দিন, প্রতিদিন দুই ঘন্টা করে ব্যবহার করার অধিকার আপনার আছে। আইনি গ্রন্থাগারে নিউ ইয়র্ক সিটির সংশোধনী বোর্ডের ন্যূনতম মান, সংশোধনের ন্যূনতম মান সম্বন্ধে নিউ ইয়র্ক স্টেট কমিশন এবং নির্বাচিত DOC নির্দেশনা সমেত নিয়মবিধি এবং আদালতের আদেশগুলির অনুলিপিগুলিও থাকে যা জেলে আপনার অধিকারগুলি বর্ণনা করে। আইনি গ্রন্থাগারে কিভাবে যাবেন এবং কখন আপনি সেখানে যেতে পারবেন সমেত কিভাবে সেখানকার অধিকার পাবেন সেই বিষয়ক বিশদ তথ্য এই হ্যান্ডবুকের "**আইনি গ্রন্থাগার**" বিভাগে আছে।

## অভিযোগ প্রক্রিয়া

আপনার যদি এমন কোনও সমস্যা আপনার আবাসন আধিকারিক, এরিয়া ক্যাপ্টেন অথবা আইনি কোঅর্ডিনেটরের সঙ্গে আলোচনার পরেও সমাধান করা না যায়, সেক্ষেত্রে আপনার কেন্দ্রের অভিযোগ কোঅর্ডিনেটরের (Grievance Coordinator) কাছে লিখিতভাবে একটি অভিযোগ দায়ের করতে পারেন যিনি আপনাকে ধাপে-ধাপে একটি বিধিবৎ সমাধান পাওয়ার দিকে গাইড করবেন। আপনি এমন বিষয়গুলি সম্বন্ধে একটি অভিযোগ দায়ের করতে পারেন যা সরাসরি আপনাকে প্রভাবিত করছে যেমন বিভাগীয় নীতি, যেভাবে নীতিগুলি পালন করা হচ্ছে অথবা কোনও আধিকারিক সমেত অন্য কোনও ব্যক্তির কার্যকলাপ। আরো তথ্যের জন্য এই হ্যান্ডবুকের **অভিযোগ প্রক্রিয়া** বিভাগটি দেখুন।

## কর্মসূচিসমূহ এবং মুক্তির পরিকল্পনা

এই বিভাগ বিভিন্ন ধরণের কর্মসূচির পাশাপাশি হেফাজত থেকে আপনাকে মুক্ত করার জন্য আপনাকে প্রস্তুত করতে মুখোমুখি সহযোগিতা দেওয়ার ব্যবস্থা রাখে। উদ্দেশ্য হল নতুন দক্ষতাগুলি তৈরি করতে, নতুন আগ্রহ খুঁজে দেখতে এবং আপনার কম্যুনিটির মধ্যে উপযোগী আশ্রয়গুলির সঙ্গে আপনাকে সংযুক্ত করতে এই কর্মসূচি এবং সহায়তাগুলি আপনাকে সাহায্য করবে। এই বিভাগে ভর্তি হওয়ার সময় পুনরায় প্রবেশের পুস্তিকার (Reentry Brochure) একটি কপি আপনার পাওয়ার কথা। এই সংস্থানটিতে প্রতিষ্ঠানের তালিকা বরো অনুযায়ী তালিকাভুক্ত করা আছে যা আপনাকে মুক্তির উপর নির্ভর করে কর্মনিযুক্তি, আবাসন, সুবিধাদি এবং প্রয়োজনীয়তার অন্যান্য সম্ভাব্য এলাকাগুলিতে সাহায্য করতে পারে। মুক্তির উপর নির্ভর করে, আপনি যোগাযোগে (Connections) বই পাবেন, যেটি কম্যুনিটি-নির্ভর সংস্থানগুলির একটি উপকারী গাইড। আপনি পুনরায় প্রবেশের পুস্তিকা পেয়ে না থাকলে, আপনার সংশোধনী পরামর্শদাতাকে (Correctional Counselor) একটি অনুলিপি দেওয়ার জন্য অনুরোধ করুন। আরও জানতে এই হ্যান্ডবুকের **মুক্তির পরিকল্পনা**" বিভাগটি দেখুন।

আমরা আশা করি এই হ্যান্ডবুকটি আপনাকে বিভাগের পরিষেবা এবং কর্মসূচিগুলির সঙ্গে সংযুক্ত করতে সাহায্য করবে। আমরা বিশ্বাস করি এটিতে এমন মূল্যবান তথ্য আছে যা আপনার নিরাপত্তার পাশাপাশি আপনার আশেপাশে থাকা ব্যক্তিদের নিরাপত্তাতেও সহযোগিতা করবে। অনুগ্রহ করে মনোযোগ সহকারে হ্যান্ডবুকটি পড়ুন এবং কোনও প্রশ্ন থাকলে একজন উর্দ্ধিধারী কর্মীসদস্যকে জিজ্ঞাসা করুন।

**প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী:** এখানে প্রায়ই জিজ্ঞাসা করা হয় এমন কিছু প্রশ্ন এবং হ্যান্ডবুকের মধ্যে কোথায় তার উত্তরগুলি খুঁজতে হবে তার পৃষ্ঠা দেওয়া হল।

1. আমার পরিবার বা বন্ধুরা কিভাবে আমার অ্যাকাউন্টে অর্থ রাখতে পারবে? (18)
2. কতটা ঘন ঘন আমি আমার ফোন ব্যবহার করতে পারবো? (21)
3. নিরাপদ বোধ না করলে আমি কী করবো? (46)
4. কী ধরনের পোশাক আমি পরতে পারি? কী ধরনের পোশাক পরতে পারবো না? (6)
5. কী ধরনের জিনিস নিজের সঙ্গে রাখার অনুমতি আমার আছে? (6)
6. কী ধরনের প্যাকেজ এবং চিঠি পাওয়ার অধিকার আমার আছে? (23)
7. আমার খোলার আগে কি আমার চিঠি অন্য কেউ পড়ে? (23)
8. আমার কোনও প্রতিবন্ধকতা থাকলে কী সহায়তা আমি পেতে পারি এবং কার সঙ্গে আমি যোগাযোগ করবো? (28)
9. স্নানে যাওয়ার থেকে প্রতিরোধ করার মতো কোনও প্রতিবন্ধকতা আমার থাকলে আমি কী করব? (28)
10. কারাজীবনের পরে স্বাভাবিক জীবনের প্রস্তুতিতে আমাকে সহায়তা কী কোনও কর্মসূচি উপলব্ধ আছে? (20)
11. সপ্তাহে আমার সঙ্গে কতগুলি সাক্ষাৎকার করা যেতে পারে? (43)
12. সারাদিন কি আমাকে সেলে আটকে রাখা হবে? (39)
13. জেলে থাকাকালীন কি আমি আমার কেস নিয়ে কাজ করতে পারি? (13)
14. জেলে কি ধূমপান করা যায়? (26)
15. কোনগুলি নিষিদ্ধ বলে বিবেচিত? (কাস্টডি রুলবুকে প্রত্যেকটি আলাদা করে দেখুন)
16. নিষিদ্ধ কাজ করছি ধরা পড়লে কী হবে? (কাস্টডি রুলবুকে প্রত্যেকটি আলাদা করে দেখুন)
17. আমি অস্ত্র সমেত ধরা পড়লে কী হবে? (34)
18. কেনো আইন উল্লঙ্ঘনের জন্য (বিভাগের নিয়ম লঙ্ঘন করার কারণে) কোনও ব্যক্তি লিখিত বিজ্ঞপ্তি পায়? (কাস্টডি রুলবুকে প্রত্যেকটি আলাদা করে দেখুন)
19. আইন উল্লঙ্ঘনের জন্য আমি লিখিত বিজ্ঞপ্তি পেলে কী হবে? (কাস্টডি রুলবুকে প্রত্যেকটি আলাদা করে দেখুন)
20. কোথায় এবং কতটা ঘন ঘন আমি খাবার অথবা সুগন্ধী অথবা অন্যান্য উপকরণ কিনতে পারি? (18)
21. বিশেষ খাদ্যপ্রণালী পাওয়া কি সম্ভব? (21)
22. আমি অসুস্থ বোধ করলে আমার কী করা উচিত? (41)
23. বাইরের বিনোদন কতটা ঘন ঘন হয়? (29)
24. জেলে কি আমার সন্তানরা আমার সঙ্গে দেখা করতে পারে? ফস্টার কেয়ারে থাকা আমার সন্তানরা কী আমার জেলে থাকাকালীন সময় এখানে এসে আমার সঙ্গে দেখা করতে পারে? (40)
25. জেলে থাকাকালীন বিবাহ করার জন্য আমি কিভাবে আবেদন করব? (30)
26. আমি কি পরিবারের কোনও সদস্যের অন্ত্যেষ্টিক্রিয়ায় উপস্থিত থাকতে পারি অথবা খুব অসুস্থ কোনও আত্মীয়ের সঙ্গে দেখা করতে পারি? (16)
27. আমার কোনও অভিযোগ থাকলে কার সঙ্গে আমি কথা বলবো? (9)
28. আমার নিরাপত্তার শ্রেণীকরণ বলতে কী বোঝায়? হেফাজতে কোনও ব্যক্তি কিভাবে একজন "উচ্চমাত্রায় নিরাপত্তা" প্রাপ্ত ব্যক্তি হিসাবে শ্রেণীবদ্ধ হতে পারেন? এটি পরিবর্তন করার কি কোনও উপায় আছে? (34)
29. আমার ছাড়া পাওয়ার পরে, আমি কিভাবে আমার নগদ অর্থ এবং সম্পত্তি সংগ্রহ করবো? (45)
30. আমি কি জেলে থাকাকালীন নিয়মিত প্রার্থনার পরিষেবাদিতে উপস্থিত থাকতে পারি? (26)
31. আমি কি জেলে থাকাকালীন আমার T.A.S.C. (G.E.D.) পাওয়ার জন্য কাজ করতে পারি? (39)
32. আমার কারাদণ্ড সম্পূর্ণ হওয়ার আগে মুক্তির জন্য কিভাবে আমি আবেদন করবো? (41)
33. আমি কিভাবে ভোট দিতে পারি? (35)
34. জেলে থাকাকালীন কাজ করার জন্য কিভাবে আমি সাইন আপ করতে পারি? (33)

# সূচীপত্র


| | পৃষ্ঠা সংখ্যা |
|---|---|
| অনুমোদনযোগ্য আইটেমসমূহ | 6-9 |
| অভিযোগ প্রক্রিয়া | 9-13 |
| আইনি গ্রন্থাগার: আইনি রেফারেন্সের উপকরণ এবং সাপ্লাইসমূহ | 13-14 |
| আইনজীবীর সাক্ষাৎকার | 14 |
| আত্মহত্যা প্রতিরোধ | 15 |
| কাউন্সেলিং পরিষেবাদি | 15-17 |
| কেন্দ্রীয়ভাবে নজরবন্দী কেসসমূহ | 17-18 |
| কমিশরি এবং অ্যাকাউন্ট জমা দেওয়ার পরিষেবাদি | 18 |
| কর্মসূচিসমূহ এবং মুক্তির পরিকল্পনা | 19-20 |
| খাদ্য পরিষেবাদি | 21 |
| টেলিফোন কল | 21-22 |
| ডাকযোগে চিঠি (পত্রালাপ) | 22-26 |
| ধূমপান নিষিদ্ধ | 26 |
| ধর্মীয় অধিকার | 26-27 |
| নার্সারি কর্মসূচি | 27 |
| প্রতিবন্ধকতার অধিকার | 28 |
| প্রতিরক্ষামূলক হেফাজত আবাসন | 29 |
| ব্যক্তিগত স্বাস্থ্যবিধি | 29-30 |
| বিনোদন | 30 |
| বিবাহ | 30 |
| বেলের অর্থ পরিশোধ | 31-32 |
| বৈষম্য বর্জিত আচরণ | 32 |
| বন্দী অবস্থায় কর্মনিযুক্তি | 33 |
| বর্ধিত তত্বাবধানে বসবাস | 33 |
| বর্ধিত নিয়ন্ত্রণ এবং/অথবা লাল আইডির স্টেটাস | 34-35 |
| ভোটদান | 35-36 |
| মানসিক স্বাস্থ্য সংক্রান্ত মুক্তির পরিকল্পনা | 36-37 |
| মিডিয়া/প্রেসের পরিচিতি | 37-38 |
| রেডিও এবং টেলিভিশনের ব্যবহার | 39 |
| লক-ইন এবং লকআউট | 39 |
| শিক্ষামূলক পরিষেবাদি | 39-40 |
| শিশুর হেফাজত এবং ফস্টার কেয়ার | 40-41 |
| শর্তসাপেক্ষ মুক্তি | 41 |
| স্বাস্থ্য পরিষেবাদি | 41-42 |
| স্বাস্থ্যবিধি | 43 |
| সাক্ষাৎকার | 43-44 |
| সম্পত্তি | 45 |
| সুরক্ষা এবং ক্ষতির শিকার হওয়া ব্যক্তিদের পরিষেবাদি | 46 |

## অনুমোদনযোগ্য আইটেমসমূহ

বিভাগীয় হেফাজতে থাকা সমস্ত ব্যক্তিদের বিভাগীয় পোশাকের দু'টি সেট (অর্থাৎ দু'টি শার্ট এবং দু'টি প্যান্ট) দেওয়া হবে যা সেই কেন্দ্র বন্দী অবস্থায় থাকাকালীন সময় জুড়ে তাদের পরতে হবে। ভর্তি হওয়ার পরে, হেফাজতে থাকা প্রত্যেক ব্যক্তিকে বিভাগের ইস্যু করা এক (1) জোড়া চটি ইস্যু করা হবে।

হেফাজতে থাকা যে ব্যক্তি ট্রায়ালে যাচ্ছেন এবং অথবা জুরি নির্বাচনের আদালতে হাজিরা দিচ্ছেন বা গুরুত্বপূর্ণ পারিবারিক ইভেন্টে উপস্থিত হচ্ছেন তার অসামরিক পোশাক পরার অনুমতি আছে। হেফাজতে থাকা ব্যক্তিদের জন্য অসামরিক পোশাকগুলি অন্য সময় কেন্দ্রেই নিরাপদভাবে সংরক্ষণ করা থাকবে।

যারা মানসিক পর্যবেক্ষণ (Mental Observation, M.O.) ইউনিটে আটক হয়ে আছেন অথবা যাদের আত্মহত্যা করার ঝুঁকি আছে বলে বিবেচনা করা হয় (মানসিক স্বাস্থ্য/ চিকিৎসা সংক্রান্ত কর্মী দ্বারা নির্ধারিত), তারা বেল্ট, টাই, জুতোর লেস বা অন্য এমন কোনও আইটেম পরতে পারবেন না যা মানসিক স্বাস্থ্য/ চিকিৎসা সংক্রান্ত কর্মী সেই ব্যক্তির হিতসাধনে ঝুঁকি তৈরি করতে পারে বলে নির্ধারণ করেন।

**আবাসন চত্বরে অনুমোদিত ব্যক্তিগত আইটেমসমূহ:**

1টি বাথরব
2 জোড়া পাজামা
4 জোড়া মোজা
1 জোড়া স্নানের চটি (*কেবলমাত্র কমিশরিতে ক্রয়*)
4 সেট অন্তর্বাস
1টি হাউসকোট (কেবলমাত্র মহিলাদের জন্য)
2টি নাইটগাউন (কেবলমাত্র মহিলাদের জন্য)
1 জোড়া বুট (কেবলমাত্র কাজ বিশদ তথ্য নির্ধারিত * কেবলমাত্র বিভাগের ইস্যু করা - নির্মাণ, মেসের হল অথবা বিশেষ কাজের ক্যাডারে নির্ধারিত ব্যক্তিদের জন্য সীমিত।)
1 জোড়া প্রেসক্রিপশনের চশমা (ক্লিনিক দিয়ে যাচাই করা করাতে হবে, জেনেরিক হতে হবে, কোনো নকশা করা ফ্রেম হওয়া চলবে না, মানসিক পর্যবেক্ষণের ইউনিটে কাস্টডিতে আটক ব্যক্তিরা চিকিৎসা কর্মী দ্বারা সীমাবদ্ধ হতে পারেন।)

**কেবলমাত্র ট্রায়ালে আদালতে হাজিরা দেওয়ার সময় অথবা গুরুত্বপূর্ণ পারিবারিক ইভেন্টে ব্যবহারের জন্য যে ব্যক্তিগত আইটেমগুলি আপনার সম্পত্তিতে সুরক্ষিত থাকবে:**

1টি বেল্ট (ইলাস্টিক ছাড়া, সর্বাধিক প্রস্থ 1 ½", ছোট বাকল, 2 ¼" সর্বাধিক) – হেফাজতে মানসিক পর্যবেক্ষণে থাকা ব্যক্তির জন্য অনুমোদিত নয়
4টি ব্লাউজ/শার্ট (উর্দির মতো নয়, সাদা, গাঢ় নীল বা ডোরাকাটা রং হবে না)
1টি স্যুট জ্যাকেট/ব্লেজার (উর্দির মতো নয়, সাদা, গাঢ় নীল বা ডোরাকাটা রং হবে না)
4 জোড়া প্যান্ট/পায়জামা (গাঢ় নীল বা ডোরাকাটা রং অথবা উর্দির মতো হবে না)
1 জোড়া জুতো
1 জোড়া স্নিকার্স
2 জোড়া জুতোর লেস - হেফাজতে মানসিক পর্যবেক্ষণে থাকা ব্যক্তির জন্য অনুমোদিত নয়
1টি টাই - হেফাজতে মানসিক পর্যবেক্ষণে থাকা ব্যক্তির জন্য অনুমোদিত নয়
4টি ড্রেস

4টি স্কার্ট (গাঢ় নীল বা উর্দির মতো হবে না)
4 জোড়া স্টকিংস, প্যান্টিহস অথবা নী-হাই (অথবা চারটির সমন্বয়)

**DOC হেফাজতে ভর্তি হওয়ার পরে অন্যান্য ব্যক্তিগত আইটেমগুলি নতুন ভর্তির প্রক্রিয়ার সময় আপনার সম্পত্তিতে সুরক্ষিতভাবে রাখা হবে এবং কেবলমাত্র DOC হেফাজত থেকে আপনার মুক্তির পরে আপনাকে ফেরৎ দেওয়া হবে, যদি না আপনি আইটেম(গুলি) বাড়িতে পাঠাবেন অথবা সেগুলি সম্পূর্ণভাবে বাতিল করবেন বলে ঠিক করেন।**

**বাথরুমের সরঞ্জাম – অবশ্যই কমিশরি থেকে কিনতে হবে। অনুমোদনযোগ্য পরিমাণগুলি নিচে দেওয়া হল:**

10টি ক্লোরাসেপটিক লজেন্স
1টি ডিওড্রেন্ট
1 ইউনিট লোমনাশক (ডেপিলেটরি)
1টি লোশন
1 কন্টেনার শ্যাম্পু
1 কন্টেনার কন্ডিশনার
7 খানা বার সাবানের (বা বিভাগের ইস্যু করা)
2 বক্স মহিলাদের স্বাস্থ্যবিধির সামগ্রী (কেবলমাত্র RMSC - অথবা বিভাগের ইস্যু করা)
1টি নকল দাঁতের আঁঠা
2 টিউব দাঁতের মাজন (বিভাগের ইস্যু করা)
1টি দাঁতের ব্রাশ (কেবলমাত্র বিভাগের ইস্যু করা)

**লিনেন, বিছানা এবং অন্যান্য জিনিসগুলি বিভাগ ইস্যু করে**

1টি অগ্নি প্রতিরোধকে আচ্ছাদিত গদি।
কম্বল (আরাম এবং গরম দিতে তাৎপর্যপূর্ণ পরিমাণ)
1টি বালিস (অগ্নি প্রতিরোধকের আবরণ সমেত)
1টি বালিশের কেস
2টি চাদর
2টি তোয়ালে
1টি ওয়াশক্লথ

**শিক্ষামূলক সামগ্রী (প্যাকেজে পাঠানো হতে পারে)**

6টি কাঠকয়লার স্কেচ পেন্সিল
3টি রচনার বই
2টি ইরেজার (আঠা, রবার বা কালি)
6টি প্যাড (আঁকার, আইনের এবং লেখার)
6টি পেন্সিল (ইরেজার ছাড়া, কোনো ধাতব অংশ থাকবে না)
1টি রুলার (ধাতুর হবে না অথবা ধাতব প্রান্ত থাকবে না)
1 প্যাক লেখার কাগজ

**প্রকাশনা**

আপনি 1 ঘন ফুট (12” X 12” X 12”) পর্যন্ত আইন বহির্ভুত মুদ্রিত সামগ্রী রাখতে পারবেন, যার মধ্যে অন্তর্ভুক্ত বাঁধানো এবং বাঁধানো নয় এমন বই, ম্যাগাজিন, সংবাদপত্র, সাময়িকী, প্রচারপত্র, বিজ্ঞাপনী এবং যেকোনও প্রকারে অন্যান্য মুদ্রিত সামগ্রী। স্বাস্থ্য বা আগুনের সাথে জড়িত বিপদ এড়ানোর জন্য এই আইটেমগুলিকে অবশ্যই পরিষ্কারভাবে সংরক্ষণ করে রাখতে হবে। আইনি উপকরণগুলির পরিমাণে কোনও সীমাবদ্ধতা নেই যা আপনি রাখতে পারেন। যখন একটি সেলে জায়গা সীমিত হয়, তখন প্রতিষ্ঠানের মধ্যেই নিরাপদভাবে আইনি উপকরণগুলি অন্য কোথাও রাখার বিকল্প ব্যবস্থা করা প্রয়োজন, অবশ্য এক্ষেত্রে হেফাজতে থাকা ব্যক্তির সেই উপকরণগুলিতে নিয়মিত অ্যাক্সেস থাকা শর্তসাপেক্ষ।

**বিনোদনের সামগ্রী**

2টি বোর্ডের খেলা (কেবলমাত্র বিভাগের ইস্যু করা)
1 বক্স ডোমিনোস (কেবলমাত্র বিভাগের ইস্যু করা)
1 ডেক ল্যামিনেট না করা তাস (কেবলমাত্র কমিশরি বা বিভাগের ইস্যু করা)

**ছবি**

ছবিগুলি টেবিলের উপরে রাখা যেতে পারে, যদি সেগুলিতে দাঁতের মাজন বা এমন কোনো উপকরণ লাগানো না থাকে যার ফলে পোকামাকড় বা ইঁদুর জাতীয় প্রাণী আকর্ষিত হয়। নগ্ন ছবিগুলি এমন কোনও চত্বরে প্রদর্শন করা যাবে না যেটি আপনার সেল বা বসার জায়গার পাশ দিয়ে যাতায়াত করার সময় লোকজনের চোখে পরে। ইনস্ট্যান্ট ছবিগুলি নিষিদ্ধ (পোলারয়েড ধরনের)।

**খাদ্য সামগ্রী**

আপনার আবাসন চত্বরে একমাত্র যে খাবারগুলি আপনি রাখতে পারবেন সেগুলি কমিশরি থেকে কিনতে হবে। সমস্ত খাবার আপনাকে আপনার কমিশরি ঝুরিতে জমিয়ে রাখতে হবে। কোনও খাবারের মেয়াদ উত্তীর্ণ হওয়ার তারিখের পরে সেটিকে রেখে দেওয়া হয়েছে অথবা অনেকদিন ধরে খোলা রাখা হয়েছে কিনা সেই বিষয়ে সতর্ক থাকুন, যাতে সেগুলি নষ্ট না হয়ে যায় অথবা পোকামাকড় বা ইঁদুর জাতীয় জীবকে আকর্ষণ না করে।

**অন্যান্য সামগ্রী**

<u>প্যাকেজে পাঠানো হতে পারে</u>
1টি ক্যালেন্ডার

<u>প্যাকেজে অনুমোদিত নয়:</u>
1টি পান করার কাপ (কেবলমাত্র বিভাগের ইস্যু করা)
10টি খাম (কেবলমাত্র কমিশরি থেকে ক্রয়)
10টি গ্রিটিং কার্ড (কেবলমাত্র কমিশরি থেকে ক্রয়)
6টি “AA” ব্যাটারি (কেবলমাত্র কমিশরি থেকে ক্রয়)
1টি রেডিও/হেডসেট (কেবলমাত্র কমিশরি থেকে ক্রয়)
1টি স্পঞ্জ (কেবলমাত্র বিভাগের ইস্যু করা)
3টি ইউটিলিটি টাব (2টি সংরক্ষণ, 1টি ক্লিনিং, কেবলমাত্র বিভাগের ইস্যু করা)

বিভাগ কাপড় পরিষ্কার করা এবং শুকানোর উদ্দেশ্যে টোয়াইন (পাকানো সুতো) এবং লন্ড্রি ডিটারজেন্ট দেবে। মানসিক পর্যবেক্ষণের ইউনিটগুলিতে আটক থাকা অথবা আত্মহত্যার ঝুঁকি আছে বলে বিবেচিত হওয়া ব্যক্তিদের টোয়াইন দেওয়া হবে না।

### ধর্মীয় সামগ্রী

আপনি পোশাক এবং টুপি সমেত ধর্মীয় সামগ্রীগুলি পরতে এবং রাখতে পারেন যতক্ষণ পর্যন্ত সেই সামগ্রীগুলি প্রতিষ্ঠানের সুরক্ষা এবং নিরাপত্তার জন্য বিপজ্জনক না হচ্ছে। এই ধরনের সামগ্রীর মধ্যে অন্তর্ভুক্ত হতে পারে: তেফিলিন, কুফি, ইয়ারমুল্ক, শ্যালট-কব, ফেজ এবং অন্যান্য ধর্মের মাথা ঢাকার আচ্ছাদন, ধর্মীয় জপমালা/পেনডেন্ট এবং ধর্মীয় পুঁথি।

## অভিযোগ প্রক্রিয়া

নিজের কারাবাস নিয়ে আপনার কোনও অভিযোগ অথবা উদ্বেগ থাকলে বিভাগের সাংবিধানিক কার্যালয় এবং অভিযোগের পরিষেবাদি (Office of Constituent and Grievance Services, OCGS) আপনি পাবেন। যারা জড়িত তাদের সঙ্গে কথা বলে আপনি যদি উদ্বেগের সমস্যাগুলির সমাধান করতে না পারেন, তাহলে আপনি OCGS এর কাছে একটি অভিযোগ জমা দিতে পারেন। অভিযোগ প্রক্রিয়া হল ন্যায্যভাবে এবং সমন্বয়ের সাথে উপস্থিত ব্যবস্থাগুলির মধ্যে বিতর্কগুলি সমাধান করার একটি প্রচেষ্টা। আপনি কোনও নির্দিষ্ট ঘটনা সম্পর্কিত অথবা বিভাগীয় নীতিগুলির সাথে সম্পর্কিত সমস্যাগুলির সমাধান করতে অথবা কিভাবে নীতিগুলি পালন করা হয় তা নিয়ে অথবা কোনও নীতিই যে নেই সে প্রকৃত সত্য নিয়ে অথবা আপনার কারাবাসে প্রভাবিত করছে এমন কোনও কিছুর নিয়ম নিয়ে অভিযোগ প্রক্রিয়াগুলি ব্যবহার করতে পারেন।

### কিভাবে একটি অভিযোগ জমা দেবেন

একটি “বন্দী/দন্ডিত ব্যক্তির অভিযোগের ফর্ম” (ফর্ম #7101) সম্পূর্ণ করুন, যেগুলি অভিযোগ কর্মী সদস্যের কাছে এবং কার্যালয়, আবাসন চত্বরের আধিকারিকদের কাছে, আইনি গ্রন্থাগার এবং কর্মসূচির কার্যালয়ে পাওয়া যায়। আপনার অভিযোগের সপক্ষে তদন্ত শুরু করার জন্য আপনাকে অভিযোগের ফর্মে(গুলিতে) অবশ্যই স্বাক্ষর করতে হবে।

নিচে সমস্ত অভিযোগের শ্রেণী তালিকাভুক্ত করা হল। **আপনি একটি অভিযোগের ফর্মে একাধিক সমস্যা নিয়ে অভিযোগ দাখিল করতে পারবেন না অথবা 311 নম্বরে ফোন করতে পারবেন না। প্রত্যেকটি অভিযোগকে অবশ্যই স্বতন্ত্রভাবে দাখিল করতে হবে যা আপনাকে সময়মতো সমাধান পেতে সাহায্য করবে।**

তারপর কর্মীসদস্যের আবাসন চত্বর পরিদর্শনের সময় অভিযোগপত্রটি তার কাছে দিয়ে, অভিযোগের বক্সে অভিযোগপত্রটি রেখে দিয়ে অথবা অভিযোগের কার্যালয়ে সেটি এনে জমা দিন।

কোনও ক্ষেত্রে আপনার কাছে অভিযোগের ফর্ম (ফর্ম #7101) অথবা অভিযোগ কর্মী সহজলভ্য না হলে, 311 নম্বরে ফোন করে অভিযোগ দাখিল করা যেতে পারে এবং আপনার অভিযোগটি বৈদ্যুতিকভাবে OCGS এর কাছে পাঠিয়ে দেওয়া হবে। অভিযোগ ফর্মের নির্ধারণ অনুযায়ী সমস্যাটি অভিযোগযোগ্য সমস্যা হলে, অভিযোগ কর্মী আপনার উদ্বেগটি নিয়ে আলোচনা করার পদক্ষেপগুলি অনুসরণ করবে। আপনার জানানো সমস্যাটি অভিযোগযোগ্য না হলে, OCGS কর্মী আপনার নালিশটির ব্যবস্থা নেওয়ার জন্য সরাসরি উপযুক্ত ইউনিটের কাছে পাঠিয়ে দেবে।

**প্রত্যাঘাত**

আপনার অভিযোগ দায়ের করার অধিকার আছে। আপনার যদি মনে হয় **আপনার অভিযোগ দাখিল করার কারণে** বিভাগীয় কর্মী আপনার বিরুদ্ধে প্রতিহিংসা পরায়ণ আচরণ করছে, তাহলে আপনি অভিযোগ প্রক্রিয়ার মাধ্যমে কোনও কর্মীর বিরুদ্ধে অভিযোগ দায়ের করতে পারেন। আপনার আগের দাখিল করা অভিযোগের সঙ্গে যে কর্মীর বিরুদ্ধে প্রত্যাঘাতের অভিযোগ দাবি করা হচ্ছে তার নিশ্চয়ই কোনও সংযোগ থাকবে।

প্রত্যাঘাত হল অভিযোগ প্রক্রিয়ায় অংশগ্রহণকারী কারারুদ্ধ ব্যক্তির বিরুদ্ধে যেকোনও পদক্ষেপ বা পদক্ষেপ নেওয়ার হুমকি। অভিযোগ প্রক্রিয়ায় অংশগ্রহণকারী যেকোনও ব্যক্তির বিরুদ্ধে বিভাগীয় কর্মীর দ্বারা প্রত্যাঘাত কঠোরভাবে নিষিদ্ধ। প্রতিহিংসা পরায়ণ আচরণের মধ্যে সীমিত না হলেও অন্তর্ভুক্ত হতে পারে: হুমকি, তিরস্কার, নিগ্রহ অথবা নির্দিষ্ট কিছু সুবিধা দিতে অস্বীকার।

**অভিযোগের প্রত্যাবর্তন**

অভিযোগের প্রত্যাবর্তন ফর্মে তালিকাভুক্ত শ্রেণীগুলির মধ্যে আপনার অভিযোগ অন্তর্ভুক্ত হলে তা আপনার কাছে ফিরে আসবে এবং সেটির প্রক্রিয়াকরণ করা হবে না। সীমিত না হলেও এটির মধ্যে অন্তর্ভুক্ত: অভিযোগের ফর্ম স্বাক্ষর করতে অস্বীকার, DOC এর বিচারব্যবস্থার বাইরে সমস্যাগুলি জমা দেওয়া, শাস্তিমূলক প্রক্রিয়া সম্বন্ধে অভিযোগ ইত্যাদি। আপনার অভিযোগ আপনার কাছে ফিরে এলে সেটি পুনরায় জমা দেওয়ার জন্য আপনার কাছে পাঁচ (5) কার্যদিবস সময় থাকে।

**অভিযোগ জমা দেওয়ার সময়সীমা**

আপনাকে আপনার অভিযোগটি ঘটনাটি ঘটার অথবা আপনি যে সমস্যাটি নিয়ে অভিযোগ করছেন সেটি হওয়ার 10 দিনের (সপ্তাহান্ত এবং ছুটির দিন ব্যতীত) মধ্যে অথবা যখন সমস্যাটি আপনার বোধগম্য হয় তখনই জমা দিতে হবে।

**কিভাবে অভিযোগ প্রক্রিয়া কার্যকর হয়**

**ধাপ 1:** আপনার অভিযোগটি স্বাক্ষর করে অভিযোগের বক্সে অথবা অভিযোগ কর্মীর কাছে জমা দেওয়ার পরে অভিযোগ কর্মী স্বাক্ষর করে, সময়ের স্ট্যাম্প দেবেন এবং রসিদ হিসাবে আপনার বিবৃতি ফর্মের একটি অনুলিপি দুই কার্যদিবসের মধ্যে আপনাকে প্রদান করবেন। এরপর, অভিযোগ কর্মী তদন্ত করবেন এবং আপনার অভিযোগটি সমাধান করার চেষ্টা করবেন। অভিযোগ কর্মীর কাছে তদন্ত করে আপনাকে একটি বিধিবৎ সমাধান দেওয়ার জন্য সাত (7) কার্যদিবস থাকে। আপনি বিধিবৎ সমাধানে সন্তুষ্ট না হলে অথবা সাত (7) কার্যদিবসের (সপ্তাহান্ত এবং ছুটির দিন ব্যতীত) মধ্যে অভিযোগ কর্মীর থেকে আপনার অভিযোগের কোনো প্রতিক্রিয়া না পেলে, আপনি ওয়ার্ডেনের কাছে আপীল করার অনুরোধ করতে পারেন।

**ধাপ 2 - ওয়ার্ডেন স্তর:** আপনি অভিযোগ কর্মীর থেকে পাওয়া সমাধানে সন্তুষ্ট না হলে, ওয়ার্ডেনের কাছে আপনি আপীল করতে চান কিনা তা সিদ্ধান্ত নেওয়ার জন্য আপনার কাছে দুই (2) কার্যদিবস সময় থাকে। যদি তাই হয়, সমাধান ফর্মে আপনার নির্বাচন নির্দিষ্ট করে স্বাক্ষর করুন এবং অভিযোগ কর্মীর কাছে সেটি ফেরৎ দিন। অভিযোগ কর্মীর সমাধান নিশ্চিত বা বাতিল করার জন্য এবং আপনাকে নিজেদের মতামত জানানোর জন্য ওয়ার্ডেনের কাছে পাঁচ (5) কার্যদিবস থাকে।

**ধাপ 3 - সহায়ক প্রধান স্তর:** আপনি ওয়ার্ডেনের থেকে পাওয়া সমাধানে সন্তুষ্ট না হলে, সহায়ক প্রধানের কাছে আপনি আপীল করতে চান কিনা তা সিদ্ধান্ত নেওয়ার জন্য আপনার কাছে দুই (2) কার্যদিবস সময় থাকে। যদি তাই হয়, ওয়ার্ডেনের থেকে নেওয়া সমাধান ফর্মে আপনার নির্বাচন নির্দিষ্ট করে স্বাক্ষর করুন এবং অভিযোগ কর্মীর কাছে সেটি ফেরৎ দিন।

ওয়ার্ডেনের সমাধান নিশ্চিত বা বাতিল করার জন্য এবং আপনাকে নিজেদের মতামত জানানোর জন্য সহায়ক প্রধানের কাছে পাঁচ (5) কার্যদিবস থাকে।

**ধাপ 4 - কেন্দ্রীয় কার্যালয় পর্যালোচনা কমিটি (Central Office Review Committee, CORC):** আপনি সহায়ক প্রধানের থেকে পাওয়া সমাধানে সন্তুষ্ট না হলে, CORC এর কাছে আপনি আপীল করতে চান কিনা তা সিদ্ধান্ত নেওয়ার জন্য আপনার কাছে দুই (2) কার্যদিবস সময় থাকে। যদি তাই হয়, সহায়ক প্রধানের থেকে নেওয়া সমাধান ফর্মে আপনার নির্বাচন নির্দিষ্ট করে স্বাক্ষর করুন এবং অভিযোগ কর্মীর কাছে সেটি ফেরৎ দিন। সহায়ক প্রধানের সমাধান নিশ্চিত বা বাতিল করার জন্য এবং আপনাকে নিজেদের মতামত জানানোর জন্য CORC এর কাছে পনেরো (15) কার্যদিবস থাকে। এছাড়াও, CORC এর তরফ থেকে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার আগে, সংশোধনী বোর্ড (Board of Correction, BOC) এর কাছে আপনার অভিযোগের ফলাফলের উপর সুপারিশ জারি করার সুযোগ থাকে। হেফাজতে থাকা ব্যক্তির অভিযোগগুলির উপর চূড়ান্ত সিদ্ধান্ত CORC নিয়ে থাকে।

**নির্দেশনা 3376R-A-তে অভিযোগ প্রক্রিয়া সম্বন্ধে অতিরিক্ত তথ্য রয়েছে।**

আপনি আপনার অভিযোগের সপক্ষে উপরে উল্লেখিত সময়সীমার মধ্যে অভিযোগ ***প্রক্রিয়ার*** কোনও ***স্তর*** থেকে কোনও প্রতিক্রিয়া না পেয়ে থাকলে, আপনি অভিযোগ ***প্রক্রিয়ার*** পরবর্তী ***স্তরের*** দিকে এগোতে পারেন।

প্রক্রিয়ায় থাকা সমস্ত স্তরের সময়সীমা এবং প্রক্রিয়া সম্বন্ধে আরও বিশদ তথ্য নির্দেশনা 3376R-তে অন্তর্ভুক্ত রয়েছে। এই নির্দেশনার কপিগুলি অভিযোগ কার্যালয় এবং আইনি গ্রন্থাগারে উপলভ্য।

**গোপনীয়তা এবং সহজলভ্যতা**

অভিযোগের ফাইলগুলি গোপনীয় এবং OCGS কর্মী দ্বারা ব্যবহারের জন্য তালাবন্ধ করা চত্বরে রাখা থাকে। যারা ইংরেজিতে কথা বলতে বা লিখতে পারেন না, এবং যাদের অক্ষমতা আছে, তাদের অভিযোগ প্রক্রিয়া ব্যবহারের জন্য প্রয়োজনীয় সহায়তা দেওয়া হবে।

**অভিযোগ বহির্ভুত নালিশ**

OCGS কিছু সমস্যা অভিযোগযোগ্য না হলেও সমস্ত ধরনের নালিশ গ্রহণ করে। এর অর্থ হল OCGS এই নালিশগুলির প্রক্রিয়া করবে এবং আরও তদন্তের জন্য উপযুক্ত ইউনিটে পাঠিয়ে দেবে। উদাহরণস্বরূপ অভিযোগ বহির্ভুত নালিশের মধ্যে রয়েছে স্টেটাস বা কর্মীর শ্রেণীবিভাগ সম্বন্ধে নালিশ যা আরও তদন্তের জন্য OCGS ওয়ার্ডেনের কাছে পাঠিয়ে দেবে। কোনও সমস্যা অভিযোগযোগ্য কিনা সেই বিষয়ে আপনি নিশ্চিত না হলে, অনুগ্রহ করে কাস্টডি স্টেটমেন্ট ফর্মের ব্যক্তিবিশেষকে রেফার করুন অথবা অভিযোগ কর্মীর সঙ্গে কথা বলুন। **<u>আপনি শাস্তিমূলক প্রক্রিয়া সম্বন্ধে অথবা ব্যতিক্রম পাওয়া নিয়ে অভিযোগ দাখিল করতে পারবেন না। আপনি আপীল প্রক্রিয়ার মাধ্যমে ব্যতিক্রমের আবেদন করতে পারেন।</u>**

**অভিযোগের শ্রেণীবিভাগ **অনুগ্রহ করে মনে রাখবেন আপনি শুধুমাত্র অভিযোগযোগ্য শ্রেণীতে আপীল করতে পারবেন।***

**অভিযোগযোগ্য শ্রেণী:**

1. SRG স্টেটাস
2. পোশাক
3. কমিশরি
4. পত্রালাপ / ডাকযোগে চিঠি
5. কর্মসংস্থান
6. পরিবেশগত
7. খাবার
8. কাস্টডি অ্যাকাউন্ট থাকা ব্যক্তি
9. জেলের সময়
10. লন্ড্রি
11. আইনি গ্রন্থাগার
12. চিকিৎসা সংক্রান্ত
13. মানসিক স্বাস্থ্য
14. ব্যক্তিগত স্বাস্থ্যবিধি
15. ফোন
16. কর্মসূচিসমূহ
17. সম্পত্তি
18. বিনোদন
19. ধর্ম
20. নিয়মকানুন
21. স্কুল
22. অনুসন্ধান
23. সামাজিক পরিষেবাদি
24. পরিবহন
25. সাক্ষাৎকার
26. অন্যান্য

**অভিযোগযোগ্য বহির্ভুত শ্রেণী:**

1. নির্যাতনের অভিযোগ
2. যৌন নির্যাতন/যৌন নিগ্রহ (PREA)
3. নিগ্রহের অভিযোগ
4. কর্মী অভিযোগ
5. হেফাজতে থাকা ব্যক্তির বিবাদ
6. হেফাজতে থাকা ব্যক্তির হেফাজতে থাকা অন্য ব্যক্তির উপর যৌন নির্যাতন/যৌন নিগ্রহের অভিযোগ (PREA)
7. হেফাজতে থাকা ব্যক্তির হেফাজতে থাকা অন্য ব্যক্তির উপর মৌখিক নিগ্রহের অভিযোগ
8. একজন অভিপ্রেত নিষিদ্ধ দ্রব্যের প্রাপক হিসাবে স্টেটাস,
   বর্ধিত নিয়ন্ত্রণের স্টেটাস, RED IDবা CMC এর স্টেটাস)
9. চিকিৎসা সংক্রান্ত কর্মী / মানসিক স্বাস্থ্য কর্মী
10. প্রতিরক্ষামূলক হেফাজতের অনুরোধ
11. প্রতিবন্ধকতার কারণে বিশেষ ব্যবস্থার অনুরোধ
12. তথ্যের আইন অনুরোধের স্বাধীনতা

13. আবাসন
14. হেফাজতে থাকা ব্যক্তির অভিযোগ প্রক্রিয়া
15. অন্যান্য

## আইনি গ্রন্থাগার: আইনি রেফারেন্সের উপকরণ এবং সাপ্লাইসমূহ

হেফাজতে থাকে এমন যেকোনও ব্যক্তির কাছে আইনি গ্রন্থাগারের রেফারেন্সগুলির একটি নির্ঘন্ট দেওয়া হবে যে আইনি গ্রন্থাগারে যেতে পারবেন না অথবা কিয়স্ক অ্যাক্সেস করতে পারবেন না। আপনি এলহার্স্ট হাসপাতালের কয়েদি ওয়ার্ডে না থাকলে, আপনার জেলে একটি সম্পূর্ণ আইনি গ্রন্থাগার থাকে যেটিতে আপডেট করা গবেষণা এবং রেফারেন্সের উপকরণ, ফাঁকা আইনি ফর্ম, একটি ফটোকপির মেশিন, কাগজ এবং টাইপরাইটার থাকে। এলহার্স্ট হাসপাতালের কয়েদি ওয়ার্ডে একটি ছোট-আইনি গ্রন্থাগার আছে। যদি সম্পূর্ণ আইনি গ্রন্থাগার থাকা কেন্দ্র ফিরে আসার আগে আপনার এমন উপকরণ প্রয়োজন হয় যা ছোট আইনি গ্রন্থাগারে নেই, সেক্ষেত্রে ছোট আইনি গ্রন্থাগারের আধিকারিককে সহায়তার জন্য অনুরোধ করুন। উপরন্তু, আপনি যদি সেইরকম কোনও সহায়তার প্রয়োজন হয় সেক্ষেত্রে আপনাকে সাহায্যের জন্য সম্পূর্ণ আইনি গ্রন্থাগারগুলির থেকে একজন আইনি কোঅর্ডিনেটরের সঙ্গে সময় নির্ধারণ করা যেতে পারে।

মুদ্রিত উপকরণগুলির স্থানে, DOC কিয়স্কগুলি স্থাপন করেছে যা আইনি গ্রন্থাগার দ্বারা নিয়ন্ত্রিত একটি কম্পিউটার ড্রাইভ থেকে সেই একই আইনি উপকরণগুলিতে বৈদ্যুতিক প্রবেশাধিকার দেয়। আইনি গ্রন্থাগারের রেফারেন্সগুলির একটি নির্ঘন্ট এমন যেকোনও আটক বা দণ্ডিত ব্যক্তিকে প্রদান করা হবে যিনি আইনি গ্রন্থাগারে যেতে পারেন না।

আপনার প্রয়োজনীয় আইনি উপকরণগুলি খুঁজে পেতে সাহায্য করার জন্য এই আইনি গ্রন্থাগারটি একজন প্রশিক্ষিত অসামরিক আইনি কোঅর্ডিনেটর চালান। হেফাজতে থাকা কোনও ব্যক্তির জন্য আইনি গ্রন্থাগারে উপলব্ধ নয় এমন কোনও সংস্থান প্রদান করার জন্য বিভাগ প্রতিটি যুক্তিসঙ্গত চেষ্টা করবে, যারা নিজেদের মামলায় প্রতিনিধিত্ব করছেন।

আইনি গ্রন্থাগার যেদিনগুলিতে খোলা থাকে (মঙ্গলবার থেকে শনিবার) সেইদিনগুলির প্রতিদিন আপনি আইনি গ্রন্থাগারে অন্ততপক্ষে দুই (2) ঘন্টার জন্য যেতে পারেন। আপনার আবাসন চত্বরের সময় যখন নির্ধারিত হবে তখন আপনাকে আইনি গ্রন্থাগারে ডাকা হবে। আইনি গ্রন্থাগারের সময়সূচির একটি কপি সবসময় প্রত্যেকটি জেলের আইনি গ্রন্থাগারে এবং সমস্ত আবাসন চত্বরে পোস্ট করা থাকে।

আইনি গ্রন্থাগারের সমস্ত পরিষেবাদি আপনাকে বিনামূল্যে দেওয়া হয়। আপনি বিভিন্ন ধরনের আইনি রেফারেন্স, প্রায়ই ব্যবহৃত আইনি ফর্মগুলি, আইনি নথিপত্র তৈরি করার জন্য বৈদ্যুতিক টাইপরাইটারগুলি এবং আইনি উপকরণগুলির অগণিত কপি অ্যাক্সেস করতে পারেন। উপরন্তু, আপনার জন্য বৈদ্যুতিকভাবে সংরক্ষিত আবিষ্কারের উপকরণগুলি আপনার কাছে আইনি গ্রন্থাগারে উপলভ্য করে তোলার জন্য আপনার আইনজীবী এখন DOC আইনি বিভাগের সঙ্গে সহযোগিতা করতে পারেন। আপনার আইনি গ্রন্থাগারের সেশন চলাকালীন আইনি গ্রন্থাগারের আপনাকে প্রদান করা একটি ল্যাপটপ কম্পিউটারে এই তথ্য অ্যাক্সেস করার অনুমতি আপনাকে দেওয়া হবে।

আপনি আইনি গ্রন্থাগার থাকার জন্য অতিরিক্ত সময় চাইতে পারেন। আপনি অনুরোধ করলে, যতটা জায়গা থাকবে তার উপর নির্ভর করে অতিরিক্ত সময়ের অনুমতি আইনি গ্রন্থাগারে আপনি পাবেন, যদি না আপনি আইনি গ্রন্থাগারে সময় নষ্ট করা বন্ধ করার সতর্কতায় কোনও মনোযোগ দিয়ে থাকেন। আদালতের সময়সীমা আসন্ন এমন ব্যক্তিদের মতো অতিরিক্ত সময় অবিলম্বে প্রয়োজন এমন ব্যক্তিরা আইনি গ্রন্থাগারে অতিরিক্ত সময় পাওয়ার ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন।

আইনি গ্রন্থাগারে যাওয়ার জন্য অনুরোধ করতে, আপনাকে অবশ্যই লকআউটের সময় সাইন আপ করতে হবে। যখন আপনি আপনার নাম আইনি গ্রন্থাগারের সাইন-আপ শীটে লিখবেন, তখন আসলে আপনি আইনি গ্রন্থাগারে পরের সেই দিনের জন্য স্বাক্ষর করছেন যেদিন আইনি গ্রন্থাগার খোলা থাকবে।

আপনি অন্য কোনও বৈধ প্রাতিষ্ঠানিক কার্যকলাপের সাথে অসামঞ্জস্যতা, চিকিৎসা সংক্রান্ত বা আইনি কার্যধারার কারণে আপনার নিয়মিত সূচিত আইনি গ্রন্থাগার সময়ের মেয়াদ রাখতে না পারলে, আপনি পরে ওই একই দিনে অথবা পরবর্তী পুনরাহ্বানের সময়কালে আবশ্যিক দুই (2) ঘন্টার জন্য আইনি গ্রন্থাগারে যেতে পারবেন।

যখন আইনি গ্রন্থাগারে যাওয়ার সময় আসবে তখন আপনার আবাসন চত্বরে নির্ধারিত সংশোধনী আধিকারিক আপনাকে সতর্ক করে দেবেন। ঘোষণা করার সময় আপনি সেখানে থাকলে এবং উপস্থিত হবেন না বলে নির্বাচন করলে, পুনরায় ডাক পাওয়ার অধিকার আপনার থাকবে ন।

আপনি আইনি গ্রন্থাগারের সাইন-আপ শীট সরিয়ে দেওয়ার পরে আদালত থেকে আবাসন চত্বরে ফিরে এলে (অর্থাৎ মাঝরাতের পরে), এবং আপনি আফনার আবাসন চত্বরের আধিকারিককে আইনি গ্রন্থাগারে পরের দিন যাওয়ার জন্য অনুরোধ করলে, পরের যেদিন আইনি গ্রন্থাগার খোলা থাকবে সেদিন আপনি সেখানে যেতে পারবেন, যেহেতু আপনি সাইন-আপ শীটে আগে থেকেই স্বাক্ষর করেছিলেন।

প্রত্যেকটি আইনি গ্রন্থাগারে একজন করে প্রশিক্ষিত আইনি সহায়ক এবং টাইপিস্ট থাকেন যিনি আইনি নথিপত্র প্রস্তুতির পাশাপাশি কিছুটা স্প্যানিশভাষায় কথা বলার মতো উভয় ক্ষেত্রেই হেফাজতে থাকা ব্যক্তিকে সাহায্য করতে পারেন।
এছাড়াও আইনি গবেষণার ক্লাসগুলির সময় সূচিত হলে আপনি সেগুলিতে যোগদান করতে পারেন। সফলভাবে সম্পূর্ণ করলে আপনাকে একটি আইনি গবেষণার শংসাপত্র দেওয়া হবে।

যদি আপনি আইনি গ্রন্থাগারের নিয়মগুলি অনুসরণ না করেন, আপনি আইনি গ্রন্থাগারের ক্রমানুসারি কার্যকলাপকে ব্যাহত করেন অথবা আইনি গ্রন্থাগারকে আইনি কার্যকলাপ ব্যতীত অন্য কোনও কাজে ব্যবহার করেন, তাহলে আপনার আইনি গ্রন্থাগারের বাকি সম্পূর্ণ মেয়াদে আপনাকে আইনি গ্রন্থাগার থেকে সরিয়ে দেওয়া হবে। এছাড়াও দীর্ঘসময়ের জন্য আইনি গ্রন্থাগারের ব্যবহার আপনার জন্য সীমিত হয়ে যেতে পারে।

## আইনজীবীর সাক্ষাৎকার

আপনার আইনজীবী, আপনার আইনজীবীর সঙ্গে কর্মরত একজন প্যারালিগাল অথবা একজন সমাজকর্মী আপনার সঙ্গে আপনি যে কেন্দ্রে আটক আছেন সেখানে গিয়ে সপ্তাহে 7 দিন সকাল ৪টা থেকে রাত ৪টার মধ্যে দেখা করতে পারেন। এছাড়াও একবার আইনজীবীর সাক্ষাৎকারের জন্য আপনার আইনজীবী আপনাকে কোর্টহাউসে উপস্থিত করার অনুরোধ করতে পারেন অথবা আপনার সঙ্গে একটি ভিডিও-টেলিকনফারেন্সের মাধ্যমে মিটিংয়ের অনুরোধ করতে পারেন। ভিডিও টেলিকনফারেন্সের মাধ্যমে আপনার আইনজীবী কোর্টহাউসে থাকাকালীন আপনি কেন্দ্রে বসে সেখানকার একটি টেলিভিশন স্ক্রিনে তাকে দেখতে এবং শুনতে পাবেন। আপনি আপনার আইনজীবীকে সশরীরে দেখতে চাইলে, আপনাকে অবশ্যই তার সঙ্গে কথা বলতে হবে এবং তিনি যাতে আপনার সঙ্গে দেখা করেন তার জন্য অনুরোধ করতে হবে। এই সাক্ষাৎকারগুলি আপনার অনুমোদিত সাক্ষাৎকারের সংখ্যার মধ্যে পরিগণিত হবে না।

***দ্রষ্টব্য:*** বিকেলের গণনার সময় আইনজীবীর সাক্ষাৎকারগুলি ব্যবস্থা করা হবে, যেটির সময় বিকেল 3টা।

## আত্মহত্যা প্রতিরোধ

আপনার যদি মনে হয় নিজেকে আঘাত করছেন অথবা নিজেকে খুব হতাশ মনে হয় বা আপনি আত্মহত্যা করার কথা ভাবেন, তাহলে অবিলম্বে মানসিক স্বাস্থ্য পরিষেবাদির সঙ্গে দেখা করার অনুরোধ করুন।

যদি আপনি বিশ্বাস করেন যে হেফাজতে থাকা অন্য কোনও ব্যক্তি নিজেকে মারার বা আহত করার কথা ভাবছে, তাহলে অবিলম্বে আপনার আবাসন চত্বরের আধিকারিককে অথবা বিভাগের কিংবা চিকিৎসা সংক্রান্ত যেকোনও কর্মীকে বলুন।

এখানে কিছু উপায় দেওয়া হল যা দিয়ে আপনি বলতে পারেন কোনো ব্যক্তি আত্মহত্যা করার কথা ভাবতে পারে। তিনি/তার:

- সবকিছু দূরে সরাতে অথবা বিদায় জানাতে শুরু করতে পারেন
- নিজেকে আঘাত করার চেষ্টা করতে পারেন
- নিজেকে মেরে ফেলার হুমকি দিতে পারেন
- হতাশ হয়ে যেতে পারেন
- নিকটবর্তী কাউকে হারানোর অভিজ্ঞতা হতে পারে
- প্রেমের সম্পর্ক শেষ হয়ে যেতে পারে
- সাক্ষাৎকার বা টেলিফোন কলের মাধ্যমে খারাপ সংবাদ শুনে থাকতে পারেন।

যে ব্যক্তিদের আত্মহত্যার ঝুঁকি আছে তারা প্রায়ই কোনও সাক্ষাৎকারের পরে, আদালতের পরে, চিঠির ডাকের পরে, ছুটির পরে, ফোন কলের পরে, ভ্রমণ পরিবর্তনের সময়, মাঝরাতের ভ্রমণে অথবা নতুন ভর্তি হিসাবে এই লক্ষণগুলি দেখায়। এই লক্ষণগুলি একজনের আত্মহত্যা করার লক্ষণ হিসাবে বিবেচিত হলেও তা অন্য সময়েও দেখা যায়, তাই এই সময়গুলিতে খুব কাছ থেকে লক্ষ্য করা জরুরি।

## কাউন্সেলিং পরিষেবাদি

DOC কাউন্সেলররা আপনার পরিবারের সঙ্গে সংযোগ রক্ষায় সহায়তা, DOC হেফাজতে থাকা আপনার সম্পত্তি কম্যুনিটিতে আপনার পরিবার এবং/অথবা বন্ধুদের কাছে মুক্ত করা, DOC হেফাজতে থাকা আপনার কমিশরি অ্যাকাউন্টের ফান্ড/তহবিল কম্যুনিটিতে আপনার পরিবার এবং/অথবা বন্ধুদের কাছে মুক্ত করা, বিবাহ করার জন্য আবেদনপত্র সম্পূর্ণ করা এবং সংকটের সময় কাউন্সেলিং দেওয়ার মতো সামাজিক পরিষেবা দিয়ে আপনাকে সহায়তা প্রদান করতে পারেন। কাউন্সেলররা আপনাকে হাসপাতালে গুরুতরভাবে অসুস্থ এবং মারা যাওয়ার সম্ভাবনা আছে এমন পরিবারের সদস্যের সঙ্গে সাক্ষাৎ করার জন্য, অথবা ওয়েক অনুষ্ঠানে অথবা অন্ত্যেষ্টিক্রিয়ায় উপস্থিত থাকার জন্য ***অনুরোধ*** করতে সাহায্য করতে পারেন।

আপনি অথবা আপনার পরিবারের সদস্যের যদি শ্রবণে, অথবা কথা বলায় অক্ষমতা থাকে, দৃষ্টিশক্তি দুর্বল অথবা দৃষ্টিশক্তিহীন হন, অথবা গতিবিধিতে প্রতিবন্ধকতা থাকে এবং কোনও ছড়ি, ক্রাচ, ওয়াকার অথবা হুইলচেয়ার ব্যবহার করতেই হয়, তাহলে কাউন্সেলররা আপনাকে/আপনাদের প্রতিবন্ধীদের জন্য বিশেষ ব্যবস্থার অনুরোধ সম্পূর্ণ করতে সহযোগিতা করবেন এবং TTY ফোনগুলি অ্যাক্সেস করতে সাহায্য করবেন। (**প্রতিবন্ধকতার অধিকার** বিভাগটি দেখুন।)

আপনার সন্তানরা ফস্টার কেয়ারে থাকলে, আপনার সন্তানদের সঙ্গে সাক্ষাৎকারগুলি নিয়ে আপনার মনোনীত কেসকর্মীর সঙ্গে একজন কাউন্সেলর যোগাযোগ করতে পারেন। এছাড়াও পরিবার আদালতের তারিখগুলিতে উপস্থিত থাকার সঙ্গে সম্পর্কিত প্রয়োজনীয় পদক্ষেপগুলি সম্বন্ধে কাউন্সেলররা আপনাকে এবং আপনার কেসকর্মীকে জানাতে পারেন। (**পরিবারিক ইভেন্ট** বিভাগটি দেখুন)

তারা কারাবাসের চিঠিগুলির যাচাইকরণও প্রদান করতে পারেন, যা পুনর্বাসন কর্মসূচি, স্কুল এবং অ্যাপয়েন্টমেন্টের সময় রাখতে না পারার জন্য কোথায় ছিলেন তার উত্তরে প্রমাণ দেওয়ার জন্য আপনার প্রয়োজন হতে পারে।

স্বতন্ত্র এবং দলগত কাউন্সেলিং পরিষেবার পাশাপাশি আপনার সামাজিক পরিষেবার প্রশ্নগুলিতে আপনাকে সাহায্য করার জন্য কাউন্সেলররা আপনার আবাসন চত্বরে যাবেন। আপনার কেন্দ্রের উপর নির্ভর করে, আপনি একটি রেফারেল স্লিপ ব্যবহার করে একজন কাউন্সেলরের সঙ্গে দেখা করার জন্য সাইন-আপ করার সুযোগও পেতে পারেন। রেফারেল স্লিপ পাওয়ার পরে, একজন কাউন্সেলর আপনার আবাসন ইউনিটে আসবেন এবং আপনার প্রয়োজনীয়তাগুলি সমাধানের চেষ্টা করবেন।

কাউন্সেলররা আপনাকে কম্যুনিটি-নির্ভর কর্মসূচিগুলিতে রেফারেল দিতে পারে যেখানে আপনি আপনার মুক্তির পরে সহায়তা পেতে পারেন।

## তাৎপর্যপূর্ণ পারিবারিক ইভেন্ট

পরিবারের কোনও সদস্যের অথবা তাৎপর্যপূর্ণভাবে অন্যদের (যোগ্য পরিবারের সদস্যের মধ্যে অন্তর্ভুক্ত: পিতামাতা, শ্বশুর-শাশুড়ি, দাদু-ঠাকুমা, ভাই, বোন, অভিভাবক এবং প্রাক্তন অভিভাবক, সন্তানাদি, নাতি-নাতনি, পুত্রবধূ-জামাতা, কাকিমা বা কাকা, স্বামী-স্ত্রী, যদি সম্পর্কের প্রমাণপত্র পাওয়া যায় সেক্ষেত্রে গার্হস্থ্য সঙ্গী সমেত) অন্ত্যেষ্টিক্রিয়া বা ওয়েক অনুষ্ঠানে উপস্থিত থাকতে চাইলে অথবা সেই তালিকায় থাকা কোনও গুরুতর অসুস্থ আত্মীয়ের সঙ্গে দেখা করতে চাইলে, আপনাকে পাহারা দিয়ে সাক্ষাতে নিয়ে যাওয়ার জন্য বিভাগের কাছে আপনি আবেদন করতে পারেন। আপনাকে অবশ্যই সেই অসুস্থ অথবা মৃত আত্মীয়ের সঙ্গে আপনার সম্পর্কের প্রমাণ দিতে হবে।

বিভাগীয় প্রধান অথবা তার মনোনীত ব্যক্তি আপনার অনুরোধটি পর্যালোচনা করে দেখবেন এবং নিরাপত্তা, চিকিৎসা সংক্রান্ত, মানসিক স্বাস্থ্য, DOC সংস্থান এবং অন্যান্য প্রাসঙ্গিক পরিস্থিতির উপর নির্ভর করে সিদ্ধান্ত নেবেন।

আপনার জেলের কাউন্সেলিং ইউনিট এই ধরণের ঘটনায় অনুরোধ করার কাজে আপনাকে সাহায্য করতে পারে। অন্ত্যেষ্টিক্রিয়ায় অথবা ওয়েক অনুষ্ঠানে উপস্থিত হওয়ার সময় অথবা কোনও অসুস্থ আত্মীয়কে দেখতে যাওয়ার সময় আপনি অসামরিক পোশাক পরবেন। কেন্দ্রে আপনার কাছে কোনও উপযুক্ত পোশাক না থাকলে, আপনি সাক্ষাতে যাওয়ার আগে পোশাক পাওয়ার ব্যবস্থা করতে পারেন।

একই ব্যক্তির অন্ত্যেষ্টিক্রিয়া এবং ওয়েক উভয়তেই উপস্থিত থাকার অনুমতি আপনার নেই। অনুরোধ জমা দেওয়ার সময় আপনাকে আপনার পছন্দ উল্লেখ করতে হবে।

আপনি উপরে তালিকাভুক্ত আত্মীয়দের মধ্যে যে কোনও ব্যক্তিকে একবার একটি হাসপাতালে অথবা অনুরূপ প্রতিষ্ঠানে দেখতে যেতে পারেন যখন সেই ব্যক্তির অসুস্থতা অথবা দুর্ঘটনার কারণে মারা যাওয়ার সম্ভাবনা থাকে এবং আপনার না যাওয়া চিকিৎসা সংক্রান্ত কোনও কারণ থাকে। পরিস্থিতিগুলির সঙ্গে আপনার দ্বিতীয়বার যাওয়া ন্যায়সঙ্গত কিনা তা বিভাগীয় প্রধান অথবা তার মনোনীত ব্যক্তির সিদ্ধান্ত নেওয়ার উপর নির্ভর করবে।

আপনাকে, সেই ইভেন্টে যাওয়ার জন্য অনুমতি নেওয়ার অর্ডারগুলি প্রস্তুতে সাহায্যকারী কোনও বন্ধু অথবা আত্মীয়, বা আদালতকে অবশ্যই বিভাগের কাছে নিম্নলিখিত তথ্য প্রদান করতে হবে:

- অসুস্থ, মৃত অথবা সাক্ষাৎকারী ব্যক্তির নাম

- আপনার সঙ্গে সেই ব্যক্তির সম্পর্ক এবং সম্পর্কের প্রমাণপত্র (উদাহরণস্বরূপ বার্থ সার্টিফিকেট, বিয়ের লাইসেন্স এবং সম্পর্ক যাচাই করে এমন অন্যান্য আইনি নথি)
- মৃত্যুর যাচাইকরণ, প্রযোজ্য হলে।
- অন্ত্যেষ্টিক্রিয়া, ওয়েক অথবা পরিষেবাদির তারিখ এবং সময় এবং অন্ত্যেষ্টি কক্ষ, প্রার্থনার স্থান অথবা অন্য স্থানের ঠিকানা এবং টেলিফোন নম্বর।
- আপনি যে জেলে আটক আছেন সেখানে আপনার পরিবার সেই অসুস্থ অথবা মৃত আত্মীয়ের সঙ্গে আপনার সম্পর্কের প্রমাণপত্র নিয়ে আসতে না পারলে, তারা সেই প্রমাণপত্রটি যেকোনও জেলের সাধারণ কার্যালয়ে অথবা Rikers Island এর স্যামুয়েল পেরি কন্ট্রোল বিল্ডিংয়ে নিয়ে যেতে পারেন। সাধারণ কার্যালয় সেই নথিগুলি আপনার জেলের কাউন্সেলিং ইউনিটে ফ্যাক্স করে পাঠিয়ে দেবে।

আপনি অন্ত্যেষ্টি পরিষেবায় অথবা হাসপাতালের সাক্ষাতে একটি যুক্তিসঙ্গত সময় কাটানোর অনুমতি পাবেন, তবে তা 1 ঘন্টার বেশি নয়। আপনি যদি অত্যন্ত অসুস্থ কোনও ব্যক্তির সঙ্গে দেখা করেন, সেক্ষেত্রে আপনার সাক্ষাতের সময় চিকিৎসাকারী চিকিৎসকের দ্বারা অথবা হাসপাতালের নিয়ম অনুযায়ী সীমিত হয়ে যেতে পারে।

এই বিভাগে ব্যাখ্যা করা কোনও সাক্ষাৎ করার অনুরোধ অস্বীকার করা হলে তার একটি ব্যাখ্যা আপনাকে দেওয়া হবে।

যদি নিউ ইয়র্ক স্টেটের মধ্যে সাক্ষাৎকারের ব্যবস্থা হয়, সমস্ত নথিপত্র যথাযথ থাকে এবং কার্যালয়ের প্রধান অনুমোদন দেন, তাহলে আপনাকে DOC এর নীতি অনুযায়ী পাহারা দিয়ে নিয়ে যাওয়া হবে। সাক্ষাৎকারটি তত্ত্বাবধানের জন্য কেন্দ্রের কর্মীকে নির্ধারণ করা হবে যিনি সাক্ষাতের সময় কোনও নিষিদ্ধ কার্যকলাপ হচ্ছে কিনা তা লক্ষ্য করবেন এবং উপযুক্ত হলে বন্দী ব্যক্তির সাক্ষাৎকারটি বন্ধ করার পরামর্শ দেবেন। সাক্ষাতের সময় অপরাধীরা তাদের পরিবারের সদস্য বা জনসাধারণের মধ্যে থাকা অন্য সদস্যের থেকে কোনো খাবার, পানীয়, উপহার বা অর্থ নিতে পারবেন না।

## কেন্দ্রীয়ভাবে নজরবন্দী কেসসমূহ

যদি বিভাগ বিশ্বাস করে, আপনার উপর মনোযোগ সহকারে লক্ষ্য রাখা উচিত কারণ আপনি কিভাবে কার্যকলাপ করবেন অথবা অন্যান্যরা আপনার প্রতি কী আচরণ করবেন সেই বিষয়ে বিভাগের অনুমান আছে, সেক্ষেত্রে বিভাগ আপনাকে কেন্দ্রীয়ভাবে নজরবন্দী কেস (Centrally Monitored Case, CMC) হিসাবে সনাক্ত করতে পারে এবং কেন্দ্রে এবং কেন্দ্রের বাইরে চলাচল করার সময় উভয় ক্ষেত্রেই কাছ থেকে আপনার গতিবিধি লক্ষ্য করতে পারে। আপনি একজন CMC হিসাবে নির্ধারিত হলে, কেন্দ্রের ভিতরে বা বাইরে একটি স্থান থেকে অন্য স্থানে যাওয়ার সময় আপনাকে অতিরিক্ত নিয়ন্ত্রণের মধ্যে রাখা হতে পারে।

যখন আপনি প্রথমবার একজন CMC হিসাবে সনাক্ত হবেন, বিভাগ আপনাকে সেই সিদ্ধান্ত সম্বন্ধে 72 ঘন্টার মধ্যে লিখিতভাবে জানাবে। আপনি একটি “CMC নির্ধারণের বিজ্ঞপ্তি” এর ফর্ম পাবেন যেটিতে বর্ণনা করা হবে কেন আপনাকে একজন CMC হিসাবে নির্ধারণ করা হয়েছিল এবং সেই সিদ্ধান্ত নেওয়ার জন্য কী প্রমাণ ব্যবহৃত হয়েছিল। এছাড়াও আপনি চাইলে কিভাবে সেই সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারবেন তা ফর্মটিতে ব্যাখ্যা করা থাকবে।

আপনার কেসটি স্বয়ংক্রিয়ভাবে প্রত্যেক 4 সপ্তাহ অন্তর পর্যালোচনা করা হবে।

আপনি আপনার CMC স্থিতি নিয়ে লিখিতভাবে ব্যুরো চিফ অফ সিকিউরিটির কাছে আপীল করতে পারেন। এই উদ্দেশ্যে কোনও ফর্ম পাওয়া যায় না। আপনি আপিল করার সময়েও একজন CMC থাকবেন। আপনি আপনার লিখিত আবেদন

করার 15 দিনের মধ্যে একটি লিখিত সিদ্ধান্ত পাবেন, এক্ষেত্রে সপ্তাহান্ত এবং ছুটির দিন গণনা করা হবে না। "আবেদন পর্যালোচনার সিদ্ধান্ত সংক্রান্ত বিজ্ঞপ্তি" এর ফর্মে সিদ্ধান্তটি দেওয়া থাকবে।

## কমিশরি এবং অ্যাকাউন্ট জমা দেওয়ার পরিষেবাদি

আপনার কেন্দ্রে "কমিশরি" নামে একটি পরিষেবা আছে, যেখানে আপনি স্যুপ, দাঁতের মাজন, সুগন্ধী, খাবার, পানীয় এবং স্টেশনারির মতো জিনিসগুলি কিনতে পারেন। আপনি কিনতে পারেন এমন প্রত্যেকটি পণ্যের একটি করে নমুনা দেখতে পাবেন, যা কমিশরি চত্বরে প্রদর্শন করা থাকে। কমিশরির সময়সূচি আপনার আবাসন চত্বরে পোস্ট করা থাকে এবং কমিশরিতে উপলব্ধ পণ্যগুলির একটি তালিকা তাতে দেওয়া থাকে। কমিশরির তারিখে আপনার আদালতে যাওয়ার তারিখ নির্ধারিত হলে, আপনি "পুনরাহ্বান" করার যোগ্য হবেন, অর্থাৎ: অন্য সময়ে কমিশরিতে যেতে পারবেন যখন আপনার কেন্দ্র আপনার সেখানে যাওয়ার জন্য ব্যবস্থা করতে পারবে। আপনার আবাসন চত্বরে কমিশরিতে যাওয়ার দিন এবং সময়টি জানতে পোস্ট করা সময়সূচি দেখুন।

আপনি বিশেষ আবাসন চত্বরে নির্ধারিত হয়ে থাকলে, নিজে কমিশরিতে যাওয়ার জন্য আপনি অনুমোদিত নাও হতে পারেন। সেক্ষেত্রে আপনি আপনার আবাসন চত্বরে একটি কমিশরির ফর্ম পূরণ করবেন এবং আপনার অর্ডার করা পণ্যগুলি আপনার আবাসন চত্বরে পাঠিয়ে দেওয়া হবে।

এই আইটেমগুলির অর্থ পরিশোধ করতে, আপনার কাছে একটি কমিশরি অ্যাকাউন্ট থাকবে যেটির ফান্ড/তহবিল কেন্দ্রে আপনার নাম নথিভুক্ত হওয়ার মুহূর্ত থেকেই আপনার অধিকারে থাকবে, এই ফান্ড/তহবিলের অর্থ বন্ধু বা পরিবারের সদস্যরা জমা দেয় এবং কেন্দ্রের মধ্যে নির্ধারিত চাকরিতে কাজ করার মধ্য দিয়েও ফান্ড উপার্জিত হয়। আপনার অ্যাকাউন্টটি আপনার কেন্দ্রে ক্যাসিয়ারের অফিসে আপনার বই এবং কেস নম্বরের অধীনে রাখা হয়। আপনি এই বিভাগের মধ্যে অন্য কোনও কেন্দ্রে স্থানান্তরিত হলে, আপনার অর্থ আপনার সঙ্গেই নতুন স্থানে যাবে। আপনার স্থানান্তরের পরে আপনার অ্যাকাউন্টে আপনার অর্থ না থাকলে, কাউন্সেলিং কর্মীর কোনও সদস্যের সঙ্গে ফলো আপের জন্য যোগাযোগ করুন।

আপনার বন্ধু এবং পরিবার দেখা করতে এলে অথবা বিভাগের লুকআপ পরিষেবার মাধ্যমে অনলাইনে অথবা ডাকযোগে আপনার কমিশরি অ্যাকাউন্টে অর্থ জমা দিতে পারেন। একজন সাক্ষাৎকারী ব্যক্তি আপনার সঙ্গে দেখা করতে এসে আপনার অ্যাকাউন্টে নগদ অর্থ জমা দিতে পারেন এবং সেই ফান্ড/তহবিলগুলি আপনার ব্যবহারের জন্য পরের দিন উপলব্ধ হবে। ডাকযোগে আপনাকে পাঠানো অর্থ অবশ্যই মানি অর্ডার করতে হবে, যেটি **(আপনার নাম)**-এ ডাকযোগে পাঠানো হবে। সব ধরনের মানি অর্ডারে $1,000 এর মধ্যে যেকোনও অঙ্ক গ্রহণ করা হয়। ডেলিভারি হলে, আপনার চিঠি খোলা হবে এবং আপনার উপস্থিতিতে খোলা হবে। আপনি যে অর্থ পেয়েছেন এবং সেটি আপনার অ্যাকাউন্টে জমা দেওয়া হয়েছে তার প্রমাণপত্র হিসাবে ডাক আধিকারিক আপনাকে একটি রসিদ দেবেন। মানি অর্ডার হিসাবে পাঠানো অর্থ সেটির রসিদের 5টি কার্যদিবসের পরে উপলব্ধ হবে।

**একটি DOC কেন্দ্র আপনার আটক থাকাকালীন সময়, কিছু পরিষেবার জন্য আপনার কমিশরি অ্যাকাউন্ট থেকে আপনাকে অর্থ ধার্য করা হবে, যেমন চুল কাটা। আপনার অ্যাকাউন্টে কোনও ফান্ড/তহবিল না থাকলেও, আপনি পরিষেবা পেতে পারেন, তবে আপনার অ্যাকাউন্টে সেই অর্থ বকেয়া হিসাবে লেখা থাকবে। আপনার অ্যাকাউন্টে ফান্ড/তহবিল জমা দেওয়া হলে, আগের পরিষেবাগুলির জন্য বকেয়া মূল্য আগে**

**<u>পরিশোধ করা হবে এবং আপনার আমানত থেকে তা কেটে নেওয়া হবে। এই ধার্য করা মূল্যগুলি পরিশোধ না করা পর্যন্ত আপনার অ্যাকাউন্টেই থাকবে, এমনকী আপনি কোনও DOC কেন্দ্র থেকে ছাড়া পেলেও।</u>**

### আমানতের পরিষেবাদি

DOC হেফাজতে থাকা ব্যক্তিদের অ্যাকাউন্টগুলির জন্য আমানত গ্রহণ করতে DOC একাধিক অর্থ হস্তান্তরের এজেন্টদের সঙ্গে বন্দোবস্ত করেছে। ক্যাসিয়ার অফিসগুলির কোনও একটিতে যাওয়ার বদলে, বন্ধু এবং পরিবারের সদস্যরা এই পরিষেবাগুলি ব্যবহার করতে পারেন। এই পরিষেবাদি প্রদান করার দু'জন প্রদানকারী হল JPay এবং Western Union।

### আমানত জমা দেওয়ার পদ্ধতিসমূহ

পরিষেবা প্রদানকারীর উপর নির্ভর করে, অনলাইনে অথবা ফোন করে, কোনও প্রবেশসাধ্য কেন্দ্রে গিয়ে অথবা কোনও DOC ক্যাসিয়ার অফিসের কিয়স্ক ব্যবহার আমানত জমা দেওয়া যেতে পারে। আমানতকারীকে অবশ্যই হেফাজতে থাকা ব্যক্তির নাম এবং পদবির পাশাপাশি সেই ব্যক্তির বই এবং কেস নম্বর দিতে হবে।

| | ***JPay*** | ***Western Union*** |
|---|---|---|
| অনলাইন আমানত: ক্রেডিট অথবা ডেবিট কার্ড | উপলভ্য | উপলভ্য |
| ফোনের মাধ্যমে আমানত: ক্রেডিট অথবা ডেবিট কার্ড | উপলভ্য | উপলভ্য |
| ওয়াক-ইন কেন্দ্রসমূহ: ক্রেডিট অথবা ডেবিট কার্ড, নগদ অর্থ | উপলভ্য | উপলভ্য |
| ক্যাসিয়ার অফিসের কিয়স্ক: কেবলমাত্র নগদ অর্থ | উপলভ্য | TBD |

### ফী

সমস্ত আমানত পরিষেবাদির জন্য অর্থমূল্য দিতে হয়। একজন পরিষেবা প্রদানকারীর থেকে অন্যজনে এই অর্থমূল্যের পার্থক্য হয়।

### যোগাযোগের তথ্য

DOC একজন পরিষেবা প্রদানকারীকে বাদ দিয়ে অন্যজনের পরামর্শ দেয় না। যদি কেউ আপনার অ্যাকাউন্টে এই দুজনের (2) মধ্যে একজন পরিষেবা প্রদানকারীকে ব্যবহার করে অর্থ জমা দিতে চান, তাহলে আপনি তাদের যোগাযোগের তথ্য প্রদান করতে পারেন।

| | ***JPay*** | ***Western Union*** |
|---|---|---|
| ফোন নম্বর | (800) 574-JPAY | (800) 634-3422 |
| ওয়েবসাইটের ঠিকানা | www.jpay.com | www.westernunion.com |

## কর্মসূচিসমূহ এবং মুক্তির পরিকল্পনা

আপনি বন্দী থাকাকালীন অবস্থায় সংশোধনী বিভাগের কাছে আপনার জন্য বিভিন্ন ধরনের কর্মসূচি রয়েছে। এগুলিতে অর্ন্তভুক্ত রয়েছে শিক্ষামূলক, বৃত্তিমূলক, বিনোদনমূলক, কাউন্সেলিং কর্মসূচি এবং সমৃদ্ধকরণের কার্যকলাপ। নিচে বেশিরভাগ কেন্দ্রে উপলভ্য কিছু প্রধান কর্মসূচির একটি তালিকা দেওয়া হল। মনে রাখবেন যে বিভিন্ন কর্মসূচির বিভিন্ন মানদণ্ড এবং

প্রত্যেকটি কর্মসূচির প্রত্যেক ব্যক্তির জন্য উন্মুক্ত নয় অথবা প্রত্যেকটি জেলে উপলভ্য নয়। এগুলি অথবা অন্যান্য কর্মসূচিগুলি সম্বন্ধে আরও জানতে, আপনার কেন্দ্রের কাউন্সেলর বা কর্মসূচির কর্মীর কাছে যান।

- ***কাউন্সেলিং এবং সামাজিক পরিষেবাদি:*** DOC হেফাজতে আপনার থাকাকালীন সময়ে, একজন কাউন্সেলরের সঙ্গে দেখা করার একটি সুযোগ আপনি পাবেন। কাউন্সেলররা সামাজিক পরিষেবাদি দিয়ে আপনাকে সহায়তা করতে পারে, যার অনুরোধ আপনি করে থাকতে পারেন। এছাড়াও তারা দলগতভাবে এবং এককভাবে কাউন্সেলিংয়ে অংশগ্রহণ করার সুযোগ দেবেন। আরও জানতে কাউন্সেলিং পরিষেবাদির উপর বিভাগটি পড়ুন।
- ***বিনোদন:*** প্রত্যহ বিনোদনের জন্য 1 ঘন্টা করে (বিশদের জন্য পৃ. 37 দেখুন) প্রবেশাধিকারের সাথে অতিরিক্তভাবে, DOC বিনোদনের কর্মী আবাসন চত্বরের ভিতরে এবং বাইরে, জিমে এবং বিনোদন চত্বরগুলির বাইরে কাঠামোগত কার্যকলাপগুলি সহজতর করেছে। বিনোদনের মধ্যে অন্তর্ভুক্ত বাস্কেটবল টুর্নামেন্ট, দাবা খেলা, তাশের টুর্নামেন্ট, উনো এবং বিভিন্ন ব্যায়াম।
- ***সৃজনশীল শিল্প:*** DOC কর্মী এবং কম্যুনিটি-নির্ভর শিল্পীরা অভিনয়, আঁকা প্রতিযোগীতা এবং আরো অনেক কিছুর মতো বিভিন্ন ধরনের কার্যকলাপের প্রস্তাব দিয়ে থাকেন। আপনার আগ্রহের পশ্চাদ্ধাবন করতে এবং মানসিক চাপ মুক্ত হতে এই ক্লাসগুলিতে যোগ দিন।
- ***আগ্রহ-নির্ভর পরিষেবাদি:*** DOC এমন বিভিন্ন ধরনের কর্মসূচির প্রস্তাব দিয়ে থাকে যা ব্যক্তিদের নিজস্ব অনন্য আগ্রহের পশ্চাদ্ধাবন করতে সক্ষম করে। কেন্দ্রের উপর নির্ভর করে, এই কর্মসূচিগুলির মধ্যে বেসরকারি গ্রন্থাগারের পরিষেবাদি, বিতর্কের দল, যোগব্যায়ামের ক্লাস, সৃজনশীল লেখা, লেখালেখির কার্যশালা এবং আরো অনেককিছু রয়েছে।
- ***ভেটেরানের পরিষেবাদি:*** আপনি একজন ভেটেরান হলে, আপনি ভেটেরানদের প্রশাসন (Veterans Administration) এবং ভেটেরানদের সহযোগিতা করে এমন অন্যান্য সংস্থাগুলির থেকে বিশেষ পরিষেবাদি পাওয়ার যোগ্য হতে পারেন। আরও জানতে, অনুগ্রহ করে কোনও DOC কর্মী সদস্যকে জিজ্ঞাসা করুন।
- ***পুনঃপ্রবেশ পরিষেবা:*** আপনার বন্দী থাকাকালীন অবস্থা এবং তারপরের সময়ে সহযোগিতা করার জন্য পরিকল্পিত, পুনঃপ্রবেশের কর্মসূচিগুলি চাকরির প্রস্তুতি, রাগ নিয়ন্ত্রণ, স্বাস্থ্য এবং সুস্থতা, পেরেন্টিং এবং অন্যান্য বিষয়ের উপর বিভিন্ন ধরনের কার্যশালার ব্যবস্থা করে। এছাড়াও আমরা মুক্তির পরিকল্পনা সংক্রান্ত পরিষেবাদি এবং কম্যুনিটি-নির্ভর সংস্থাগুলির সঙ্গে সংযোগ করার প্রস্তাব দিয়ে থাকি যা আপনাকে কর্মনিযুক্তি, আবাসন এবং মুক্তির পরে প্রয়োজন হতে পারে এমন অন্যান্য প্রয়োজনীয়তাগুলিতে সহায়তা করতে পারে।

## পুনঃপ্রবেশের অতিরিক্ত সংস্থান

এছাড়াও সমস্ত এজেন্সিগুলির তালিকা সমেত সংস্থানের দুটি গাইডবুক DOC কেন্দ্রগুলিতে পাওয়া যায়, যেগুলি জেল থেকে ফেরা মানুষদের নিজের কম্যুনিটিতে যেতে সাহায্য করার জন্য তথ্য প্রদান করে। "বিয়ন্ড দ্য ব্রিজ" পুস্তিকাটি, আপনার ভর্তির পরে আপনাকে দেওয়ার কথা। আপনি সেটির কোনও কপি না পেয়ে থাকলে, আপনার কাউন্সেলরকে একটি কপির জন্য বলুন, যেটি আপনি আপনার সঙ্গে মুক্তির সময় অথবা স্থানান্তরের সময় নিয়ে যেতে পারেন। সংযোগের গাইডটি আইনি গ্রন্থাগার অথবা কাউন্সেলরের অফিস থেকে ধার করা যেতে পারে। এছাড়াও আপনি মুক্তির পরে একটি কপি পাবেন।

যদি আপনি ছাড়া পেয়ে যান এবং জেলে থাকাকালীন মুক্তির পরিকল্পনায় সহায়তা না পেয়ে থাকেন, তাহলেও আপনি 311 নম্বরে ফোন করে "জেল মুক্তির পরিষেবাদি" এর জন্য অনুরোধ করে সহায়তা পেতে পারেন। অপারেটর যাতে উপযুক্ত পরিষেবায় আপনাকে পাঠাতে পারে তার জন্য আপনাকে কিছু প্রশ্ন করা হবে।

## খাদ্য পরিষেবাদি

DOC এর “হার্টের জন্য স্বাস্থ্যকর (Heart Healthy)” মেনুগুলি নিয়ন্ত্রক এজেন্সিগুলির তৈরি করা পুষ্টিগত নির্দেশাবলী পূরণ করার জন্য পরিকল্পিত। তাছাড়া, হেফাজতে থাকা ব্যক্তিদের খাদ্যাভ্যাস এবং ধর্মীয় প্রয়োজনীয়তা পূরণের স্বার্থে এটিতে বিভিন্ন ধরনের ভেষজ খাদ্যপ্রণালী, ধর্মীয় এবং ভেগান আহার দেওয়া হয়। আপনি যদি বিশ্বাস করেন আপনার চিকিৎসা সংক্রান্ত পরিস্থিতিতে ভেষজ খাদ্যপ্রণালী প্রয়োজন, তাহলে আপনাকে মেডিকেল কর্মী দ্বারা মূল্যায়ন করতে সিক কলের জন্য সাইন আপ করতে হবে। আপনার চিকিৎসা সংক্রান্ত পরিস্থিতির উপর নির্ভর করে ভেষজ খাদ্যপ্রণালীর বিধান দেওয়া হবে কিনা তা মেডিকেল কর্মী নির্ধারণ করবেন। আপনি ভেগান বা নিরামিষাশী হলে, সিক কলের জন্য সাইন আপ করুন, মেডিকেল কর্মীকে জানান এবং আপনার অনুরোধ পুষ্টি সংক্রান্ত পরিষেবাদির কাছে পাঠিয়ে দেওয়া হবে।

DOC ধর্মীয় খাদ্যতালিকাগত আইন মেনে অনুরোধের জন্য অথবা DOC এর নির্দেশনা এবং পরিচালনাগত আদেশগুলি অনুসারে তৈরি উপবাসের জন্য যুক্তিসঙ্গত বিশেষ ব্যবস্থা প্রদান করবে। পরিচালনা সংক্রান্ত পরিষেবাদি ধর্মীয় খাদ্যপ্রণালীর অনুরোধ এককভাবে মূল্যায়ন করবে এবং অনুমোদিত হলে DOC এর দ্বারা মঞ্জুরপ্রাপ্ত উপযুক্ত ধর্মীয় আহার দেওয়ার জন্য অনুরোধটি পুষ্টি সংক্রান্ত পরিষেবাদিতে (Nutritional Services) পাঠিয়ে দেওয়া হবে।

## টেলিফোন কল

আপনি আপনার সেলে বন্ধ না থাকাকালীন সমস্ত সময় টেলিফোন কলগুলি করতে পারেন। আপৎকালীন অবস্থার ফোনগুলি যেকোনও যুক্তিসঙ্গত সময়ে করা যেতে পারে। আপনি মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরে কোনও নম্বরে আপৎকালীন অবস্থার কোনও ফোন করলে, সেই ফোনটি আদায় করার জন্য আপনাকে কেন্দ্রের কাউন্সেলিং কর্মীর সঙ্গে ব্যবস্থা করতে হবে। সেই কর্মী না থাকলে, আপনি কেন্দ্রের চ্যাপলিনের মাধ্যমে ফোন করার ব্যবস্থা করতে পারেন।

যদি আপনি কোনও আপৎকালীন অবস্থার টেলিফোন কল পান, তাহলে আপনি সেই কলটি নিতে পারেন বা তার বার্তাটি আপনার জন্য নিয়ে নেওয়া হবে এবং যত তাড়াতাড়ি সম্ভব তাকে ফিরতি কল করার অনুমতি আপনি পাবেন।

মুলতুবি থাকা অসামরিক বা ফৌজদারি মামলাগুলি সম্বন্ধে (আদালতের আদেশ প্রাপ্ত টেলিফোন কলগুলি সমেত) আপনার রেকর্ডে থাকা আইনজীবীর(দের) থেকে ইনকামিং কল পাওয়ার অনুমতি আপনার আছে অথবা আপনার হয়ে বার্তা রেখে দেওয়া হবে এবং যত তাড়াতাড়ি সম্ভব তাকে ফিরতি কল করার অনুমতি আপনি পাবেন।

হেফাজতে থাকা সমস্ত ব্যক্তি হেফাজতে থাকাকালীন লক-আউট সময়ে বিভাগের খরচে প্রতি তিন (3) ঘন্টায় মোট একুশ (21) মিনিট ফোন করার অনুমতি পাবে। আপনি একবার পুরো কলিং সময়ের একুশ (21) মিনিট খরচ করে ফেললে, তিন (3) ঘন্টার ঘড়ি অস্থায়ীভাবে আপনার টেলিফোনের ব্যবহার নিষিদ্ধ করবে। 311-তে করা সমস্ত ফোনগুলিতে (6) মিনিট কলিংয়ের সময় থাকে।

হেফাজতের শাস্তিমূলক পৃথকীকরণ ইউনিটে আটক থাকা ব্যক্তিরা প্রতিদিন সর্বাধিক পনেরো (15) মিনিটের জন্য একটি (1) করে ফোন করতে পারে, নিজের আইনজীবী অথবা নিজের আইনজীবীর অফিসে করা ফোন ব্যতীত। আপনার টেলিফোন ব্যবহার প্রতিষ্ঠানের নিরাপত্তা বা সুরক্ষার জন্য বিপজ্জনক বা আপনি টেলিফোনের লিখিত নিয়মবিধির অপব্যবহার করছেন বলে বিভাগের মনে হলে আপনার টেলিফোনের অধিকার সীমিত হতে পারে। বিভাগ আপনার টেলিফোনের অধিকার সীমিত করার সিদ্ধান্ত নিলে আপনি একটি লিখিত সিদ্ধান্ত পাবেন যেখানে সেই সিদ্ধান্ত নেওয়ার নির্দিষ্ট তথ্য এবং কারণগুলি ব্যক্ত করা থাকবে।

আপনার টেলিফোনের অধিকার সীমিত করার সিদ্ধান্ত পেলে আপনি সেই সিদ্ধান্তের বিরুদ্ধে N.Y.C. সংশোধনী বোর্ডের কাছে আপীল করতে পারেন। আপনাকে সংশোধনী বোর্ড এবং আপনার কেন্দ্রে ওয়ার্ডেন অথবা কমান্ডিং আধিকারিকের কাছে লিখে এই সিদ্ধান্তের বিরুদ্ধে আপীল করার অভিপ্রায় সম্বন্ধে জানাতে হবে। মনে রাখবেন আপনি প্রথমে একটি অভিযোগ দায়ের করতে পারেন, তবে আপনি সংশোধনী বোর্ডের কাছে আপীল করলে, আপনার অভিযোগের অনুরোধটি আর বিবেচনা করা হবে না।

আপনার আইনজীবী অথবা অন্যান্য সুবিধাপ্রাপ্ত কলগুলি ব্যতীত সমস্ত কলগুলি বিভাগ নিরাপত্তার উদ্দেশ্যে পর্যবেক্ষণ করতে পারে এবং/অথবা রেকর্ড করতে পারে। আপনার আইনজীবী এবং অন্যান্য সুবিধাপ্রাপ্ত কলগুলি পর্যবেক্ষণ করা হবে না বলে আপনাকে বিভাগের কাছে সেই ফোন নম্বরগুলি প্রদান করতে হবে যেগুলি পর্যবেক্ষণ করা হবে না, এবং বিভাগ নজরে রাখবে যে সেই নম্বরগুলি আইনজীবীদের অথবা আপনার সঙ্গে যোগাযোগ করার জন্য সুবিধাপ্রাপ্ত ব্যক্তিদেরই কিনা তা বিভাগ নজরে রাখবে। বিভাগীয় কেন্দ্রে আপনার টেলিফোনের ব্যবহার এই ধরনের পর্যবেক্ষণ বিষয়ক আপনার সম্মতিপত্রে ব্যক্ত করা আছে।

## ঠিকানা এবং টেলিফোন নম্বর

নিচে সেই এজেন্সি এবং ব্যক্তিদের ঠিকানা এবং টেলিফোন নম্বর, ভয়েস এবং TTY নম্বরগুলি তালিকাভুক্ত করা আছে যাদের সঙ্গে আপনি কারাবাসে থাকাকালীন যোগাযোগ করতে চাইতে পারেন।

- 311 NYC – (212) 639-9675
- Administration for Children’s Services (ACS) Office of Advocacy's Parents' and Children's Rights Helpline, 212-619-1309
- Disability Rights Coordinator (DRCI) 75-20 Astoria Boulevard, East Elmhurst, N.Y. 11370, (718) 255-6475
- Legal Aid Society Prisoner’s Rights Project, 199 Water Street, New York, NY 10038, (212) 577-3300
- New York City Board of Correction, 1 Centre Street, Room 2213, New York, NY 10007, (212) 669-7900
- New York City Department of Correction Investigations Anonymous Hotline (347) 669-4075
- New York City Department of Investigations (Inspector General) (212) 825-5959
- New York State Commission on Correction, Alfred E. Smith State Office Building, 80 South Swan Street, 12th Floor, Albany, NY 12210, (518) 485-2346
- Office of Compliance Consultants, 15 West 15th Street, High Impact Compound, Mercado Trailer, East Elmhurst, NY 11370, (718)728-6505
- PREA (যৌন নির্যাতন এবং যৌন নিগ্রহ) হটলাইন (347) 204-0378

## ডাকযোগে চিঠি (পত্রালাপ)

আপনি যেকোনও ব্যক্তিকে ডাকযোগে চিঠি পাঠাতে এবং যেকোনও ব্যক্তির কাছ থেকে চিঠি পেতে পারেন, যদি না আদালতের কোনও আদেশ আপনার চিঠি পাঠানোর বা পাওয়ার বিষয়টিকে সীমিত করে। আপনি যত খুশি চিঠি পেতে এবং পাঠাতে পারেন। আপনি যেকোনও ভাষায় চিঠি লিখতে এবং পেতে পারেন। আপনার দেখার অক্ষমতা থাকলে অথবা আপনি দৃষ্টিহীন হলে এবং আপনার চিঠি পড়ার বা লেখার জন্য সহায়তা প্রয়োজন হলে, আপনি কোনও স্বেচ্ছাসেবীকে অথবা

হেফাজতে থাকা নির্ধারিত ব্যক্তিকে সহায়তার জন্য অনুরোধ করতে পারেন অথবা আপনাকে সাহায্য করতে আবাসন আধিকারিককে কাস্টডিতে কোনও ব্যক্তিকে নির্ধারণ করার জন্য অনুরোধ করতে পারেন।

যে চিঠি আপনি পাঠিয়েছেন এবং যে চিঠি আপনাকে পাঠানো হয়েছে, তা আপনি উপস্থিত না থাকলে হয়তো খোলা বা পড়া হবে না, যদি না সেটি নির্দিষ্টভাবে কোনও আইনানুগ সার্চ ওয়ারেন্টে অনুমোদিত হয়। তবে, আপনি সেখানে উপস্থিত না থাকলেও, বিভাগ আপনার চিঠিটির খাম না খুলে পরীক্ষা করবে, অনুভব করবে অথবা মুড়িয়ে দেখবে।

যদি আপনার চিঠিতে কোনও নিষিদ্ধ জিনিস পাওয়া যায় (**যে সামগ্রী কোনও জেলে অনুমোদিত নয়; আপনার রুলবুকে নিষিদ্ধ জিনিসের তালিকা দেখুন**), তাহলে কী পাওয়া গেছে তা বিভাগ আপনাকে জানাবে কিন্তু সেই জিনিস(গুলি) আপনার হাতে দেবে না। যতক্ষণ পর্যন্ত সেই জিনিসগুলি বিপজ্জনক বা বেআইনি না হচ্ছে, ততক্ষণ আপনি সিদ্ধান্ত নিতে পারেন যে আপনি কি: সেই জিনিসটি নষ্ট করে দিতে চান, আপনার নিরাপদ ব্যক্তিগত সম্পত্তির মধ্যে রাখতে চান, কোনও বাইরের দাতব্যতে দান করতে চান নাকি যে আপনাকে সেটি পাঠিয়েছেন তাকে ফেরৎ পাঠানোর জন্য অর্থ পরিশোধ করতে চান।

চিঠি পাঠানোর জন্য, আপনি কমিশরি থেকে স্ট্যাম্প কিনতে পারেন এবং আপনার অ্যাকাউন্ট থেকে তার মূল্য কেটে নেওয়া হবে।
যদি আপনার কমিশরি অ্যাকাউন্টে কোনও অর্থ না থাকে, তাহলে বিভাগ আপনাকে আইনজীবী, আদালত এবং সরকারি আধিকারিকদের কাছে সব চিঠি লেখার জন্য বিনামূল্যে লেখার কাগজ, খাম এবং রেগুলার ফার্স্ট ক্লাস স্ট্যাম্পগুলি দেবে, পাশাপাশি প্রত্যেক সপ্তাহে দু'টি অতিরিক্ত চিঠি লেখার জন্যও প্রয়োজনীয় সামগ্রী সরবরাহ করবে। বিনামূল্যে স্টেশনারি পাওয়ার 7 দিনের মধ্যে আপনার অ্যাকাউন্টে অর্থ জমা পড়লে, আপনার অ্যাকাউন্ট থেকে সেই মূল্য রিক্যুপ করা হবে।

শংসায়িত চিঠি পাঠানোর জন্য আপনাকে অবশ্যই অর্থ প্রদান করতে হবে। আইন বা নিয়মানুসারে যদি আপনার পাঠানো চিঠি শংসায়িত করার আবশ্যক হয়, অথচ আপনার অ্যাকাউন্টে কোনও অর্থ না থাকে, তাহলে বিভাগ সেটির জন্য অর্থ প্রদান করবে। একজন সংশোধনী আধিকারিক আপনার পাঠানো শংসায়িত চিঠি সংগ্রহ করবেন এবং তার রেকর্ড রাখবেন আর তারপরে সেটিকে আউটগোয়িং সিন্দুকে ফেলে দেবেন যেখান থেকে পরে প্রক্রিয়াকরণের জন্য চিঠিটি তুলে নেওয়া হবে।

আপনি যেখানে চিঠিটা পাঠাতে চান সেই ঠিকানাটি দিয়ে সীলমোহর দিতে হবে। আপনাকে অবশ্যই খামটির উপরদিকে বামপাশের কোণায় নিম্নলিখিত তথ্য দিতে হবে:

- আপনার নাম,
- আপনার বুক এবং কেস নম্বর, এবং
- হয় আপনার জেলের রাস্তার ঠিকানা অথবা আপনার বাড়ির ঠিকানা। আপনি যেখানে আটক আছেন সেই কেন্দ্রের ঠিকানা না জানলে আপনার আবাসন চত্বরের আধিকারিককে জিজ্ঞাসা করুন।

আপনি আপনার খামে উপরে তালিকাভুক্ত তথ্য না দিলে, বিভাগ আপনাকে সেটি ফেরৎ পাঠাবে।

কোনও চিঠি বাইরে পাঠাতে, আপনার জেলের কোনও একটি তালাবন্ধ ডাকবাক্সে সেটিকে রেখে দিন। উপরে যেমন উল্লেখ আছে, আপনি স্ট্যাম্পগুলি কমিশরি থেকে কিনতে পারেন।

**প্যাকেজ**

এই নিয়মগুলি হাসপাতালের কয়েদি ওয়ার্ড এবং আউটপোস্টগুলি ব্যতীত সমস্ত কেন্দ্রগুলিতে প্রযোজ্য হয়, সেই সমস্ত ক্ষেত্রে প্যাকেজের পরিমাণ সীমিত হতে পারে।

**প্যাকেজের নিয়ম**

আপনি হেফাজতে থাকা অন্য বন্দী সমেত যেকোনও ব্যক্তির থেকে প্যাকেজ পেতে অথবা প্যাকেজ পাঠাতে পারেন, তবে বিভাগীয় কর্মী বা এমন কোনও সংস্থার কর্মীরা অন্তর্ভুক্ত নয় যারা সরকারিভাবে বিভাগের সঙ্গে পরিচর্যা নিয়ে হেফাজতে থাকা ব্যক্তিদের হেফাজত এবং নিয়ন্ত্রণ নিয়ে কাজ করেন।

বিভাগ আপনার প্যাকেজগুলি আপনার কাছে যত তাড়াতাড়ি সম্ভব পৌঁছে দেবে, তবে পাওয়ার 48 ঘন্টার থেকে বেশি দেরি হবে না।

প্যাকেজ পাঠানোর জন্য আপনাকে অবশ্যই অর্থ প্রদান করতে হবে। আপনি যদি কোনও প্যাকেজ বাইরে পাঠাতে চান, তাহলে সেটিকে ডাকঘরে নিয়ে আসুন, ডাকঘরের আধিকারিক একটি বাক্সে প্যাকেজটি রাখবেন, ওজন করবেন এবং সেই প্যাকেজটির ওজনের উপর নির্ভর করে আধিকারিককে আপনার প্রয়োজনীয় স্ট্যাম্প দিতে হবে।

বিভাগ আপনাকে কোনও প্যাকেজ C.O.D (ডেলিভারির পরে নগদ) পদ্ধতিতে প্যাকেজ গ্রহণ করতে বা পাঠাতে দেবে না।

কোনো কিছু বেআইনি বা বিপজ্জনক জিনি জেলে আসছে বা জেল থেকে যাচ্ছে কিনা নিশ্চিত করতে বিভাগ প্যাকেজগুলি পরীক্ষা করবে।

আপনি এমন কোনও প্যাকেজ পাঠাতে পারবেন না যার মধ্যে থাকা সামগ্রী বেআইনি অথবা জনসাধারণের নিরাপত্তা বা সুরক্ষা বা জেলের কিংবা অন্য কোনও ব্যক্তির কল্যাণের পক্ষে বিপজ্জনক।

**প্যাকেজের নির্দিষ্টকরণ**

পাঠানো বা গ্রহণ করার জন্য কোনও প্যাকেজের ওজন 15 পাউন্ডের বেশি হতে পারবে না। সমস্ত প্যাকেজের প্রস্থ 24”, উচ্চতা 12” এবং গভীরতা 24” এর থেকে কম হতে হবে (4 ঘন ফুট)।

বিভাগের নিয়মানুযায়ী অনুমোদিত নয় এমন কিছু আপনাকে পাঠানো হলে, সেটি কোনও দাতব্যে দান করবেন, নাকি সেটিকে নষ্ট করবেন, আপনার নিরাপদ ব্যক্তিগত সম্পত্তির মধ্যে রাখবেন নাকি প্রেরকের কাছে ফেরৎ পাঠানোর জন্য অর্থ প্রদান করবেন সেই বিষয়ে আপনি সিদ্ধান্ত নিতে পারেন। মোড়কে থাকা জিনিসটি বেআইনি বা জনসাধারণের সুরক্ষা বা কেন্দ্রের নিরাপত্তার জন্য বিপজ্জনক বলে গণ্য না হলে এই নিয়ম সবক্ষেত্রেই প্রযোজ্য। বিভাগ কিভাবে প্যাকেজটির ব্যবস্থা নেবে তা নিশ্চিত করতে আপনাকে তারিখ দেওয়া খাতায় স্বাক্ষর করতে হবে।

**প্যাকেজে মধ্যে নিম্নলিখিতগুলি হেফাজতে থাকা ব্যক্তিদের দেওয়া বা নেওয়ার অনুমতি নেই:**

- খাবার, বেক করার এবং/অথবা রান্না করার সামগ্রী
- ভিটামিন, পিল, মাদক অথবা যেকোনও ধরনের ওষুধ
- ধাতব অংশ সমেত ক্যানের মতো পাত্র
- ধাতু, চীনামাটি অথবা কাঁচের পাত্র
- অ্যারোসল ধরনের পাত্র

- ট্রিগার ধরনের যন্ত্রপাতি
- ক্ষুদ্রছিদ্রে চাপ দেওয়া যায় এমন পাত্র
- অন্য যেকোনও আইটেম যার পরিমাপ বা আকার দেখে বিভাগ সিদ্ধান্ত নিতে পারে যে সেটি জেলের বা অন্য কারও সুরক্ষার জন্য বিপজ্জনক হতে পারে।

**আগত প্যাকেজ**

আপনি প্যাকেজগুলি ইউ.এস মেল বা ডেলিভারি পরিষেবার দ্বারা পেতে পারেন অথবা আপনার কেন্দ্রে নিয়মিতভাবে সূচিত সাক্ষাতের সময়ে কোনও সাক্ষাৎকারী ডেলিভার করতে পারেন। আপনার জেল থেকে অনুমতি নিয়ে, আপনি অন্য সময়েও প্যাকেজগুলি গ্রহণ করতে পারেন। এক্ষেত্রে, আপনার জেলের ওয়ার্ডেনের কাছে আপনাকে একটি চিঠি লিখতে হবে এবং প্যাকেজ ডেলিভারির অনুরোধ করতে হবে।

পরেরদিন আদালতে উপস্থিত হওয়ার জন্য আপনার পোশাক প্রয়োজন হলে, পোশাকের প্যাকেজগুলি সকাল ৪টা থেকে সন্ধ্যা ৭টার মধ্যে যেকোনও সময় এবং বিভাগের কাছে উপযুক্ত মনে করা যেকোনো অতিরিক্ত সময়ে হাতে-হাতে সরবরাহ করা যেতে পারে। পোশাক থাকা প্যাকেজগুলি প্রয়োজন পরে যখন আপনাকে আদালতে ফিরে যেতে হয় অথবা অন্য কোনও আপৎকালীন পরিস্থিতির জন্য (যেমন তাৎপর্যপূর্ণ পারিবারিক ঘটনা) যখন আবাসন কেন্দ্র থেকে নির্ধারিত সময়ে বেরিয়ে যাওয়ার অন্তত দুই (2) ঘন্টা আগে আপনি প্যাকেজটি আপনার কাছে পৌঁছে দেওয়া হয়। আদালতে হাজিরার জন্য আপনার পোশাক প্রয়োজন হলে, আপনি আপনার আবাসন চত্বরের আধিকারিককে আপনার জন্য পোশাক খুঁজে দেওয়ার চেষ্টা করার অনুরোধ করতে পারেন। আপনার আদালতে উপস্থিত হওয়ার দুই (2) দিন আগে এই বিষয়ে অনুরোধ করাটা জরুরি।

কেন্দ্রে আপনার জন্য গ্রহণ করা সমস্ত প্যাকেজের বাইরের দিকে অবশ্যই প্রেরকের নাম, ঠিকানা এবং প্রাপকের নাম এবং বুক এবং কেস নম্বর স্পষ্টভাবে লেখা থাকতে হবে।
কোনও সাক্ষাৎকারীর ব্যক্তিগতভাবে ডেলিভার করা প্রত্যেকটি প্যাকেজ গ্রহণ করা জন্য একটি করে আলাদা রসিদ তৈরি করা হবে এবং প্রদান করা হবে।

আপনার জন্য কোনও প্যাকেজে যদি চিঠিও সংযুক্ত থাকে, তাহলে সেটি খোলা, নিরীক্ষণ করা প্যাকেজের সঙ্গে আপনার কাছে পাঠানো হবে। চিঠিটাতে সীলমোহর থাকলে, আপনার উপস্থিতিতে সেটি খোলা হবে। তবে, ইউ.এস মেল দ্বারা পাঠানো প্যাকেজগুলিতে সীলমোহর দেওয়া বা না দেওয়া চিঠি মার্কিন যুক্তরাষ্ট্রের ডাক পরিষেবার নিয়মবিধি বিরুদ্ধে এবং ডাক কর্তৃপক্ষের কাছে রিপোর্ট করা হতে পারে।

যখন কোনও আগত প্যাকেজে পাওয়া কোনও সামগ্রী একটি অপরাধমূলক কার্যকলাপের সাথে জড়িত থাকে, তখন সেটি বাজেয়াপ্ত, সনাক্ত করা হবে এবং অপরাধে অংশগ্রহণকারী পক্ষদের সম্ভাব্য ফৌজদারি অপরাধের জন্য উপযুক্ত কর্তৃপক্ষের কাছে পাঠানো হবে। এই আইটেমগুলি আপনাকে ফেরৎ দেওয়া হবে না।

যখন কোনও অননুমোদিত আইটেম সাক্ষাৎকারীর দ্বারা ডেলিভার করা কোনও আগত প্যাকেজে আবিষ্কৃত হয় তখন সেটি ফৌজদারি অপরাধ হবে না, আইটেম(গুলি) সরিয়ে দেওয়া হবে এবং সাক্ষাৎকারীর কাছে ফেরৎ দিয়ে দেওয়া হবে। ডাকযোগে বা ডেলিভারি পরিষেবায় বা সাক্ষাৎকারীর অনুপস্থিতিতে যখন কোনও প্যাকেজ সরবরাহ করা হয়, তখন আপনাকে জিজ্ঞাসা করা হবে যে সেই আইটেম(গুলি) আপনার খরচে প্রেরকের কাছে পাঠানো হবে, নাকি আপনার সুরক্ষিত ব্যক্তিগত সম্পত্তিতে রাখা থাকবে, বাইরের কোনও দাতব্য সংস্থায় দান করা হবে অথবা নষ্ট করে দেওয়া হবে। এই ধরনের সমস্ত লেনদেনের একটি রেকর্ড একটি স্থায়ী, তারিখ দেওয়া খাতায় লেখা এবং আপনার স্বাক্ষর দিয়ে যাচাই করা থাকবে।

আপনার ছাড়া পাওয়ার পরে কোনও প্যাকেজ আসলে, প্যাকেজটি গ্রহণ করা হবে না অথবা সেটি প্রেরকের কাছে পাঠিয়ে দেওয়া হবে। যখন কোনও প্যাকেজ গ্রহণ করা হয় এবং আপনাকে বিভাগের মধ্যে অন্য কোনও কেন্দ্রে স্থানান্তরিত করা হয়, তখন প্যাকেজটিতে সময়ের স্ট্যাম্প দিয়ে অবিলম্বে সেই কেন্দ্রে পাঠিয়ে দেওয়া হবে যেখানে আপনাকে স্থানান্তর করা হয়েছে।

### আপীল

আপনি একটি প্যাকেজ থেকে কোনও আইটেম সরানোর আপীল করতে চাইলে, সেই বিষয়টি হেফাজতের অভিযোগ সমাধানের কর্মসূচি (Custody Grievance Resolution Program, I.G.R.P.)-তে থাকা ব্যক্তির মাধ্যমে সমাধান করতে হবে। কিভাবে সেই কর্মসূচিটিকে ব্যবহার করবেন সেই সম্বন্ধে আরো তথ্যের জন্য এই হ্যান্ডবুকের **"অভিযোগ প্রক্রিয়া"** বিভাগটি দেখুন।

## ধূমপান নিষিদ্ধ

ধূমপান এবং বৈদ্যুতিক নিকোটিন সরবরাহের ডিভাইস সমেত তামাক সম্পর্কিত পণ্যগুলি সংশোধনী বিভাগের সমস্ত কেন্দ্রে নিষিদ্ধ। কোনও তামাক বা নিকোটিন সম্পর্কিত পণ্য আপনার কাছে পাওয়া গেলে, আপনাকে উচিত শিক্ষা দেওয়া হবে এবং আপনার গ্রেপ্তার হওয়ার সম্ভবনাও থাকবে।

তামাক সম্পর্কিত পণ্যগুলির মধ্যে সিগারেট, সিগার, খোলা তামাক, চেবানোর তামাক এবং দেশলাই বা লাইটারের মতো সামগ্রীগুলি অন্তর্ভুক্ত।

আপনার নিকোটিন প্রত্যাহারের উপসর্গগুলি হলে (আপনি সিগারেট পান করতে পারছেন না বলে অসুস্থতা বা অস্বস্তি), আপনি চিকিৎসা সংক্রান্ত পরিষেবাদি এবং/অথবা কাউন্সেলিংয়ের জন্য আপনার আবাসন চত্বরে প্রাত্যহিক সিক কলের শীটে স্বাক্ষর করতে পারেন। আপনি চিকিৎসা কর্মীর থেকে নিকোটিন প্যাচ পেতে পারেন, যা আপনাকে আপনার নিকোটিন প্রত্যাহারে সাহায্য করতে পারে।

## ধর্মীয় অধিকার

আপনি যেকোনও ধর্মীয় বিশ্বাসে বিশ্বাসী এবং যেকোনও ধর্মীয় দল বা সংগঠনের সদস্য হতে পারেন। যেগুলি করার অনুমতি আপনার নেই সেগুলি হল:

1. হেফাজতে থাকা অন্য ব্যক্তিকে কোনও ধর্মীয় দল বা সংগঠনের অংশ হয়ে উঠতে বাধ্য করার চেষ্টা;
2. হেফাজতে থাকা অন্য ব্যক্তিকে তার ধর্মীয় বিশ্বাস চর্চা না করার কারণ উপলব্ধি করানোর চেষ্টা;
3. কোনও ধর্মীয় দল বা সংগঠনের একজন সদস্য হওয়া থামাতে হেফাজতে থাকা অন্য ব্যক্তির প্রভাবিত করতে পারবেন না।

লকআউট সময়কালে, প্রাতিষ্ঠানিক পদ্ধতিগুলি অনুযায়ী আপনার কেন্দ্রের চ্যাপলিনদের সঙ্গে দেখা করার অনুমতি আছে। আপনার কেন্দ্রের চ্যাপলিনরা চারটি প্রধান ধর্মীয় বিশ্বাসের প্রতিনিধি: ক্যাথলিক ধর্মমত, ইহুদী ধর্মমত, ইসলাম ধর্মমত এবং প্রটেস্টান্ট ধর্মমত। আপনার নির্দিষ্ট বিশ্বাস তালিকাভুক্ত না থাকলে, আপনি একজন চ্যাপলিনের সঙ্গে কথা বলতে পারেন যিনি আপনাকে সহযোগিতা করবেন। অবস্থান্তরের পরিষেবাদি এবং মুক্তির পরিকল্পনায় ধর্ম, নির্দেশাবলী, ধর্মীয় কাউন্সেলিং,

রেফারেলের জন্য চ্যাপলিনদের পাওয়া যায়। প্রত্যেক ধর্মীয় পরিষেবার সময় একজনের পোস্টিং থাকবে আপনার হাইজিং চত্বরে।

আপনি প্রথম বিভাগে এলে, আপনি যাতে সহজতরভাবে নিজের ধর্ম পালন করতে পারেন তার ব্যবস্থা করে দিতে আপনার কোন ধর্মের তা বিভাগ আপনাকে জিজ্ঞাসা করবে। কোনও নির্দিষ্ট ধর্মের বিশ্বাসী হিসাবে একবার আপনি চিহ্নিত হয়ে গেল, আপনি কেবলমাত্র সেই ধর্মের ধর্মীয় পরিষেবাদিতে উপস্থিত থাকার অনুমতি পাবেন। আপনি কোনও ধর্মীয় অন্তর্ভুক্তি পাল্টাতে অথবা তৈরি করতে চাইলে, আপনাকে একটি জিজ্ঞাসাবাদের স্লিপ জমা দিতে হবে অথবা আবাসন চত্বরের আধিকারিককে দিয়ে আকাঙ্খিত ধর্মবিশ্বাসের চ্যাপলিনের সঙ্গে যোগাযোগ করতে হবে। চ্যাপলিন আপনাকে জিজ্ঞাসাবাদ করবেন এবং অনুরোধটি হয় স্বীকার করবেন অথবা অস্বীকার করবেন। অনুরোধটি অস্বীকার করা হলে, আপনাকে সেই অস্বীকারের কারণটি লিখিতভাবে জানানো হবে।

চারটি প্রধান ধর্মীয় বিশ্বাসের সংগঠন ক্যাথলিক ধর্মমত, ইহুদী ধর্মমত, ইসলাম ধর্মমত এবং প্রটেস্টান্ট ধর্মমতের মধ্যে আপনার ধর্মীয় পছন্দ না থাকলে আপনার বিশ্বাসের ধর্মগুরুর সঙ্গে যাজকীয় পরামর্শের উদ্দেশ্যে সাক্ষাৎ পাওয়ার জন্য আপনার কেন্দ্রের প্রশাসনিক চ্যাপলিনকে একটি অনুরোধ করুন, প্রশাসনিক চ্যাপলিন প্রয়োজনীয় অনুমোদনের ব্যবস্থা করবেন। সমস্ত ধর্মযাজকদের সাক্ষাৎকারের সময়সীমা এক ঘন্টা। সাধারণ বাসিন্দাদের ইউনিটগুলিতে আটক ব্যক্তিদের সঙ্গে ধর্মীয় পরিষেবাদিতে উপস্থিত হওয়ার অনুমতি আপনার আছে, যদি না এমন কোনও প্রমাণ পাওয়া যায় যে আপনি জেলের নিরাপত্তা এবং সুরক্ষা বিপদগ্রস্ত করতে পারেন, যার মধ্যে রয়েছে পরিষেবা ব্যহত করার সম্ভাবনা আপনার আছে। আপনি ভর্তি হওয়ার সময় আপনার ধর্মবিশ্বাস সনাক্ত না করে থাকলে, উপরোক্ত পদ্ধতির মাধ্যমে কোনও ধর্ম প্রতিপাদন না করা পর্যন্ত আপনি ধর্মীয় পরিষেবাদিতে উপস্থিত থাকার অনুমতি পাবেন না।

সাধারণ বাসিন্দাদের ইউনিটগুলিতে আটক ব্যক্তিদের সঙ্গে ধর্মীয় পরিষেবাদিতে আপনার উপস্থিত হওয়ার অনুমতি নেই বলে বিভাগ সিদ্ধান্ত নিলে, আপনাকে নির্ধারিত পরিষেবার অন্তত 48 ঘন্টা আগে তার কারণ জানানো হবে।

যদি বিভাগ এমন তথ্য জানতে পারে যার কারণে তাকে নির্ধারিত ধর্মীয় পরিষেবা হওয়ার 48 ঘন্টার থেকে কম সময়ের মধ্যে সেই পরিষেবায় আপনি উপস্থিত থাকতে পারবেন না বলে সিদ্ধান্ত নিতে হয়, সেক্ষেত্রে আপনি সেই পরিষেবা হওয়ার 48 ঘন্টার থেকে কম সময়ের মধ্যে বিজ্ঞপ্তি পাবেন। আপনি এই সিদ্ধান্তের বিরুদ্ধে সংশোধনী বোর্ডের কাছে আপীল করতে পারেন।

আপনার প্রতি সপ্তাহে পুনর্বিবেচনার অনুরোধ করার এবং আপনার অবস্থানের সমর্থনে লিখিত বিবৃতি জমা দেওয়ার অধিকার আছে। ওয়ার্ডেন আপনার অনুরোধ পুনর্বিবেচনা করবেন এবং আপনি একটি লিখিত উত্তর পাবেন।

## নার্সারি কর্মসূচি

আপনি যদি গর্ভবতী হন, সন্তানের জন্ম দিয়ে থাকেন অথবা বন্দীকালীন হেফাজতে থাকা এমন মহিলা হন যার সঙ্গে এক বছরের কম বয়সী শিশু আছে, সেক্ষেত্রে শিশুটির বয়স একবছর না হওয়া পর্যন্ত আপনি RMSC নার্সারিতে নিজের সঙ্গে আপনার সন্তানকে রাখার জন্য আবেদন করতে পারেন। আপনি এই কর্মসূচিতে গৃহীত হলে, শিশুটির বয়স একবছর না হওয়া পর্যন্ত নার্সারিতে সে আপনার সঙ্গে থাকতে পারবে। আবেদনপত্রের জন্য আপনার কাউন্সেলরকে জিজ্ঞাসা করুন।

## প্রতিবন্ধকতার অধিকার

আপনার কোনও প্রতিবন্ধকতা থাকলে, নিয়মিত জীবনযাত্রার কার্যসম্পাদনে সহায়তায় প্রতিবন্ধীদের জন্য বিশেষ ব্যবস্থা সমেত সংশোধনী বিভাগ (Department of Correction) থেকে সাহায্য পাওয়ার অধিকার আপনার আছে। সংক্ষেপে বললে, এই আইন প্রতিবন্ধী কোনও ব্যক্তিকে কোনও পরিষেবা, কর্মসূচি বা কার্যকলাপে অংশগ্রহণ করা থেকে বাদ দেওয়া যাবে না, সুবিধার থেকে অস্বীকার করা যাবে না অথবা সেখানে বৈষম্যের সাথে বিভেদ করা যাবে না।

উদাহরণস্বরূপ, শ্রবণে অক্ষম ব্যক্তিরা যাতে সমানভাবে টেলিফোনের কলগুলি অ্যাক্সেস করতে পারেন তার জন্য নিউ ইয়র্ক সিটির সংশোধনী বিভাগ টেক্সট টেলিফোন (Text Telephone, TTY) অথবা ভিডিও রিলে পরিষেবা (Video Relay Service, VRS) প্রদান করে। বড় প্রিন্টে অথবা ব্রেইলে লিখিত উপকরণ অথবা অডিও টেপগুলি সমেত দৃষ্টিশক্তি দুর্বল অথবা দৃষ্টিশক্তিহীন ব্যক্তিদের জন্য সহায়তাও উপলব্ধ। অন্যান্য অক্ষমতা থাকা ব্যক্তিদের জন্যও সহায়তা পাওয়া যায় যেমন চলাফেলার প্রতিবন্ধীদের ক্রাচ, ছড়ি, হুইলচেয়ার বা অন্যান্য সহায়ক ডিভাইস ব্যবহার করার প্রয়োজন হতে পারে।

আপনি এই বিষয়ে আরও জানতে চাইলে এবং/অথবা প্রতিবন্ধকতার জন্য কোনও অ্যাকোমডেসন বা সহায়ক উপকরণের অনুরোধ করতে চাইলে, আপনি:

- ভর্তির সময় আধিকারিকদের বলতে পারেন যে আপনার কোনও অক্ষমতা আছে এবং/অথবা আপনি একটি অ্যাকোমডেসনের অনুরোধ করতে পারেন।
- যেকোনও আধিকারিক, সামাজিক পরিষেবা বা অভিযোগের কাউন্সেলর বা কর্মসূচির কর্মীকে সুপারিশ করতে পারেন, যিনি তারপর আপনাকে হেফাজতে থাকা ব্যক্তিদের জন্য প্রতিবন্ধকতার অধিকারের কোঅর্ডিনেটরের (Disability Rights Coordinator for Individual's in Custody, DRCI) কাছে পাঠাবেন।
- সরাসরি DRCI এর কাছে চিঠি লিখে DRCI এর সঙ্গে যোগাযোগ করতে পারেন, তাকে চিঠি পাঠানোর ঠিকানা: Health Affairs, 75-20 Astoria Boulevard, East Elmhurst, N.Y. 11370, Attn: Disability Rights Coordinator for Individual's in Custody, অথবা (718) 255-6475 নম্বরে ফোন করতে পারেন।
- আপনার একটি অক্ষমতা আছে এবং DOC হেফাজতে থাকাকালীন সহায়তা প্রয়োজন বলে ক্লিনিকে থাকা চিকিৎসা সংক্রান্ত কর্মীকে সুপারিশ করুন। মনে রাখবেন, সমস্ত চিকিৎসা সংক্রান্ত তথ্য আপনার গোপনীয়তার জন্য সুরক্ষিত।
- আপনার অক্ষমতা সাথে সহায়তা সংক্রান্ত অনুরোধ বা উৎকন্ঠা নিয়ে কথা বলতে 311 নম্বরে কল করুন।

নির্দেশনা 3802R-A "হেফাজতে থাকা প্রতিবন্ধী ব্যক্তিবিশেষের বৈষম্যবিরোধী" নীতি অনুযায়ী, আপনি আপনার অনুরোধ করার 5 কার্যদিবসের মধ্যে একটি স্বীকৃতিপত্র পাবেন যেটিতে জানানো থাকে আপনার অনুরোধ বা উদ্বেগ বিষয়ক পত্রটি DRCI পেয়েছে। DRCI আপনার অনুরোধ অথবা উদ্বেগ পর্যালোচনা করে দেখবে এবং 10 কার্যদিবসের মধ্যে লিখিতভাবে এবং/অথবা সশরীরে একটি সিদ্ধান্ত জানানো হবে। আপনি এই সিদ্ধান্তের সঙ্গে সহমত না হলে, অ্যাসিস্ট্যান্ট কমিশনারের স্বাস্থ্য বিষয়ক অথবা তাদের মনোনীত বিষয়ের জন্য আবেদন দাখিল করতে পারেন।

আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে নির্দেশনা 3802R-A দেখুন অথবা আপনার কেন্দ্র জুড়ে পোস্ট করা যোগাযোগের তথ্য সমেত প্রতিবন্ধকতার অধিকারের পোস্টারগুলি দেখুন। এই নির্দেশনার অনুলিপিগুলি আইনি গ্রন্থাগারে এবং কেন্দ্র জুড়ে অন্যান্য চত্বরে উপলভ্য।

কারাগারে ধর্ষণ দূরীকরণ আইন (Prison Rape Elimination Act, PREA) এর অধীনে, আপনি যৌন নির্যাতন এবং নিগ্রহ প্রতিরোধ, চিহ্নিত এবং রিপোর্ট করার জন্য প্রয়োজনীয় সমস্ত তথ্য বোঝার যথেষ্ট উপায় পাবেন।

আপনার কোনও প্রশ্ন বা উদ্বেগ থাকলে, অনুগ্রহ করে সরাসরি DRCI এর সঙ্গে যোগাযোগ করুন।

## প্রতিরক্ষামূলক হেফাজত আবাসন

আটক বাসিন্দাদের নিজস্ব নিরাপত্তার জন্য, অন্যদের সুরক্ষা এবং নিরাপত্তার জন্য বিভাগ প্রতিরক্ষামূলক হেফাজত আবাসন (Protective Custody Housing) এর ইউনিটগুলি রক্ষণাবেক্ষণ করে।

যারা প্রতিরক্ষামূলক হেফাজতের ইউনিটগুলিতে আটক আছে, তারা সাধারণ বাসিন্দাদের থাকা অন্য ইউনিটগুলির থেকে আলাদা সমস্ত পরিষেবা পাবে। প্রতিরক্ষামূলক হেফাজত আবাসনের ইউনিটগুলিতে সাধারণ বাসিন্দার আবাসনের ইউনিটগুলির মতোই একই পরিষেবা প্রদান করা হয়, উদাহরণস্বরূপ এক (1) ঘন্টা বাইরে বিনোদন, আইনি গ্রন্থাগার, সিক কল, সাক্ষাৎকার, ধর্মীয় পরিষেবাদি, ওষুধ, লক-বন্দী/লক-মুক্ত থাকার সময় ইত্যাদি। যদি আপনার অথবা বিভাগের মনে হয়ে যে আপনার প্রতিরক্ষামূলক হেফাজতে আবাসন প্রয়োজন, সেক্ষেত্রে বিভাগ যখন আপনার আবাসনের প্রয়োজনীয়তা মূল্যায়ন করে দেখবে তখন আপনাকে কোনও প্রতিরক্ষামূলক হেফাজত আবাসনে স্থানান্তর করা হবে। এই স্থাননির্ণয় অবিরত থাকবে কিনা তার সিদ্ধান্ত 2 কার্যদিবসেব মধ্যে নেওয়া হবে। প্রতিরক্ষামূলক হেফাজত আবাসন আবশ্যক বলে বিভাগ সিদ্ধান্ত নিলে, সেই আবাসনে আপনি সম্মতি দিচ্ছেন কিনা তা আপনাকে জিজ্ঞাসা করা হবে। আপনি সম্মতি না দিলে, আপনার কাছে একটি শুনানির সুযোগ থাকবে। এই শুনানির ফলাফলের উপর নির্ভর করে, আপনাকে সেই অনুযায়ী অনৈচ্ছিক প্রতিরক্ষামূলক হেফাজত এবং আটক অবস্থায় নির্ধারণ করা হতে পারে।

যদি এটি নির্ধারণ হয় যে আপনার স্থাননির্ণয়ের সিদ্ধান্ত অবিরত থাকা উচিত, তাহলে পরিচালনার সুরক্ষা এবং গোয়েন্দা ইউনিট (Operations Security and Intelligence Unit, OSIU) আপনাকে প্রতিরক্ষামূলক হেফাজতে প্রাথমিকভাবে নির্ধারণের 30 দিন পরে আপনার প্রতিরক্ষামূলক হেফাজতের অ্যাসাইনমেন্টটি পর্যালোচনা করবে এবং তারপর থেকে প্রতি 60 দিন অন্তর করবে।

## ব্যক্তিগত স্বাস্থ্যবিধি

প্রতিদিন আপনার জন্য গরম এবং ঠান্ডা জলে স্নানের ব্যবস্থা করা হবে। প্রতিষ্ঠানের স্বাস্থ্য বিষয়ক প্রয়োজনীয়তার সাথে সামঞ্জস্য রেখে আপনাকে পর্যায়ক্রমে স্নান করতে হতে পারে।

আপনি প্রথম বন্দী হওয়ার সময় আপনাকে 1টি পান করার কাপ, 1টি দাঁতের ব্রাশ এবং 1টি দাঁতের মাজন দেওয়া হবে। আপনি অতিরিক্ত ব্যক্তিগত স্বাস্থ্যবিধির সামগ্রীগুলি কমিশরি থেকে কিনতে পারেন। আপনার কমিশরি অ্যাকাউন্টে কোনো অর্থ না থাকলে আপনাকে DOC এর ইস্যু করা স্বাস্থ্যবিধির পণ্যগুলি বিনামূল্যে আপনার নির্ধারিত আবাসন চত্বরে দেওয়া হবে।

আপনি আপনার আবাসন চত্বরে বিভাগের ইস্যু করা শেভিংয়ের সামগ্রীগুলি দিয়ে প্রত্যহ শেভ করতে পারেন। আপনার শেভিংয়ের সামগ্রীগুলি ব্যবহার করার অনুমতি থাকবে না যদি বিভাগ সিদ্ধান্ত নেয় যে আপনি সেই সামগ্রীগুলি নিজের নিরাপত্তা বা সুরক্ষা বা প্রতিষ্ঠানের নিরাপত্তায় হুমকি দেওয়ার জন্য ব্যবহার করছেন।

আপনার কেন্দ্র সোমবার থেকে শুক্রবার প্রতি পরিদর্শনে $2 খরচে নাপিত এবং/অথবা বিউটিশিয়নের পরিষেবা দেয়। আপনি কমিশরিতে নাপিতের পরিষেবার জন্য একটি ভাউচার কিনতে পারেন। আপনার কমিশরি অ্যাকাউন্টে কোনও অর্থ না থাকলেও আপনি আপনার চুল কাটাতে পারেন, তবে চুল কাটার খরচ আপনার অ্যাকাউন্ট থেকে কেটে নেওয়া হবে যখন সেখানে আপনার অর্থ আসবে।

কোন দিন এবং সময়ে আপনার আবাসন চত্বরে এই পরিষেবাগুলি পাওয়া যাবে তা জানতে পোস্ট করা সময়সূচি দেখুন। আপনার নিয়মিত সময়সূচির সাথে অতিরিক্তভাবে, আপনি আদালতে নির্ধারিত কোনও হাজিরার আগে একটি কার্যদিবসে একবার চুল কাটার অনুরোধ করতে পারেন। যে ব্যক্তিরা নাপিতের সরঞ্জাম ব্যবহার করতে সক্ষম তারা আপনার চুল কেটে দেবে। এই ধরনের ব্যক্তিদের মধ্যে সীমিত না হলেও অন্তর্ভুক্ত রয়েছে লাইসেন্স প্রাপ্ত নাপিত, প্রতিষ্ঠানের কর্মী সদস্য এবং প্রতিষ্ঠানের নিরাপত্তা এবং সুরক্ষা পদ্ধতিগুলির সঙ্গে সামঞ্জস্য মেনে হেফাজতে থাকা ব্যক্তিগণ। নাপিতের সরঞ্জাম একটি নিরাপদ এবং স্বাস্থ্যসম্মত পরিস্থিতিতে রক্ষণাবেক্ষণ করা হবে।

## বিনোদন

আপনি প্রত্যহ 1 ঘন্টার জন্য বিনোদনের সময় পাওয়ার অনুমতি পাবেন। প্রতি সপ্তাহে 7 দিন বিনোদন উপলভ্য। খুব খারাপ আবহাওয়া না থাকলে আপনি বাইরে বিনোদনের সুযোগ পাবেন। প্রতিষ্ঠানের নিরাপত্তা এবং সুরক্ষার জন্য যখন প্রয়োজন, তখন আপনি নিজেই নিজের মনোরঞ্জন করতে পারবেন, হেফাজতে থাকা অন্য কোনও ব্যক্তির সঙ্গে নয়।

আপনাকে শরীরচর্চা করতে দিলে তা জেলের নিরাপত্তা, সুরক্ষা এবং শৃঙ্খলা বা অন্য কোনও ব্যক্তির নিরাপত্তা, সুরক্ষা বা স্বাস্থ্যের জন্য বিপজ্জনক হতে পারে বলে নির্ধারিত হলে আপনার শরীরচর্চার সময় সীমিত হতে পারে।

আপনার শরীরচর্চার সময়কাল সীমিত করার যেকোনও সিদ্ধান্ত লিখিতভাবে ওয়ার্ডেন নেবেন এবং এই সিদ্ধান্ত নেওয়ার পিছনে থাকা নির্দিষ্ট তথ্য এবং কারণগুলি জানাবেন। এই সিদ্ধান্তের একটি কপি আপনাকে দেওয়া হবে।

আপনি লিখিত সিদ্ধান্তের একটি কপি পাবেন এবং একটি কপি সংশোধনী বোর্ডের কাছে 24 ঘন্টার মধ্যে পাঠিয়ে দেওয়া হবে।

## বিবাহ

আপনি বন্দী অবস্থায় বিয়ে করতে চাইলে, আপনি আপনার কেন্দ্রের কাউন্সেলরের কাছ থেকে একটি আবেদনপত্র পেতে পারেন। কাউন্সেলিং কর্মীর কাছে সম্পূর্ণ করা ফর্মটি ফেরৎ দেওয়ার পরে, বিয়ের লাইসেন্স সংক্রান্ত আবেদনপত্র সম্পূর্ণ করার জন্য নিউ ইয়র্ক সিটির বিবাহ সংক্রান্ত ক্লার্কের সঙ্গে আপনার দেখা করার একটি সময় নির্ধারিত হবে।

বিয়ের লাইসেন্স সংক্রান্ত আবেদনপত্র একবার জমা দেওয়া হয়ে গেলে, আপনার অভিপ্রেত স্বামী/স্ত্রীকে ম্যারেজ ব্যুরোতে রিপোর্ট করতে হবে, লাইসেন্স ফী পরিশোধ করতে হবে এবং আবেদনপত্রে স্বাক্ষর করতে হবে। আপনার অভিপ্রেত স্বামী/স্ত্রী বিয়ের অনুষ্ঠান সম্পাদন করার লাইসেন্স প্রাপ্ত অফিসিয়েন্ট নিশ্চিত করার জন্য দায়বদ্ধ থাকবেন। লাইসেন্স প্রাপ্ত অফিসিয়েন্টকে তিনটি তারিখ দিতে হবে, যে তারিখগুলিতে তারা বিয়ের অনুষ্ঠানটি সম্পাদন করতে পারবেন। বিয়ের লাইসেন্স এবং লাইসেন্স প্রাপ্ত অফিসিয়েন্টের নাম এবং তার উপলভ্যতার সময় পাওয়ার পরে বিয়ের তারিখটি প্রশাসনিক এবং কেন্দ্রের কর্মীর সঙ্গে আলোচনা করে নির্ধারিত হবে। বিয়ের অনুষ্ঠানটি সম্পাদন করার জন্য মিনিস্টার বা লাইসেন্স প্রাপ্ত অফিসিয়েন্ট ঠিক করা নির্ধারিত ফী দেওয়ার ব্যবস্থা আপনাকে করতে হবে, ***যেহেতু DOC এই ফী আওতাভুক্ত করে না।*** আপনি আপনার অ্যাকাউন্ট থেকে পেমেন্টের জন্য ফান্ড নিতে পারবেন। মিনিস্টারের পরিষেবাদি যত অর্থ প্রয়োজন তা হস্তান্তর করতে কাউন্সেলর আপনাকে এর সঙ্গে "ফান্ড মুক্তির ফর্ম"ও দেবেন যাতে আপনি সেই অর্থরাশি লিখে ফর্মটি সম্পূর্ণ করতে পারেন।

## বেলের অর্থ পরিশোধ

### কিভাবে বেলের অর্থ প্রদান করতে হবে

নিম্নলিখিত যেকোনও ধরনে বেল গ্রহণ করা হবে, কেবলমাত্র বেলের সঠিক পরিমাণ অর্থরাশিতে:

- ক্যাশিয়ার্স/টেলার্স চেক, কোনও অর্থরাশি বেলের অর্থের পরিমাণকে অতিক্রম না করলে;
- ব্যাঙ্কের মানি অর্ডার, প্রতি মানি অর্ডারে $1,000 পর্যন্ত;
- ফেডারেল এক্সপ্রেস মানি অর্ডার, প্রতি মানি অর্ডারে $1,000 পর্যন্ত;
- মার্কিন যুক্তরাষ্ট্রের পোস্টাল মানি অর্ডার, প্রতি মানি অর্ডারে $1,000 পর্যন্ত;
- ট্র্যাভেলার্স এক্সপ্রেস কোম্পানির মানি অর্ডার, প্রতি মানি অর্ডারে $1,000 পর্যন্ত;
- ওয়েস্টার্ন ইউনিয়ন মানি অর্ডার, প্রতি মানি অর্ডারে $1,000 পর্যন্ত;
- কোনও DOC কেন্দ্রের ইস্যু করা চেক (যেমন আপনার আপনার অ্যাকাউন্ট);
- একটি বেলের রিফান্ডের জন্য NYC অর্থ দপ্তরের ইস্যু করা চেক;
- মার্কিন যুক্তরাষ্ট্রের সরকার অথবা NYS সরকারের ভেটেরানের (Veteran's Administration) প্রশাসন দ্বারা ইস্যু করা চেক, প্রতি চেকে $1,000 পর্যন্ত;
- ক্রেডিট অথবা ডেবিট কার্ড।

আপনি অথবা অন্য কেউ কোনও বোরো কেন্দ্রে অথবা Rikers Island-এ Rikers Island এর কেন্দ্রীয় ক্যাসিয়ারের কাছে বেলের অর্থ প্রদান করলে, বেল দেওয়া ব্যক্তি যেখানেই আটক থাকুক না কেন তা ব্যতিরেকে চেক বা মানি অর্ডারটি “the New York City Department of Correction” এর নামে প্রদান করুন। যে ব্যক্তি বেল দিচ্ছেন তাকে অবশ্যই ব্যক্তিগত পরিচয়পত্র উপস্থাপন করতে হবে এবং যে ব্যক্তির বেল দেওয়া হবে তার নিউ ইয়র্ক স্টেটের পরিচিতি (New York State Identification, NYSID) নম্বর প্রদান করতে হবে।

আপনার কেসটি ক্রেডিট কার্ডে পরিশোধযোগ্য বলে অনুমোদিত হলে, আপনি আপনার কেন্দ্রে অবস্থিত কিয়স্কে গিয়ে নিজেই বেল করাতে পারেন অথবা আপনার তরফ থেকে কেউ অনলাইনে বিভাগের লুকআপ পরিষেবার (Departments Lookup Service) মাধ্যমে আপনার বেল করিয়ে দিতে পারেন যেটি নিচের URL এর মাধ্যমে অ্যাক্সেস করা যেতে পারে: HTTP://A073-ILS-WEB.NYC.GOV/INMATELOOKUP/PAGES/COMMON/FIND.JSF।

ক্রেডিট অথবা ডেবিট কার্ডে পেমেন্টগুলি সমস্ত বরো কেন্দ্রগুলিতে সশরীরে গিয়ে অথবা GovPay নামে পরিচিত কোম্পানির মাধ্যমে Rikers Island এর সেন্ট্রাল ক্যাসিয়ারের অফিসে করা যেতে পারে। বেলের জানলার পাশে প্রত্যেকটি জায়গায় একটি করে GovPay টেলিফোন পাওয়া যেতে পারে। এই টেলিফোনটি অ্যাক্সেস করে আপনি স্বয়ংক্রিয়ভাবে একজন GovPay প্রতিনিধির সঙ্গে যোগাযোগ করতে পারবেন যিনি আপনার ক্রেডিট অথবা ডেবিট কার্ডের তথ্য নিয়ে আপনার বেলের লেনদেন প্রক্রিয়াকরণ করবেন। অর্থ পরিশোধের কাজ সম্পূর্ণ করে বেলের প্রক্রিয়াটি সম্পূর্ণ করার জন্য বেলের উইন্ডোতে ফিরে আসুন।

আপনি অথবা আপনার তরফ থেকে কেউ প্রয়োজনীয় নগদ অর্থে অথবা মানি অর্ডার অথবা ক্যাশিয়ার্স/টেলার্স চেক দিয়ে আপনার বেলের অর্থ পরিশোধ করতে পারেন যতক্ষণ পর্যন্ত সমস্ত মানি অর্ডার এবং গ্রহণযোগ্য চেক এবং অন্য যেকোনও নগদ অর্থের মূল্য ঠিক আপনার বেলের জন্য নির্ধারিত অর্থরাশির সমান থাকবে এবং কোনও ধরনের পেমেন্ট $1,000 এর বেশি হবে না। বিভাগ বেলের লেনদেনগুলিতে কোনো অর্থ ফেরৎ দেয় না। (**কমিশরি এবং অ্যাকাউন্ট জমা দেওয়ার পরিষেবাদি** এর উপর বিভাগটি দেখুন।)

উদাহরণস্বরূপ, যদি কোনও বেলে অর্থের পরিমাণ $2,500 হয়, সেক্ষেত্রে অন্তত তিন (3) ধরনের পেমেন্ট আবশ্যক; দুটি (2) ধরনের প্রতিটিতে $1,000 করে এবং $500 এর জন্য একটি (1) ধরন, মোট $2,500।

**অনুগ্রহ করে মনে রাখবেন: বিভাগের কাছে $1 এর বেলের স্থিতি থাকলে হেফাজতে থাকা ব্যক্তিকে তারা জানাবে। উপরন্ত, হেফাজতে থাকা ব্যক্তির আইনজীবীকেও অবহিত করা হবে, যদি আদালত পদ্ধতির সাথে রেকর্ডে কোনও আইনজীবীর কথা থাকে।**

### কোথায় বেলের অর্থ পরিশোধ করতে হবে

নির্দিষ্ট ব্যক্তি যেখানেই আটক অবস্থায় থাকুক না কেনো তা ব্যতিরেকে বেলের পেমেন্টগুলি Rikers Island এর সেন্ট্রাল ক্যাসিয়ার, Brooklyn এর ডিটেনশন কমপ্লেস, Manhattan ডিটেনশন কমপ্লেক্স, Queens ডিটেনশন কমপ্লেক্স, Vernon C. Bain সেন্টার এবং Bronx কাউন্টি ফৌজদারী আদালতে করা যেতে পারেন। যে ব্যক্তি বেলের অর্থ পরিশোধ করতে চান তিনি Rikers Island-এ গিয়ে পরিশোধ করতে চাইলে, পরিশোধকারীকে রিকার্স আইল্যান্ডের ভিজিট বিল্ডিংয়ের Rikers Island এর সেন্ট্রাল ক্যাসিয়ারের জানলায় যেতে হবে যা কেবলমাত্র MTA Q100 বাসে করে যাওয়া যায়। আপনার কেসটি ক্রেডিট কার্ডে পরিশোধ করা যাবে বলে অনুমোদিত হলে, আপনি আপনার কেন্দ্রে অবস্থিত কিয়স্কে গিয়ে নিজেই বেল করাতে পারেন অথবা আপনার তরফ থেকে বিভাগের লুকআপ পরিষেবার মাধ্যমে একটি অনলাইন পেমেন্ট করা যেতে পারে যেটি নিচের URL এর মাধ্যমে অ্যাক্সেস করা যেতে পারে:
HTTP://A073-ILS-WEB.NYC.GOV/INMATELOOKUP/PAGES/COMMON/FIND.JSF।

**বিভাগ কোনও অর্থরাশির জন্য কোনও ব্যক্তিগত চেক গ্রহণ করবে না, তা শংসায়িত হোক বা না হোক এবং $1,000 এর বেশি কোনও অর্থরাশির জন্য মানি অর্ডারগুলি গ্রহণ করবে না।**

***দ্রষ্টব্য:*** সাধারণ নির্দেশনার উদ্দেশ্যেই এখানে তথ্য প্রদান করা হয়েছে এবং হেফাজতে থাকা একজন ব্যক্তির বেল দেওয়ার সাথে সম্পর্কিত সমস্ত নিয়মবিধি, প্রবিধান, আইন, অর্ডিনেন্স এবং মানদণ্ডকে আওতাভুক্ত করে না। আপনার কোনো প্রশ্নের উত্তর এখানে দেওয়া না হয়ে থাকলে অনুগ্রহ করে আপনার আইনজীবীকে জিজ্ঞাসা করুন।

## বৈষম্য বর্জিত আচরণ

বিভাগ আপনার সঙ্গে আপনার জাতি, ধর্ম, জাতীয় মূল, যৌন অভিমুখ, লিঙ্গ, পরিচিতি, অনুভূত লিঙ্গ পরিচয়, বয়স, অক্ষমতা অথবা রাজনৈতিক বিশ্বাসের উপর নির্ভর করে বৈষম্যমূলক আচরণ করবে না।

কাজের অ্যাসাইনমেন্ট, শ্রেণীবিভাগ এবং শৃঙ্খলা নিয়ে সিদ্ধান্তগুলি নেওয়ার সময় এবং উপলভ্য কর্মসূচিগুলির জন্য আপনি যখন বিবেচিত হন তখন বিভাগ আপনাকে সমান সুযোগ দেবে। বিভাগ এই সমস্ত ক্ষেত্রে সিদ্ধান্ত নেওয়ার সময় যুক্তিসঙ্গত পরিচালনাগত এবং নিরাপত্তার বিষয়গুলি বিবেচনা করে দেখবে।

বিভাগ ইংরেজি এবং স্প্যানিশভাষায় মুদ্রিত প্রকাশনা এবং সংবাদপত্রগুলি দেবে, আপনার জেলের গ্রন্থাগারে স্প্যানিশ ভাষায় বই এবং উপকরণগুলি রয়েছে এবং স্প্যানিশে রেডিও শোনার এবং টেলিভিশন প্রোগ্রামগুলি দেখার বন্দোবস্ত করেছে। স্প্যানিশ, চাইনিজ, রাশিয়ান, বাংলা, হাইতিয়ান ক্রেওল, কোরিয়ান, আরবি, উর্দু, ফরাসি, পোলিশ এবং ব্রেইলে এই হ্যান্ডবুকের একটি অনুলিপি উপলভ্য।

আপনি হেফাজতে থাকা অন্য যেকোনও ব্যক্তির সঙ্গে এবং কেন্দ্রের বাইরে ব্যক্তিদের সঙ্গে যেকোনও ভাষায় চিঠির মাধ্যমে, টেলিফোন করে, মুখোমুখি কথা বলতে পারেন এবং আপনি যেকোনও ভাষায় লিখিত উপকরণ পড়তে এবং গ্রহণ করতে পারেন। চিঠি, টেলিফোন এবং ব্যক্তিগত কথোপকথন সম্পর্কিত অন্যান্য নিয়ম তবুও প্রযোজ্য।

## বন্দী অবস্থায় কর্মনিযুক্তি

আপনার কারাদণ্ড হলে, আপনাকে কাজ করতে হবে। যে বন্দীরা কাজ করতে চান তারা চাকরির জন্য বিবেচিত হতে পারেন। চাকরির পোস্টিং এবং আবেদনের ফর্মগুলি আপনার আবাসন চত্বর, গ্রন্থাগার, সামাজিক পরিষেবাদির কার্যালয়, অভিযোগের কার্যালয়গুলিতে এবং যেখানে আপনি ওরিয়েন্টেশন পান সেখানে রাখা হবে। আপনি কাজ করতে আগ্রহী হলে আপনাকে "হেফাজতে থাকা ব্যক্তির চাকরির আবেদন" এর "বিভাগ এক" সম্পূর্ণ করতে হবে এবং সম্পূর্ণ করা ফর্মটি আপনার আবাসন চত্বরের আধিকারিককে দিতে হবে। আপনার আবেদনটি উপযুক্ত কর্মী পর্যালোচনা করে দেখবেন এবং অ্যাসাইনমেন্টের জন্য আপনি অনুমোদিত হলে, আপনি অনুমোদিত আবেদনপত্রের একটি অনুলিপি আপনি পাবেন এবং আপনাকে কাজের জন্য ডাকা হবে। যে নির্দিষ্ট চাকরির জন্য আপনি আবেদন করছেন সেটির জন্য আপনি যোগ্য নাও হতে পারেন, সেক্ষেত্রে একজন কর্মী আপনাকে অন্য কাজে আবেদন করার জন্য পথ দেখাবেন। আপনার নির্দিষ্ট অ্যাসাইনমেন্টের জন্য ***নির্ধারিত*** বেতন আপনাকে প্রদান করা হবে এবং ফান্ড/তহবিল আপনার কমিশরি অ্যাকাউন্টে চলে যাবে। আবর্তিত আকারে ভিন্ন কাজগুলিতে আপনাকে পুনর্বহাল করা হবে। নিরাপত্তা বা সুরক্ষার চিন্তার মতো কোনও কারণবশত, যদি এমন নির্ধারিত হয় আপনি কোনও নির্দিষ্ট অ্যাসাইনমেন্ট করার উপযুক্ত নন, সেক্ষেত্রে আপনাকে অন্য কাজে স্থানান্তর করা হবে।

## বর্ধিত তত্বাবধানে বসবাস

বর্ধিত তত্বাবধানে বসবাস (Enhanced Supervision Housing, ESH) হল হেফাজতে থাকা সেই ব্যক্তিদের জন্য বসবাসের ইউনিট যাদের নিরাপত্তার স্ক্রীনিং ডেটা এবং যাচাইযোগ্য তথ্যের উপর নির্ভর করে, সুরক্ষা, নিরাপত্তা এবং কেন্দ্রে ভালো কাজের ক্রমবিন্যাসের ক্ষেত্রে হুমকি হয়ে ওঠার সম্ভাবনা আছে বলে মনে করা হয়। হেফাজতে থাকা যে ব্যক্তিরা ESH-তে থাকে, তাদের পুনর্বাসন সহজতর করার, সহিংসতার মূল কারণ খোঁজার এবং আলস্য কমানোর উদ্দেশ্যে হওয়া কর্মসূচিগুলিতে প্রবেশাধিকার থাকে। ESH এর মধ্যে ভাল আচরণের জন্য ইনসেনটিভ তৈরি, ESH-তে নির্ধারিত হওয়া ব্যক্তিদের পুনর্বাসন করা এবং উপযুক্ত কর্মসূচি এবং প্রয়োজনীয় চিকিৎসায় প্রবেশাধিকার দেওয়া এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে। আরো তথ্যের জন্য বিভাগ 1-16 ("বর্ধিত তত্বাবধানে বসবাস") এর BOC এর ন্যূনতম মানদন্ড দেখুন।

আপনাকে ESH-তে রাখার সিদ্ধান্তটি আপনি না মানলে, এই সিদ্ধান্তটি পাওয়ার 21 দিনের মধ্যে আপনার কেন্দ্রে ESH এর ডেপুটি ওয়ার্ডেনের কাছে সেই সিদ্ধান্তের বিরুদ্ধে আপীল করার অধিকার আপনার আছে। যেকোনও সময় আপনি আপীল করতে পারেন যদি আপনার কাছে কোনও যুক্তিসঙ্গত কারণ থাকে এবং তার সাথে নতুন প্রমাণ সমেত সমর্থিত তথ্য থাকে অথবা পরিস্থিতিগুলিতে কোনও পরিবর্তন হয়। আপনার ESH ইউনিটে নির্ধারিত উর্দিধারী কর্মীর থেকে আপীলের ফর্মগুলি নেওয়া যেতে পারে। আপনি আবেদন করতে চাইলে, কেনো আপনাকে ESH-তে রাখা উচিত নয় বলে আপনার মনে হয় তা ব্যাখ্যা করে আপনাকে আপীলের ফর্মটি পূরণ করতে হবে। আপনাকে সম্পূর্ণ করা ফর্মটি ইউনিটের মধ্যে রাখা "ESH Appeals" নামে চিহ্নিত তালাবন্ধ বাক্সে দাখিল করতে হবে। ESH কার্যালয়ের ডেপুটি ওয়ার্ডেনের থেকে কোনও কর্মী তালাবন্ধ বাক্সের সামগ্রী সোমবার থেকে শুক্রবার পর্যন্ত নিয়মিত সংগ্রহ করবে।

## বর্ধিত নিয়ন্ত্রণ এবং/অথবা লাল আইডির স্টেটাস

### লাল আইডির স্টেটাস

আপনি কোনও অস্ত্র সমেত ধরা পড়লে অথবা হেফাজতে থাকাকালীন কোনও অস্ত্র ব্যবহার করলে অথবা আপনি কোনও অস্ত্র ব্যবহার করে DOC কেন্দ্রে গত পাঁচ বছরের মধ্যে কাউকে আহত করে থাকলে, লাল আইডির স্টেটাসে স্থাননির্ণয় হওয়ার জন্য আপনার প্রক্রিয়া চলবে, আপনাকে সেইভাবে চেনার জন্য আপনার আইডি পরিবর্তিত হবে এবং কেন্দ্রের বাইরে আপনি যখন যাবেন তখন আপনাকে অতিরিক্ত নিয়ন্ত্রণে রাখা হবে, উদাহরণস্বরূপ আপনার আদালতে যাওয়ার সময়। অতিরিক্ত নিয়ন্ত্রণের মধ্যে পাশে অথবা পিছনদিকে হাতকড়া, দস্তানা, কোমড়ের চেন এবং পায়ের লোহা অন্তর্ভুক্ত হতে পারে।

### বর্ধিত নিয়ন্ত্রণের স্টেটাস

আপনি যদি:

- হেফাজতে কর্মী অথবা অন্য কোনও ব্যক্তির উপর হামলা বা আক্রমণ করেন,
- এমন কোনোভাবে হিংস্র হন যা প্রচুর পরিমাণ সম্পত্তি নষ্ট করেন এবং তার ফলে যেকোনও ব্যক্তির আহত হওয়ার ঝুঁকি থাকে, অথবা
- বন্দীকালীন অবস্থায় অথবা অতীতে বিভাগের জেলে থাকাকালীন হিংস্র আচরণ দেখান এবং হেফাজতে কর্মী অথবা অন্য কোনও ব্যক্তির উপর হামলা বা আক্রমণ করার চেষ্টা করেন, সেই ব্যক্তির আহত হওয়ার ঝুঁকি আসন্ন থাকে;

আপনার ইউনিটের বাইরে, এক স্থান থেকে অন্য স্থানে পাহারা দিয়ে নিয়ে যাওয়ার সময় আপনাকে বর্ধিত নিয়ন্ত্রণের মধ্যে রাখা হবে।

লাল আইডি এবং/অথবা বর্ধিত নিয়ন্ত্রণের স্টেটাস দেওয়ার প্রাথমিক সিদ্ধান্ত অবশ্যই একজন সুপারভাইজিং আধিকারিককে নিতে হবে।

**বিজ্ঞপ্তি:** প্রথমবার লাল আইডি অথবা বর্ধিত নিয়ন্ত্রণের স্টেটাস দেওয়ার সময় আপনাকে একটি লিখিত বিজ্ঞপ্তি দিয়ে জানাতে হবে। বিজ্ঞপ্তিটিতে স্পষ্টভাবে জানাতে হবে কেনো আপনাকে সেই স্টেটাসে রাখা হয়েছিল এবং আপনাকে বলতে হবে নিরপেক্ষ বিচার বিভাগীয় ক্যাপ্টেনের সামনে 72 ঘন্টার মধ্যে একটি শুনানি পাওয়ার অধিকার আপনার আছে, সপ্তাহান্ত এবং ছুটির দিনগুলি ব্যতীত। আপনি যে প্রমাণ এবং সাক্ষীদের উপযুক্ত বলতে চাইছেন সেগুলি প্রাসঙ্গিক কিনা এবং অন্য প্রমাণ বা সাক্ষীদের পুনরাবৃত্তি যে হয়নি তা বিচার বিভাগীয় ক্যাপ্টেন সিদ্ধান্ত নেবেন। আপনাকে বর্ধিত নিয়ন্ত্রণে রাখা হলে, বিজ্ঞপ্তিতে বলা থাকবে কত মাত্রার নিয়ন্ত্রণ প্রয়োগ করা হবে। বর্ধিত নিয়ন্ত্রণের মাত্রার মধ্যে কোমড়ের চেন অথবা পায়ে লোহার কড়া অন্তর্ভুক্ত হতে পারে এবং কোনও কর্মসূচি পরিষেবা চলাকালীন এই বাঁধন থাকতে পারে।

আপনার যদি মনে হয় লাল আইডি এবং/অথবা বর্ধিত নিয়ন্ত্রণের স্টেটাসে আপনাকে রাখার সিদ্ধান্তটি ভুল, তাহলে এই সিদ্ধান্তটি পাওয়ার 21 দিনের মধ্যে অথবা আপনার কাছে যুক্তিসঙ্গত কারণ এবং নতুন প্রমাণ সমেত সমর্থিত তথ্য থাকলে অথবা পরিস্থিতিতে পরিবর্তন হলে যেকোনও সময় আপনার কেন্দ্রে নিরাপত্তার ডেপুটি ওয়ার্ডেনের কাছে সেই সিদ্ধান্তের বিরুদ্ধে আপীল করার অধিকার আপনার আছে।

আইনি গ্রন্থাগারে আপীলের ফর্মগুলি রয়েছে। আপনি আবেদন করতে চাইলে, কেনো আপনাকে লাল আইডি বা বর্ধিত নিয়ন্ত্রণের স্টেটাসে রাখা উচিত নয় বলে আপনার মনে হয় তা ব্যাখ্যা করে আপনাকে আপীলের ফর্মটি পূরণ করতে হবে। আপনাকে ফর্ম(গুলি) সম্পূর্ণ করে এবং স্টেপেল করে আইন গ্রন্থাগারের “রেড আইডি/বর্ধিত নিয়ন্ত্রণের আবেদনসমূহ (Red

ID/Enhanced Restraint Appeals)" নামে চিহ্নিত লক করা বক্সে দাখিল করতে হবে। জেলের নিরাপত্তা কার্যালয়ের কর্মী লক করা বক্সের সামগ্রী মঙ্গলবার থেকে শুক্রবার পর্যন্ত নিয়মিত সংগ্রহ করে।

লাল আইডি অথবা বর্ধিত নিয়ন্ত্রণের স্টেটাস সরিয়ে নেওয়ার কারণ হিসাবে আপনি আপনার দিক থেকে উন্নত আচরণের কথা উল্লেখ করতে পারেন। নিরাপত্তার ডেপুটি ওয়ার্ডেন আপনার আপীলের নির্দিষ্ট বিষয়গুলির পাশাপাশি নথিভুক্ত তথ্য এবং আপনার বসবাসে আশপাশের পরিস্থিতিগুলিও পর্যালোচনা করে দেখবেন। নিরাপত্তার ডেপুটি ওয়ার্ডেনের কাছে আপীল পাওয়ার পরে লিখিত সিদ্ধান্ত পেশ করার জন্য 7 দিন থাকে। তারপর আপনি সপ্তাহান্ত এবং ছুটির দিনগুলি ব্যতীত 24 ঘন্টার মধ্যে লিখিত সিদ্ধান্ত পেয়ে যাবেন। আপনি ডেপুটি ওয়ার্ডেনের সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করতে চাইলে, আপনি নিউ ইয়র্ক স্টেটের শীর্ষ আদালতে ধারা 78 এর কার্যধারা তুলে ধরতে পারেন।

**দ্রষ্টব্য: -** ধারা 78 (অসামরিক চর্চার আইন এবং নিয়মবিধি (Civil Practice Law and Rules, CPLR) এর ধারা 78) এর কার্যধারা হল সেই পদ্ধতি যার মধ্য দিয়ে আপনি প্রশাসনিক পদক্ষেপগুলির আইনি পর্যালোচনার অনুরোধ করতে পারেন। ফর্মগুলি আইনি গ্রন্থাগারে রয়েছে যেখানে একজন আইনি কোঅর্ডিনেটর আপনাকে সহায়তা করবেন।

আপনার রেকর্ডের জন্য আবেদনের একটি কপি অবশ্যই নিজের কাছে রাখুন এবং আপীলের একটি কপি পাঠিয়ে দিন এই ঠিকানায়:

The Office of Compliance Consultants, O.C.C.
15 West 15th Street, High Impact Compound, Mercado Trailer
East Elmhurst, N.Y. 11370

আপনি আইনি গ্রন্থাগারে কপিগুলি করিয়ে নিতে পারবেন। আপনি কেন্দ্রীয় শাস্তিমূলক পৃথকীকরণ ইউনিট (Punitive Segregation Unit, CPSU)-এ থাকলে, CPSU আইনি গ্রন্থাগারের আধিকারিকের থেকে আপীল ফর্মের একটি কপি আপনি পেতে পারেন। আধিকারিকের কাছে আপনাকে অবশ্যই ফর্মটি সম্পূর্ণ করে দিতে হবে। আধিকারিক সেই ফর্মটি আইনি গ্রন্থাগারের তালা দেওয়া বাক্সে রেখে দেবেন। আপনাকে আপনার আপীলের একটি কপি দেওয়া হবে।

## ভোটদান

1. **আপনি জেলে থাকাকালীন অবস্থায় ভোট দিতে পারবেন** যদি না:

   a. আপনি এখন কোনও গুরুতর অপরাধের দোষী সাব্যস্ত হয়ে সাজা ভোগ করেন*;
   b. আপনি এখন গুরুতর অপরাধের দোষী সাব্যস্ত হওয়ার জন্য প্যারোলে থাকেন এবং নিউ ইয়র্কের গভর্ণরের কাছ থেকে ক্ষমা না পেয়ে থাকেন

*আপনার ভোট দেওয়ার ক্ষমতা স্বয়ংক্রিয়ভাবে ফিরে আসবে যখন আপনি আপনার সর্বাধিক কারাবাসের দণ্ডাদেশ শেষ করবেন অথবা প্যারোল থেকে মুক্ত হবেন। প্যারোলে থাকলে, আপনি আপনার ক্ষমা পাওয়ার স্থিতি 518-473-9400 নম্বরে ফোন করে জানতে পারেন।

2. জেলে থাকাকালীন **ভোট দেওয়ার জন্য**, নির্ধারিত সময়সীমার মধ্যে আপনাকে নিবন্ধন করতে হবে, যা আপনাদের আবাসন চত্বরগুলির পোস্টারে ঘোষণা করা থাকবে।

3. **ভোটে নিবন্ধন করার জন্য:**
প্রাথমিক, সাধারণ এবং বিশেষ নির্বাচনগুলির সময় ভোটার রেজিস্ট্রেশান ফর্মগুলি দেওয়া হয়। ***এছাড়া*** এগুলি আইনি গ্রন্থাগারেও পাওয়া যায়। একটি ভোটার রেজিস্ট্রেশান ফর্ম পূরণ করুন।

4. রেজিস্ট্রেশান ফর্মে আপনাকে আপনার স্থায়ী বাড়ির ঠিকানা দিতে হবে, সংশোধনাগারের ঠিকানা নয়। ফর্মটি পূরণ করার পরে, আউটগোয়িং ডাকবাক্সে সেটি দিয়ে দিন অথবা জমা দেওয়ার জন্য আইনি গ্রন্থাগারের কোঅর্ডিনেটর বা কর্মসূচি কর্মীর কাছে সেটি ফেরৎ দিন। এই ফর্মটিতে কোনও স্ট্যাম্পের প্রয়োজন নেই।

5. **জেলে হওয়া সমস্ত ভোটদানে অনুপস্থিত ব্যক্তির ব্যালট দ্বারা হয়।** অনুপস্থিত ব্যক্তির ব্যালটের আবেদনগুলি সমস্ত কেন্দ্রগুলিতে প্রত্যেকটি প্রাথমিক এবং সাধারণ নির্বাচনের আগে দেওয়া হয়। ***এছাড়া*** এগুলি আইনি গ্রন্থাগারেও পাওয়া যায়। আপনাকে আবেদনপত্রগুলি সম্পূর্ণ করে বকেয়া তারিখের আছে নির্বাচন বোর্ড (Board of Elections) এর কাছে ডাকযোগে পাঠাতে হবে। আপনি ফর্মটি জমা দেওয়ার জন্য আইনি গ্রন্থাগারের কোঅর্ডিনেটর বা কর্মসূচি কর্মীর কাছে জমা করতে পারেন। আপনি ভোটদানের যোগ্য কিনা তা নির্বাচন বোর্ড তাদের রেকর্ড পর্যালোচনা করে নির্ধারণ করবে। আপনি যোগ্য হলে, তারা একটি অনুপস্থিত ব্যক্তির ব্যালট ইস্যু করবে যা কেন্দ্রে আপনার কাছে ডেলিভার করা হবে। আপনাকে সেই ব্যালট সম্পূর্ণ করে নির্বাচন বোর্ডের কাছে সময়সীমার ***আগে*** ফেরৎ পাঠাতে হবে। আপনি ফর্মটি জমা দেওয়ার জন্য আইনি গ্রন্থাগারের কোঅর্ডিনেটর বা কর্মসূচি কর্মীর কাছে জমা করতে পারেন।

কবে নির্বাচন এবং কোন তারিখে ভোটার রেজিস্ট্রেশান ফর্মগুলি, অনুপস্থিত ব্যক্তির ব্যালটের আবেদন এবং ভোটিংয়ের ব্যালটগুলি ফেরৎ দিতে হবে তার সঙ্কেত উক্ত্য চত্বরগুলিতে পোস্ট করা থাকে।

## মানসিক স্বাস্থ্য সংক্রান্ত মুক্তির পরিকল্পনা

হেফাজতে বর্তমানে বা অতীতে থাকা সমস্ত ব্যক্তি বন্দী অবস্থায় মানসিক স্বাস্থ্যের পরিষেবাদি গ্রহণ করেছে বা করছে তাদের সমাজসেবা এবং পুনঃপ্রবেশ পরিষেবাদির প্রস্তাব দেওয়া হয়। আপনি NYC সংশোধনী বিভাগের হেফাজতে থাকাকালীন যদি মানসিক স্বাস্থ্যসেবা নিয়ে থাকেন, তাহলে আপনি আদালতের মধ্যস্থতা **ব্র্যাড H** এর অধীনে মুক্তি পরিকল্পনার পরিষেবা এবং সুবিধাদি পাওয়ার যোগ্য। একজন ব্র্যাড H ক্লাস সদস্য হিসাবে আপনি সংহত চিকিৎসায় মুক্তির পরিকল্পনার যোগ্য।

একজন ব্র্যাড H ক্লাস সদস্য হিসাবে, আপনি আদালত থেকে সরাসরি মুক্ত হয়ে গেলে, আপনি কম্যুনিটিতে পুনঃপ্রবেশে সহায়ক নেটওয়ার্ক (Community Re-Entry Assistance Network, CRAN) এবং সহায়ক নেটওয়ার্ক পরিষেবাদি (Assistance Network Services, ANS) (অতীতে SPAN এবং ফরেন্সিক লিঙ্ক নামে পরিচিত)-তে দেখা করতে পারেন, যেগুলি প্রত্যেকটি আদালতকক্ষ থেকে হাঁটাপথের দূরত্বে অবস্থিত। কর্মীরা আপনাকে আপনার মুক্তির পরিকল্পনা সম্পূর্ণ করতে সাহায্য করবে, পাশাপাশি কোনও প্রেসক্রিপশন বা তথ্য প্রয়োজন হলে তা আপনাকে দেবে। এই পরিষেবাগুলি আপনার DOC হেফাজত থেকে মুক্ত হওয়ার পরে 30 দিন পর্যন্ত উপলভ্য।

**অফিসের ঠিকানাগুলি হল:**

- Brooklyn/Manhattan
  175 Remsen Street, 5th & 11th Floor
  Brooklyn, NY 11201
  টেলিফোন # (718) 975-0180 (Brooklyn) (718) 975-1180 (Manhattan)
  সাবওয়ে: 2/3/4/5/R

- Bronx
  1020 Grand Concourse, North Professional Wing
  Bronx, NY 10451
  টেলিফোন # (718) 538-7416
  সাবওয়ে: 4/B/D

- Queens
  120-34 Queens Boulevard, Suite 225
  Kew Gardens, NY 11415
  টেলিফোন # (718) 261-4202
  সাবওয়ে: E/F

- Staten Island (আগে থেকে অফিসে ফোন করুন)
  120 Stuyvesant Place, Suite 410
  Staten Island, NY 10301
  টেলিফোন # (718) 727-9722
  Ferry: St. George Terminal

**CRAN এর ওয়াক-ইন অফিস সোমবার থেকে শুক্রবার, সকাল 9টা থেকে বিকেল 5টা পর্যন্ত খোলা**

## মিডিয়া/প্রেসের পরিচিতি

আপনি রিপোর্টার অথবা মিডিয়ার সঙ্গে কথা বলার অনুমতি আপনার আছে, অর্থাৎ এমন যেকোনও মুদ্রিত অথবা বৈদ্যুতিক মাধ্যম যারা সামান্য পরিমাণ অংশ হলেও জনসাধারণের কাছে তথ্য প্রকাশ করে, যাদের মধ্যে সীমিত না হলেও অন্তর্ভুক্ত হতে পারে সংবাদপত্র, সাময়িকী, বই বা অন্যান্য প্রকাশনী, লাইসেন্স প্রাপ্ত রেডিও এবং টেলিভিশনের স্টেশন, সংবাদ এজেন্সি, ওয়্যার সার্ভিস, ইন্টারনেট নির্ভর সংবাদ অথবা সাংবাদিক নির্ভর সংস্থা এবং সোশাল মিডিয়ার আউটলেট।

এমন কোনও মিডিয়ার প্রতিনিধি আপনাকে জিজ্ঞাসাবাদ করতে পারবেন যিনি বিভাগকে নিচে দেওয়া প্রয়োজনীয় মিডিয়ার পরিচিতি দেখাতে পারবেন। কোনও জিজ্ঞাসাবাদ পরিচালিত হওয়ার আগে, জিজ্ঞাসাবাদে অনুমতি দেওয়ার জন্য আপনাকে একটি অনুরোধ এবং সম্মতিপত্র স্বাক্ষর করতে বলা হবে। মিডিয়ার জিজ্ঞাসাবাদগুলি আপনার সঙ্গে দেখা করার জন্য অনুমোদিত সাক্ষাৎকারীদের সংখ্যার মধ্যে গণনা করা হবে না। আপনি কোনও জিজ্ঞাসাবাদে সম্মতি দিলে,আপনাকে লিখিতভাবে জিজ্ঞাসাবাদে সম্মত হতে হবে এবং আপনার কেন্দ্রের ওয়ার্ডেনের কাছে উপস্থাপনের জন্য আপনার সম্মতিপত্রটি আপনার আবাসন ইউনিটের কোনও আধিকারিকের কাছে ফেরৎ দিতে হবে।

“মিডিয়ার প্রতিনিধি” বলতে বোঝায়:

> কোনও বিশ্বস্ত মিডিয়া সংস্থার শংসায়িত প্রতিনিধি এবং তাদের সঙ্গে আসা কোনও সহায়ক, ক্রু সদস্য বা সহায়ক, যিনি মিডিয়ার নিজের অন্তর্ভুক্তি সম্বন্ধে বৈধ পরিচিতি জনসাধারণের তথ্য সংক্রান্ত অফিস (Office of Public Information, OPI)-এ জনসাধারণের তথ্য বিষয়ক ডেপুটি কমিশনার (Deputy Commissioner for Public Information, “DCPI”) এর কাছে উপস্থাপন করেন। বৈধ পরিচিতির মধ্যে NYPD, স্টেট আইন প্রয়োগকারী সংস্থা অথবা প্রতিনিধিত্বকারী মিডিয়া সংস্থা থেকে সনাক্তকরণ অন্তর্ভুক্ত হতে পারে।

যে বন্দী কোনও মিডিয়া প্রতিনিধির সঙ্গে ফিল্ম করার মাধ্যমে বা মৌখিকভাবে জিজ্ঞাসাবাদের অনুরোধ করেছেন, তাকে তার অনুরোধটি কেন্দ্রের এবং জনসাধারণের তথ্য সংক্রান্ত অফিস (Office of Public Information, OPI) এর কমান্ডিং অফিসার কাছে প্রয়োজনীয় স্বাক্ষরিত সম্মতির বিবৃতি সহ লিখিতভাবে জমা দিতে হবে। এই ধরনের সম্মতিতে বন্দীর রেকর্ডে থাকা আইনজীবী এবং/অথবা পিতা-মাতা বা আইনি অভিভাবককেও স্বাক্ষর করতে হবে, প্রয়োজনে (নিচে দেখুন)। আপনার কোনও মিডিয়া সদস্যের থেকে জিজ্ঞাসাবাদের অনুরোধ অস্বীকার করার অথবা কোনও মিডিয়া পরিদর্শনে অংশগ্রহণ অস্বীকার করার অধিকার আছে এবং জিজ্ঞাসাবাদ চলাকালীন অথবা মিডিয়ার পরিদর্শনকালীন যেকোনও সময় জিজ্ঞাসাবাদ অথবা পরিদর্শনে অংশগ্রহণ বন্ধ করারও অধিকার আপনার আছে। মিডিয়া জিজ্ঞাসাবাদগুলির সময় নির্ধারণ এবং অনুমোদন করবে জনসাধারণের তথ্য সংক্রান্ত অফিস এবং সাক্ষাৎকারের চত্বরে অথবা কেন্দ্র এবং OPI এর কমান্ডিং অফিসারের নির্ধারিত অন্য কোনও চত্বরে পরিচালিত হবে।

আপনি যদি একজন বন্দী হন এবং আদালতের আদেশ অনুযায়ী ট্রায়ালে দাঁড়ানোর জন্য আপনাকে পরীক্ষা করা প্রয়োজন হয়, তাহলে আপনার আইনজীবী সম্মত না হলে বিভাগ মিডিয়া জিজ্ঞাসাবাদের সময় নির্ধারণ করবে না।

অনুমোদিত না হলে, জিজ্ঞাসাবাদগুলি শুধুমাত্র নন-ভিজিটিং দিনগুলিতে (সোমবার এবং মঙ্গলবার) করা হবে, ছুটির দিন ব্যতীত এবং সকাল 9:00টা থেকে বিকেল 5:00টার মধ্যে প্রতিদিন একঘন্টার বেশি নয়। প্রতি বন্দীর প্রতি সপ্তাহে দু'টির (2) বেশি জিজ্ঞাসাবাদ করা যাবে না এবং প্রতিদিন প্রতি বন্দীকে একটির (1) বেশি করা যাবে না।

বিভাগে কোনো মিডিয়া ইন্টারভিয়্যুতে অনুমতি দিলে কোনো বাধ্যতামূলক হাজিরা বা পরিষেবাদিতে আপনার উপস্থিত থাকতে হবে কিনা তা বিভাগ বিবেচনা করে দেখবে এবং আপনার অ্যাপয়েন্টমেন্টের সময় নির্ধারণ করবে যাতে আপনি সেগুলি মিস না করেন।

প্রবেশাধিকার অস্বীকৃত, পুনঃসূচিত অথবা সীমিত হতে পারে যদি বিভাগের কাছে মনে হয় সাক্ষাৎটি অযৌক্তিকভাবে: গোপনীয়তা, সুরক্ষা, নিরাপত্তা, শৃঙ্খলার সাথে আপস করবে, কার্যকলাপ ব্যহত করবে, কর্মীদের উপর চাপ সৃষ্টি করবে অথবা বন্দীদের উপর প্রতিকূলভাবে প্রভাব ফেলবে। সংবাদ মাধ্যমের প্রতিনিধির দ্বারা জিজ্ঞাসাবাদ হয়েছে এমন একজন বন্দী জিজ্ঞাসাবাদে অংশগ্রহণের জন্য অথবা সেখানে নিজস্ব মতামত প্রকাশের জন্য বিভাগীয় শৃঙ্খলা অথবা অন্য কোনও বৈরি পদক্ষেপে অবদমিত হবেন না।

আপনার জিজ্ঞাসাবাদ অথবা জিজ্ঞাসাবাদের অনুরোধ সীমিত, অস্বীকৃত বা রদ করা হলে, আপনি N.Y.C. সংশোধনী বোর্ড (Board of Correction) এর কাছে আপীল করতে পারেন। আপনি আপীল করলে, আপনারে সংশোধনী বোর্ড এবং আপনার কেন্দ্রে ওয়ার্ডেন উভয়কেই তা লিখতে হবে।

বিভাগের মিডিয়া প্রবেশাধিকার সম্পর্কিত নীতি নিয়ে আরও বিস্তারিত তথ্যের জন্য, অনুগ্রহ করে “নিউ ইয়র্ক সিটির সংশোধনী বিভাগের মিডিয়ার প্রবেশাধিকারের নীতি” (“New York City Department of Correction Media Access Policy”) পর্যালোচনা করে দেখুন, যেটি বিভাগের ওয়েবসাইট: nyc.gov/doc-তে পাবেন।

## রেডিও এবং টেলিভিশনের ব্যবহার

বিভাগকে এমন একটি পরিবেশ রক্ষা করতে হয় যেখানে গতানুগতিক আওয়াজের মাত্রা লোকজনের স্বাভাবিক কার্যকলাপকে ব্যহত করবে না অথবা স্বাস্থ্যে কিংবা শোনায় অস্বস্তি সৃষ্টি করবে না। আপনাকে রেডিও বা টেলিভিশনের ভলিউম কমানোর অনুরোধ করা হতে পারে।

টেলিভিশনগুলি সমস্ত লকআউট সময়ে ডেরুমে সুলভ। যদি আপনি ডেরুমে টেলিভিশন দেখেন, তাহলে কোন প্রোগ্রামটি দেখবেন তা আপনাদের নিজেদের মধ্যে ঠিক করতে হবে। যদি আপনারা সিদ্ধান্ত নিতে না পারেন এবং সমস্যা সৃষ্টি হয়, তাহলে আধিকারিক সিদ্ধান্ত নেবেন।

## লক-ইন এবং লকআউট

(সেই সময়গুলি যখন আপনার নির্ধারিত সেলের মধ্যে থাকার অথবা বাইরে থাকার অনুমতি থাকে।)

আপনি যদি এমন কোনও শাস্তিমূলক পৃথকীকরণের স্টেটাস, নিরাপদ, ESH, লক-ইন স্টেটাস, চিকিৎসা সংক্রান্ত স্বতন্ত্রীকরণ অথবা অন্য কোনও বর্ধিত নিরাপত্তা এলাকার মধ্যে না থাকেন যেখানে বন্দী থাকার সময়সীমা হেফাজতে থাকা সাধারণ অধিবাসীদের তুলনায় বেশি, সেক্ষেত্রে নিম্নলিখিত সময়গুলি ছাড়া আপনাকে আপনার সেলে আটকে রাখা হবে না:

- **রাতে আটক (লক-ইন) থাকার সময় শুরু হবে রাত 9টায় এবং শেষ হবে ভোর 5টায়।**
- **দিনেরবেলায় আটক (লক-ইন) করা হবে সকাল 7টা - সকাল 8টা এবং বিকেল 3টা - বিকেল 4টা।**
- **অনুগ্রহ করে মনে রাখবেন: যখনই প্রাতিষ্ঠানিক গণনা যাচাই করা যাবে না তখনই পুনরায় গণনা করা হবে, যা আটক থাকার সময় বাড়িয়ে দিতে পারে। এটি যেকোনও কেন্দ্রের এবং সমগ্র বিভাগের মধ্যে নিরাপত্তা এবং সুরক্ষার জন্য আবশ্যক।**

## শিক্ষামূলক পরিষেবাদি

আপনার বয়স যদি 18-21 বছর হয় এবং যথেষ্ট পরিমাণে হাই স্কুল ডিপ্লোমা বা হাই স্কুলের সমতুল্য ডিপ্লোমা (TASC/GED) না থাকে এবং আপনি 10 বা তার বেশি পঞ্জীদিবসের জন্য জেলে থাকেন বা জেলে থাকার সম্ভাবনা থাকে, তাহলে শিক্ষামূলক পরিষেবাদি পাওয়ার অধিকার আপনার আছে এবং আপনি Rikers Island এর কোনও কেন্দ্রের স্কুলে যেতে পারেন।

আপনি স্কুলে যেতে চাইলে, "শিক্ষামূলক পরিষেবাদির ফর্ম" পূরণ করুন, যেটি ভর্তির সময় আপনার পেয়ে থাকা উচিত। এছাড়াও আপনি এই ফর্মটি প্রত্যেকটি আবাসন চত্বরের "A" পোস্টে এবং আপনার কেন্দ্রের মধ্যে কাউন্সেলিং (সামাজিক পরিষেবাদি), আইনি গ্রন্থাগার অথবা অথবা চ্যাপলিনদের চত্বরে পাবেন। সম্পূর্ণ হয়ে গেলে, ফর্মটি একজন কর্মসূচি কাউন্সেলরের কাছে অথবা কর্মসূচি কর্মী সদস্যের কাছে জমা দিন, তারপর তারা সেই ফর্মটির প্রক্রিয়াকরণ করবে এবং শিক্ষা দপ্তর এর কর্মীর কাছে পাঠিয়ে দেবে।

শিক্ষা দপ্তর (Department of Education, DOE) 18-24 বছর বয়সীদের জন্য শিক্ষামূলক পরিষেবাদি প্রদান করে যা একটি হাই স্কুল ডিপ্লোমা, একটি হাই স্কুল সমতুল্য ডিপ্লোমা (TASC, অতীতে GED নামে পরিচিত ছিল) অথবা একটি রিজেন্টস ডিপ্লোমার দিকে নিয়ে যেতে পারে। এছাড়াও DOE বৃত্তিমূলক প্রশিক্ষণ, কাউন্সেলিং এবং মুক্তির পরিকল্পনা দিয়ে

থাকে। কিছু কেন্দ্রে 21 ঊর্ধ্ব শিক্ষার্থীদের জন্য প্রাপ্তবয়স্কের শিক্ষা কর্মসূচি আছে যা হাই স্কুল সমতুল্য ডিপ্লোমার দিকে নিয়ে যেতে পারে। আপনি স্কুলে যেতে চাইলে আপনার আবাসন চত্বরের আধিকারিক, কাউন্সেলর, কর্মসূচিগুলির ক্যাপ্টেন অথবা আপনার কেন্দ্রে কর্মসূচিগুলির ডেপুটি ওয়ার্ডেনকে বলুন, তাহলে কী উপলব্ধ আছে তার উপর তারা আপনাকে উপযুক্ত ফর্মগুলি এবং তথ্য এনে দেবেন। ফর্মগুলি আপনার আবাসন চত্বর এবং আপনার কেন্দ্রের আইনি গ্রন্থাগার ও কর্মসূচির চত্বরগুলিতেও পাওয়া যায়।

## শিশুর হেফাজত এবং ফস্টার কেয়ার

### শিশু হেফাজতের সমস্যা এবং ফস্টার কেয়ারে সাক্ষাৎ

আপনি কারারুদ্ধ থাকলেও, আপনার সন্তানের ফস্টার কেয়ার কেসে জড়িত থেকে এবং কেসকর্মীর সঙ্গে যোগাযোগ বজায় রেখে ভবিষ্যতের জন্য সক্রিয়ভাবে পরিকল্পনা করা আপনার পক্ষে সম্ভব।

**আপনার সন্তান ফস্টার কেয়ারে থাকলে, এইসব ক্ষেত্রে আপনার অধিকার আছে:**

- পরিবার আদালতের আসন্ন তারিখ সম্বন্ধে অবহিত হওয়ার
- পরিবার আদালতের কার্যধারাগুলির জন্য তৈরি হওয়ার
- আপনার ফস্টার কেয়ার কেসের সঙ্গে জড়িত পরিবার আদালতের কার্যধারাগুলিতে প্রতিনিধিত্ব করার জন্য একজন আইনজীবী রাখার
- আপনার সন্তানের সঙ্গে অন্তত পক্ষে মাসিক সাক্ষাতগুলি করার, যদি না আদালত অন্য কোনো আদেশ দিয়ে থাকে। এই সাক্ষাৎকারগুলি শিশুদের পরিষেবাদির জন্য প্রশাসন এবং ফস্টার কেয়ার কেসকর্মীর মাধ্যমে সাপ্তাহিকভাবে আয়োজন করা হবে। আপনার কেসকর্মীর সঙ্গে যোগাযোগ করিয়ে দিতে আপনাকে সাহায্য করার জন্য আপনার কাউন্সেলরকে অনুরোধ করুন।

**পরিবার আদালতে আপনার কোনও আসন্ন তারিখ থাকলে:**

আপনি যাতে আদালতে উপস্থিত হতে পারেন তা নিশ্চিত করার জন্য পরিবার আদালতের বিচারকদের সংশোধনী বিভাগ (Department of Correction, DOC) এর কাছে একটি "হাজির করার আদেশ" ইস্যু করার কথা। কখনও কখনও এটি হয় না – DOC এর কাছে আদালত কোনো আদেশ জারি করতে ব্যর্থ হলেও, আপনি যাতে আদালতে আসতে পারেন তা নিশ্চিত করতে আপনি নিজেই পদক্ষেপ নিতে পারেন।

যত তাড়াতাড়ি সম্ভব, আপনি:

- আপনাকে যাতে হাজির করা হয় তার অনুরোধ করতে আপনার উকিল, আপনার সন্তানের কেসকর্মী এবং আপনার কাউন্সেলরের সঙ্গে কথা বলুন।
- আপনার পরিবার আদালতের বিচারককে অনুরোধ করতে লিখুন যেন আপনাকে আপনার সন্তানের সঙ্গে জড়িত আদালতের সমস্ত তারিখে উপস্থিত হতে দেওয়া হয় (একটি নমুনা চিঠির জন্য আপনি আপনার কাউন্সেলরকে অনুরোধ করতে পারেন)
- এছাড়াও, আপনার পাওয়া *হাজির করার আদেশ* Rikers Island এর প্রধান ক্লার্কের কাছে পাঠানো হয়েছে কিনা তা নিশ্চিত করুন (এবং স্টেট কেন্দ্রে থাকলে বন্দী রেকর্ডের অফিসে), আপনার কাছে **নয়**। কোনও আদেশ আপনাকে সরাসরি পাঠানো হয়ে থাকলে সেটি আইনত ব্যবহারযোগ্য নয়। আপনি আসল আদেশটি আপনার কাউন্সেলরকে দিতে পারেন যিনি সেটি আপনার কেন্দ্রের প্রধান ক্লার্ককে দেবেন। যাচাইকরণের উপর নির্ভর করে আপনাকে আদালতে নিয়ে যাওয়া হবে।

**শিশুর হেফাজত এবং ফস্টার কেয়ারের সমস্যাগুলির উপর আপনি তথ্য চাইলে:**

- ACS Office of Advocacy's Parents' and Children's Rights Helpline কালেক্টের নম্বরে ফোন করুন: 212-619-1309

## শর্তসাপেক্ষ মুক্তি

যদি আপনি যোগ্য অপরাধের জন্য একবার (1) বা একের (1) বেশিবার সুনির্দিষ্টভাবে কারাবাসের দণ্ডাদেশ পান, একক মেয়াদে অথবা নব্বই (90) দিনের সমষ্টিগত বারতি মেয়াদে, সেক্ষেত্রে অনুরোধ সাপেক্ষে এবং বিবেচনার পরে ও নিউ ইয়র্ক স্টেটের বোর্ড অফ প্যারোলের অনুমোদন নিয়ে সেই মেয়াদের অন্তত ষাট (60) দিনের পরিষেবার পরে কম্যুনিটির মধ্যে তত্বাবধানের জন্য আপনাকে শর্তসাপেক্ষে মুক্ত করা হতে পারে। একটি স্থানীয় শর্তসাপেক্ষ মুক্তি (Local Conditional Release, LCR) এর জন্য আবেদন করার আগে আপনাকে অবশ্যই ত্রিশ (30) দিনের ন্যূনতম সময়কালের পরিষেবা দিতে হবে।

বিবেচিত হওয়ার জন্য, আপনাকে স্থানীয় শর্তসাপেক্ষ মুক্তির একটি লিখিত আবেদন পূরণ করে সম্পূর্ণ করা আবেদনপত্রটি নিউ ইয়র্ক স্টেটের সংশোধনী বিভাগ এবং কম্যুনিটি তত্বাবধান (New York State Department of Corrections and Community Supervision, NYS DOCCS) এর কাছে জমা দিতে হবে। যে সংশোধনাগারে আপনাকে রাখা হয়েছে সেখানকার আইনি গ্রন্থাগার থেকে আবেদনপত্র পাওয়া যেতে পারে। আপনার মুক্তি নিয়ন্ত্রণকারী শর্তাবলী এবং মুক্তির পরে তত্বাবধানের অধীনে আপনার দায়িত্বগুলি আপনি সম্পূর্ণভাবে বুঝেছেন কিনা তা নিশ্চিত করতে মনোযোগ সহকারে আবেদনপত্রটি পড়ুন।

আপনার আবেদনপত্রটি এই ঠিকানায় ডাকযোগে পাঠিয়ে দিন:

> New York State Department of Corrections and Community Supervision –
> Attention: Community Supervision Operations
> The Harriman State Campus Building #2
> 1220 Washington Avenue
> Albany, NY 12206-2050

বিবেচনার জন্য আপনি যোগ্য হলে, NYSDOCCS এর একজন কর্মী আপনার কেন্দ্রে গিয়ে আপনাকে জিজ্ঞাসাবাদ করবেন। NYSDOCCS এর সঙ্গে জিজ্ঞাসাবাদে সম্পূর্ণভাবে অংশগ্রহণ করার জন্য প্রস্তুত থাকুন এবং অনুরোধ সাপেক্ষে আদালতের নথি, প্রোবেশনের রেকর্ড এবং অপরাধমূলক ইতিহাসের তথ্য প্রদান করুন। সেই আধিকারিক আপনার LCR আবেদন অনুমোদন করলে, নিউ ইয়র্ক স্টেটের বোর্ড অফ প্যারোলের কাছে বিবেচনার জন্য আবেদনটি জমা দেওয়া হবে। প্যারোল বোর্ডের সিদ্ধান্তের একটি প্রতিলিপি আপনাকে দেওয়া হবে।

## স্বাস্থ্য পরিষেবাদি

আপনি নিউ ইয়র্ক সিটির সংশোধনী বিভাগের পরিচর্যায় থাকাকালীন চিকিৎসা সংক্রান্ত, মানসিক স্বাস্থ্য এবং দন্ত পরিষেবার পাশাপাশি বিশেষ ওষুধ এবং নেশার চিকিৎসার জন্য ওষুধ (Medication for Addiction Treatment, M.A.T.) সমেত দন্ত পরিষেবা - অর্থাৎ মেথাডোন এর রক্ষণাবেক্ষণ এবং অন্যান্য ডিটক্সিফিকেশনের ওষুধ এবং মাদক অপব্যবহারের পরিষেবাদি

আপনার জন্য উপলভ্য। এই পরিষেবাগুলি সোমবার-শুক্রবার পাওয়া যায়, তবে আপৎকালীন অবস্থার পরিষেবাদি সপ্তাহের 7 দিনের মধ্যে 24 ঘন্টা যেকোনও সময় পাওয়া যায়। এই পরিষেবাগুলি New York City Health + Hospital (NYC H+H) প্রদান করে।
আপনি আপনার আবাসন চত্বরের পোস্ট করা নিয়মিত সিক কলের সাইন-আপ শীটে স্বাক্ষর করে এই স্বাস্থ্য পরিষেবাগুলির যেকোনোটি নিতে পারেন। আপনার স্বাস্থ্য পরিষেবাদির অনুরোধ সম্পূর্ণ করতে সহায়তা প্রয়োজন হলে, আপনি DOC কর্মী সদস্যের থেকে সহায়তা চাইতে পারেন। আপনি যেদিন প্রাত্যহিক সিক কলের শীটে স্বাক্ষর করবেন, তার পরের কার্যদিবসে আপনাকে সিক কলে নিয়ে যাওয়া হবে। আপনি সিক কলের জন্য স্বাক্ষর করলেন না, অথচ যেকোনও সময় আপনার কোনও দাঁতের, চিকিৎসা সংক্রান্ত বা মানসিক স্বাস্থ্যের আপৎকালীন অবস্থা তৈরি হল, সেক্ষেত্রে আবাসন চত্বরের আধিকারিককে জানান যিনি নিশ্চিত করবেন আপনি যাতে আপৎকালীন অবস্থার পরিচর্যা পান। অনুগ্রহ করে মনে রাখবেন যে সিক কল সোমবার থেকে শুক্রবার পর্যন্ত দেওয়া হয়, তবে প্রয়োজনে শনিবার এবং রবিবারেও ক্লিনিকে প্রবেশাধিকার থাকে। যদি আপনার এইচআইভি পরীক্ষা করার প্রয়োজন থাকে অথবা অনুরোধ করতে চান, তাহলে অনুগ্রহ করে একজন স্বাস্থ্যসেবা প্রদানকারীর সঙ্গে কথা বলুন।

আপনার পরিস্থিতিতে যদি আপনাকে হাসপাতালে ভর্তি করার প্রয়োজন হয়, তাহলে আপনাকে উপযুক্ত হাসপাতালে বা কেন্দ্রে স্থানান্তর করা হবে।

## এইচআইভি পরীক্ষা এবং মুক্তির পরিকল্পনা

যে ব্যক্তিদের এইচআইভি আছে অথবা সেটির জন্য ঝুঁকিতে আছেন, তারা সিক কলে স্বাক্ষর করে নিজের কেন্দ্রে মুক্তির পরিকল্পনা নিয়ে কথা বলার জন্য এইচআইভি পরামর্শদাতার সঙ্গে যোগাযোগ করতে পারেন। ***পরীক্ষাটি ঐচ্ছিক।*** একজন করে এইচআইভি সংক্রান্ত পরামর্শদাতা সমস্ত কেন্দ্রে থাকেন। সমস্ত সেশন এবং ফলাফলগুলি সম্পূর্ণভাবে গোপনীয়।

## পুনঃপ্রবেশ এবং ধারাবাহিকতার পরিষেবাদি (Reentry and Continuity Services, RCS)

NYC Health + Hospital-সংশোধনী স্বাস্থ্য পরিষেবাদির কর্মীরা (পরিচর্যার কোঅর্ডিনেটর) সিটি জেলগুলিতে থাকা ক্লায়েন্টদের জন্য মুক্তির আগে মুক্তির এবং কমিউনিটিতে পুনঃপ্রবেশের পরিকল্পনা দেওয়ার জন্য উপলব্ধ থাকেন।

RCS সেন্ট্রাল ভিজিট সেন্টারে তাদের পরিদর্শকদের কন্ডোল সরবরাহ, বেশি মাত্রা প্রতিরোধ করার শিক্ষা এবং চিকিৎসা (NARCAN) এর পাশাপাশি স্বাস্থ্য সম্পর্কিত শিক্ষা/তথ্য, স্বাস্থ্য বিমা সংক্রান্ত সহায়তা/তথ্য এবং সংস্থানের নির্দেশাবলী সমেত অতিরিক্ত পরিষেবাদি দিয়ে থাকেন। RCS কর্মীরা প্রাথমিক পরিচর্যা, এইচআইভি পরিষেবাদি এবং HCV ওষুধের আসক্তির সঙ্গে ক্লায়েন্টদের সংযুক্ত করতে কমিউনিটিতে প্রচারমূলক সহায়তা দিয়ে থাকেন। ক্লিনিকের কোনও কর্মীর কাছে গিয়ে বা সংশোধনাগারের আধিকারিককে আপনার জন্য যোগাযোগ করিয়ে দেওয়ার অনুরোধ করে RCS পরিষেবাদি অ্যাক্সেস পাওয়া যেতে পারে।

## মাদকের ব্যবহারের ক্ষেত্রে পুনঃপ্রবেশ বৃদ্ধির কর্মসূচি (Substance Use Reentry Enhancement Program, SURE)

মাদকের ব্যবহারের ক্ষেত্রে পুনঃপ্রবেশ বৃদ্ধি (Substance Use Reentry Enhancement, SURE) হল একটি কর্মসূচি যা মাদক ব্যবহারের ব্যাধি থাকার সম্ভাবনা আছে এমন রোগীদের জন্য আদালত পরিষেবা, আঘাত, কর্তনের কাউন্সেলিং, জেল নির্ভর রেফারেল, Medicaid এর আবেদন এবং পুনঃপ্রবেশের আবেদনের পরিষেবা প্রদান করে যারা এখনও পর্যন্ত এই পরিষেবাগুলি সংশোধনী স্বাস্থ্য পরিষেবাদি (Correctional Health Services, CHS) এর অন্য কর্মসূচির থেকে পায়নি।

## স্বাস্থ্যবিধি

আপনাকে নিজের সেল এবং আবাসন চত্বর পরিষ্কার রাখতে হবে। বিভাগ প্রতিটি আবাসন চত্বরে যথেষ্ট পরিমাণে ঝাড়ু, ন্যাতা, সাধারণ ক্লিনার এবং জীবাণুনাষক এবং পরিষ্কার করার অন্যান্য উপাদান দেবে এবং আবাসন চত্বর রক্ষণাবেক্ষণ করবে, যতক্ষণ পর্যন্ত এই উপাদানগুলি জেলের সুরক্ষা এবং নিরাপত্তার জন্য বিপজ্জনক হয়ে না পড়ছে। আবাসন চত্বরের প্রত্যেকে সেটিকে পরিষ্কার করায় অংশগ্রহণ করবে বলে আশা করা হয়।

## সাক্ষাৎকার

আপনি একজন বিনাবিচারে বন্দী হলে, আপনি একটি সন্ধ্যা বা সপ্তাহান্তে অন্তত একটি (1) করে সাক্ষাৎকার সমেত প্রতি "সাক্ষাৎকারের সপ্তাহে" (বুধবার থেকে রবিবার) তিনটি (3) সাক্ষাৎকারের অধিকারী। আপনি দণ্ডিত ব্যক্তি হলে, একটি সন্ধ্যা বা সপ্তাহান্তে অন্তত 1টি সাক্ষাৎকার সমেত প্রতি "সাক্ষাৎকারের সপ্তাহে" দু'টি (2) সাক্ষাৎকারের অধিকারী। সাক্ষাৎকারগুলি সর্বাধিক এক ঘন্টা ধরে হবে। বিনাবিচারে বন্দী এবং হেফাজতে থাকা দণ্ডিত ব্যক্তিদের জন্য অতিরিক্ত সাক্ষাৎকারের ব্যবস্থা হবে বিশেষ পরিস্থিতিগুলিতে, যার মধ্যে সীমিত না হলেও অন্তর্ভুক্ত আপৎকালীন পরিস্থিতি এবং/অথবা দীর্ঘ যাতায়াতের সময়ের সাথে জড়িত সাক্ষাৎকারগুলি।

বিনাবিচারে বন্দী এবং দণ্ডিত ব্যক্তিরা কেন্দ্রের অনুমোদন ছাড়া একই সময় তিনজন (3) সাক্ষাৎকারীর সঙ্গে দেখা করতে পারবেন, তবে জায়গার অভাবের মতো কারণগুলির জন্য কেন্দ্র সেই সংখ্যাটি সীমিত করতে পারে। কোনও প্রয়োজন থাকলে, আপনি ওয়ার্ডেনের কাছে একবার সাক্ষাৎকারে তিনজনের (3) থেকে বেশি সাক্ষাৎকারীর সঙ্গে দেখা করার একটি লিখিত অনুরোধ করতে পারেন।

যেকোনও ব্যক্তি নিজের বৈধ পরিচয়পত্র ভিজিট অফিসারকে দেখিয়ে উপযুক্তভাবে সনাক্ত হলে এবং তার বয়স 16 বছর বা তার বেশি হলে, আপনার সম্মতি নিয়ে দেখা করার অনুমতি পাবে।

16 বছরের কমবয়সী শিশুরা দেখা করতে পারে, যদি তাদের সঙ্গে উপযুক্তভাবে চিহ্নিত কোনও 18 বছর বয়সী প্রাপ্তবয়স্ক ব্যক্তি আসেন, যাকে তাদের সঙ্গে সাক্ষাৎকার চলাকালীন অবশ্যই থাকতে হবে। উপরন্তু, 18 বছরের কমবয়সী একজন সাক্ষাৎকারীকে তার পিতামাতা বা আইনি অভিভাবকের নাম, ঠিকানা এবং টেলিফোন নম্বর দিতে হবে। 16 বা 17 বছর বয়সী একজন ব্যক্তি সাক্ষাৎ করতে পারলেও, 16 বছরের কমবয়সী সাক্ষাৎকারীদের সঙ্গে আসার বিষয়ে প্রাপ্তবয়স্কের সমতুল্য হতে পারে না, যদি না তারা সেই শিশুটির পিতা বা মাতা হন এবং হেফাজতে থাকা যে ব্যক্তির সঙ্গে সাক্ষাৎ করতে তারা আসছে তিনিও সেই শিশুটির পিতা বা মাতা হন। শিশু সহ সাক্ষাৎকারীরা কন্ট্রোল বিল্ডিংয়ে ত্বরান্বিত করা নিরাপত্তার স্ক্রীনিং পেতে পারেন। শিশু সাক্ষাৎকারীদের জন্য কেন্দ্রের অপেক্ষার চত্বরগুলিতে অনুরোধ সাপেক্ষে রং করার বই এবং ক্রেয়ন পাওয়া যায়।

DOC হেফাজতে থাকা প্রত্যেক ব্যক্তি বিভাগীয় হেফাজতে তার প্রাথমিক ভর্তি হওয়ার 24 ঘন্টার মধ্যে একবার সাক্ষাৎকার পাওয়ার অধিকারী।

সাক্ষাৎকারের সময়সূচিগুলি প্রতিটি প্রতিষ্ঠানের সাক্ষাৎকারের কক্ষগুলিতে পোস্ট করা থাকে। এই বিষয়ক তথ্য ওয়েব WWW.NYC.GOV/BOLDEST-তেও উপলভ্য। আপনার পরিবার আরো তথ্যের জন্য 311 নম্বরে ফোন করতে পারে। বিভাগ সাক্ষাৎকারীদের রিকার্স আইল্যান্ডে সাক্ষাতের জন্য বিনামূল্যে উভয়দিকের যাতায়াতের সুযোগ দেয়। বর্তমান

বাসগুলি Harlem এবং Downtown Brooklyn থেকে ছাড়ে। বাসের সময়সূচির জন্য আপনার পরিবারও বিভাগের ওয়েবসাইট দেখতে পারেন। প্রতিবন্ধী সাক্ষাৎকারীদের সাক্ষাৎকারে সহযোগিতা করতে প্রতিবন্ধীদের জন্য বিশেষ ব্যবস্থা দেওয়া হবে। আপনার সাক্ষাৎকারীদের কন্ট্রোল বিল্ডিং থেকে আপনার কেন্দ্রে পরিবহনের জন্য প্যারা-ট্রানজিট গাড়িগুলি রয়েছে। কম্যুনিটির দুটি স্থান থেকে Rikers Island-এ আসা সাক্ষাৎকারীদের জন্য বিভাগ বিনামূল্যে সাক্ষাৎকারীদের শাটল বাসগুলি চালায়। শাটল বাসগুলি সমস্ত সাক্ষাৎকারের সময়গুলিতে বিনামূল্যে পরিবহনের ব্যবস্থা দেয় Manhattan এর 125th Street এবং 3rd Avenue থেকে Rikers Island-এ যেতে এবং সেখানে ফেরার এবং দ্বিতীয় স্থানটি হল Brooklyn এর Jay Street between Fulton Street এবং Willoughby Street।

একজন নির্দিষ্ট ব্যক্তিকে আপনার দেখা করার অধিকার অস্বীকার, রদ বা সীমিত হতে পারে, যদি সেই ব্যক্তির সঙ্গে আপনার সাক্ষাৎ সাক্ষাৎকারীদের বা প্রতিষ্ঠানের সুরক্ষা বা নিরাপত্তার জন্য বিপজ্জনক বলে বিভাগের মনে হয়। কর্মসূচির জন্য ডেপুটি ওয়ার্ডেন এই সিদ্ধান্ত গ্রহণ করবেন, যিনি লিখিত বিজ্ঞপ্তি দেবেন এবং আপনার ও আপনার সাক্ষাৎকারীর বিরুদ্ধে আনা নির্দিষ্ট অভিযোগগুলি তাতে জানাবেন।

সাক্ষাৎকারীরা জেলে বেআইনি মাদক, অস্ত্র, তামাক এবং জেলে আপনার জন্য অনুমোদিত নয় এমন কোনও দ্রব্য সমেত কোনও ধরনের নিষিদ্ধ উপাদান আনতে পারবেন না। আপনার সাক্ষাৎকারীরা যখন আপনার সঙ্গে দেখা করতে আসবে তখন তাদের অনুসন্ধান করা হবে এবং যদি তখন তাদের কাছে কোনও নিষিদ্ধ সামগ্রী থাকে তখন তাদের গ্রেপ্তার করা হবে। সেইসঙ্গে তারা বিপার, সেল ফোন, ক্যামেরা, রেকর্ডিংয়ের ডিভাইস বা অন্য কোনও বৈদ্যুতিক ডিভাইস বা চুইংগাম আনতে পারবেন না। প্রধান ভিজিট হাউজের সামনে লকারগুলি আছে, কোনও বিভাগীয় কেন্দ্রে প্রবেশের আগে যেখানে সাক্ষাৎকারীরা এই জিনিসগুলি জমা করতে পারেন। বরো কেন্দ্রগুলিতে, কেন্দ্রের সামনের গেটেও লকারগুলি থাকে যেখানে সাক্ষাৎকারীরা উপরে তালিকাভুক্ত সামগ্রীগুলি জমা করতে পারেন।

কোনও স্পর্শবহুল সাক্ষাৎকারের (contact visit) ক্ষেত্রে আপনার অধিকার অস্বীকার, রদ বা সীমিত হতে পারে, যদি এই ধরনের সাক্ষাৎকারগুলি জেলের সুরক্ষা বা নিরাপত্তার জন্য গুরুতরভাবে বিপজ্জনক বলে বিভাগের মনে হয়। বিভাগ স্পর্শবহুল সাক্ষাৎকারগুলির ক্ষেত্রে আপনার অধিকার অস্বীকার, রদ, সীমিত করার সিদ্ধান্ত নিলে, অন্য উপায়ে আপনার একই সংখ্যক সাক্ষাৎকার পাওয়ার সুযোগ থাকবে, সীমিত না হলেও যার মধ্যে অন্তর্ভুক্ত স্পর্শ বহির্ভুত সাক্ষাৎকার। সেই সিদ্ধান্ত চূড়ান্ত হওয়ার আগে, আপনাকে নির্দিষ্ট অভিযোগগুলির লিখিত বিজ্ঞপ্তি দেওয়া হবে এবং তার উত্তর দেওয়ার একটি সুযোগ দেওয়া হবে।

সাক্ষাৎকারের সময়কাল জুড়ে আপনার সমস্ত সাক্ষাৎকারীদের সঙ্গে স্পর্শবহুল সাক্ষাৎকারে অন্তর্ভুক্ত হাত ধরা, ছোট শিশুদের ধরা এবং চুম্বন। স্পর্শ বহির্ভুত সাক্ষাৎকারগুলির (non-contact visits) জন্য, একটি বুথ থেকে আপনাকে আপনার সাক্ষাৎকারীর সঙ্গে কথা বলতে হবে।

আপনার অথবা আপনার সাক্ষাৎকারীর মধ্যে কোনও একজনের সুবিধা অস্বীকার, রদ বা সীমিত হলে, আপনি N.Y.C সংশোধনী বোর্ডের কাছে আপীল করতে পারেন। কোনও ব্যক্তি এটি করলে তাকে লিখিতভাবে সংশোধনী বোর্ড এবং কেন্দ্রের ওয়ার্ডেনকে বিজ্ঞপ্তি দিতে হবে। আপনি প্রথমে একটি অভিযোগ দায়ের করতে পারেন, তবে আপনার প্রথম পছন্দ হিসাবে আপনি সংশোধনী বোর্ডের কাছে আপীল করলে, আপনি মত পাল্টে আবার অভিযোগ দায়ের করতে পারবেন না।

## **সম্পত্তি**

যখন আপনি প্রথম কোনও জেলে আসবেন, তখন সমস্ত অননুমোদনযোগ্য সম্পত্তি আপনার থেকে নিয়ে নেওয়া হবে। এই হ্যান্ডবুকের "অনুমোদনযোগ্য আইটেমসমূহ"-তে তালিকাভুক্ত সামগ্রী অনুযায়ী আপনার কাছে নির্দিষ্ট কিছু জিনিস রাখার অনুমতি আছে। আপনার থেকে যে সম্পত্তি নেওয়ার জন্য আপনাকে একটি রসিদ দেওয়া হবে এবং বিভাগ সেটি সংরক্ষণ করে রাখবে এবং আপনার মুক্তির সময় সেটি আপনাকে ফেরৎ দেবে।

আপনি আপনার সম্পত্তি থেকে কোনও সামগ্রী পুনরুদ্ধার করতে চাইলে অথবা কেউ আপনার সম্পত্তি নিয়ে যাক যদি চান, সেক্ষেত্রে আপনার কেন্দ্রের কাউন্সেলরকে সম্পত্তি মুক্ত করার ফর্মটি দেওয়ার জন্য বলুন এবং নির্দেশাবলী অনুসরণ করুন।

তামাক বা তামাক-সম্পর্কিত পণ্যগুলি নষ্ট করে দেওয়া হবে যদি না সেগুলিকে কোনও অপরাধমূলক কার্যধারায় প্রমাণস্বরূপ রেখে দেওয়া হয়। একজন নতুন ভর্তি হিসাবে আপনার প্রক্রিয়া হয়ে যাওয়ার পরে, আপনার থেকে পাওয়া যেকোনও নগদ অর্থ নিয়ে নেওয়া হবে এবং তা নিউ ইয়র্ক সিটির সম্পত্তি হয়ে যাবে। যখনই বিভাগ আপনার থেকে আপনার সম্পত্তি নেয়, তখন আপনি একটি সম্পত্তি গ্রহণের ফর্ম #111R B 92 পাবেন, যেটিতে ব্যাখ্যা করা থাকবে কিভাবে আপনি সেই অপসারণের কার্যকলাপটির বিরুদ্ধে আপীল করতে পারেন।

যদি জেলে থাকাকালীন সম্পত্তিটি রাখার অনুমতি আপনার নেই বলে সেটি কোনও প্যাকেজ বা চিঠির অংশ থেকে সরানো হয় এবং সেটির সঙ্গে কোনও অপরাধ জড়িত না থাকে, তাহলে সেটি আপনার সংরক্ষিত সম্পত্তির মধ্যে রেখে দেওয়া হবে এবং 24 ঘন্টার মধ্যে সেই অপসারণ সম্বন্ধে আপনাকে জানানো হবে। (প্যাকেজ সম্বন্ধে আরও তথ্য উপরে "**প্যাকেজ**" বিভাগে দেওয়া আছে।) যদি কোনও আসন্ন প্রকাশনার বিষয়বস্তুতে নিষিদ্ধ উপকরণ হওয়ার কারণে সেটি সেন্সর করা হয় অথবা সেটির ডেলিভারি আটকে দেওয়া হয়, তাহলে আপনাকে সেই সিদ্ধান্তের 24 ঘন্টার মধ্যে জানানো হবে। আপনার প্যাকেজ পাওয়া নিয়ে আপনার কোনও অভিযোগ থাকলে আপনি অভিযোগ দাখিল করতে পারেন অথবা সংশোধনী বোর্ডের কাছে লিখিত নালিশ জানাতে পারেন। আপনি সংশোধনী বোর্ডের সঙ্গে যোগাযোগ করার বিকল্পটি নির্বাচন করলে, আর অভিযোগ দাখিল করতে পারবেন না। আরো তথ্যের জন্য "**অভিযোগ**" বিভাগটি পড়ুন।

কোনও ব্যক্তিগত সম্পত্তি আপনি বিভাগ থেকে আপনার মুক্তি হওয়ার **30 দিনের** মধ্যে আপনি দাবি না করলে, সেটি পরিত্যক্ত সম্পত্তি হিসাবে বিবেচিত হবে এবং পুলিশ বিভাগ (Police Department) অথবা অন্য কোনও এজেন্সির কাছে নিষ্পত্তির জন্য সেটি পাঠিয়ে দেওয়া হবে। বিভাগ থেকে আপনার মুক্তির পরে অথবা হেফাজতে থাকাকালীন আপনি অথবা আপনার মনোনীত অন্য কেউ আপনার বেশিরভাগ সম্পত্তি ফেরৎ পেতে এবং দাবি করতে পারেন। আপনি আমাদের হেফাজতে থাকলে, আপনাকে কেন্দ্রের সমাজসেবা কর্মীর প্রদান করা একটি সম্পত্তি মুক্তির ফর্ম সম্পূর্ণ করতে হবে এবং তারা সেটি প্রক্রিয়া করবে যাতে আপনার মনোনীত ব্যক্তি আপনার সম্পত্তি নিতে পারেন। আপনি মুক্ত হয়ে গেলে, আপনার সম্পত্তি নেওয়ার জন্য একটি অ্যাপয়েন্টমেন্টের সময় নির্ধারণ করতে অবশ্যই আপনাকে প্রথমে 311 নম্বরে ফোন করতে হবে। আপনাকে অন্য কোনও কেন্দ্রে স্থানান্তর করা হলে, ***আপনার*** সম্পত্তি আপনার সঙ্গেই যাবে।

## সুরক্ষা এবং ক্ষতির শিকার হওয়া ব্যক্তিদের পরিষেবাদি

### সাধারণ সুরক্ষার সমস্যা

জেলে নিরাপদ থাকার অধিকার আপনার আছে। যখন আপনি বিভাগের হেফাজতে এসেছিলেন তখন সাধারণ বাসিন্দাদের কারণে আপনি ঝুঁকিপূর্ণ অবস্থায় আছেন কিনা অথবা সেখান থেকে আপনার বিশেষ নিরাপত্তা বা সুরক্ষা প্রয়োজন কিনা তা আপনাকে জিজ্ঞাসা করা হয়েছিল, যেমন:

- হেফাজতে থাকাকালীন অথবা আগে জেলে থাকার সময় যৌন বা অন্যভাবে নির্যাতিত, হেনস্থা বা নিগৃহীত হয়ে এসেছেন
- সমকামী, রূপান্তরকামী, ক্রস ড্রেসার বা দৃশ্যত মহিলা হিসাবে মনে করা হয়েছে(যদি পুরুষ অধিবাসীদের মধ্যে আটক থাকেন)
- অন্য কোনও কারণ।

প্রথম যখন হেফাজতে এসেছিলেন তখন আপনি কিছু না বলে থাকলেও, সহায়তা চাওয়ার জন্য এখনও দেরী হয়নি। কোনও কারণে <u>কোনও সময়</u> আপনি অসুরক্ষিত বোধ করলে, আপনার আবাসনের আধিকারিককে জানাতে ভুলবেন না। আপনি কোনও চ্যাপলিন, কাউন্সেলর বা অন্য কোনও কর্মীকেও বলতে পারেন।

বিভাগের কাছে সাধারণ অধিবাসীদের মধ্যে আপনার সুরক্ষার প্রয়োজনীয়তাগুলি সমাধান করার অনেক আলাদা পদ্ধতি আছে। এর মধ্যে অন্তর্ভুক্ত হতে পারে আপনাকে হুমকি দিচ্ছে এমন নির্দিষ্ট ব্যক্তি বা ব্যক্তিদের থেকে আপনাকে আলাদা করে দেওয়া অথবা আপনাকে অন্য কেন্দ্রে বা আবাসন চত্বরে স্থানান্তর করা। এই চত্বরগুলিতে ***অর্থাৎ প্রতিরক্ষামূলক হেফাজতে***, লোকদের পাহারা দিয়ে নিয়ে যাওয়া হয় যখনই তারা তাদের আবাসন চত্বর ছেড়ে যায়। পাহারা ছাড়া, এই ইউনিটগুলি ঠিক নিয়মিত অধিবাসীদের আবাসন চত্বরের মতোই হয়।

**এইভাবে নিজেকে নিরাপদ রেখে সাহায্য করুন:**

- নিজেকে আত্মবিশ্বাসী প্রতিপন্ন করুন
- কখনও অন্যদের থেকে খাবার, মাদক, তামাক বা অন্যান্য নিষিদ্ধ দ্রব্য সমেত উপহার বা সাহায্য গ্রহণ করবেন না
- কখনও হেফাজতে থাকা অন্য এমন ব্যক্তির প্রস্তাবগুলি মেনে নেবেন না যে আপনার রক্ষক হওয়ার প্রস্তাব দেবে
- একজন কাউন্সেলর, ধর্মযাজকের সদস্য অথবা চিকিৎসা বা মানসিক স্বাস্থ্য কর্মীকে খুঁজুন যার সঙ্গে আপনি আপনার ভয় এবং উদ্বেগ নিয়ে আলোচনা করতে স্বচ্ছন্দবোধ করেন
- অন্যরা আপনাকে কিছু করার জন্য জিজ্ঞাসা করলে সরাসরি স্পষ্টভাবে বলুন যে আপনি সেটি করতে চান না
- কেন্দ্রে নির্ধারিত চত্বরগুলির মধ্যে থাকুন
- আপনার সহজাত বুদ্ধিকে বিশ্বাস করুন। পরিস্থিতি বিপজ্জনক হতে পারে বলে আপনার মনে হলে, সম্ভবত সেটাই ঘটনা

### লিঙ্গগত পরিচয় অনুযায়ী বসবাস

রূপান্তরকামী, ইন্টারসেক্স, লিঙ্গ অনিশ্চিত এবং/অথবা নন-বাইনারি লিঙ্গ হিসাবে নির্ধারিতদের জন্য বিভাগ প্রতিটি কেসের উপর নির্ভর করে লিঙ্গগত পরিচয় অনুযায়ী বসবাসের ব্যবস্থার কথা বিবেচনা করবে, যাতে এই ধরনের স্থাননির্ণয়ের ফলে তাদের স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করা যায় এবং এই ধরনের স্থাননির্ণয়ের ফলে পরিচালনাগত অথবা নিরাপত্তার ভাবনাগুলি ব্যবস্থা নেওয়া যায়। আপনাকে একটি ফর্ম সম্পূর্ণ করতে এবং বসবাস ও অনুসন্ধানের পছন্দগুলি সম্পর্কিত তথ্য

প্রদান করতে বলা হবে। আপনি সাধারণ অধিবাসীদের মধ্যে, প্রতিরক্ষামূলক হেফাজতে অথবা আমাদের রূপান্তরকামী, ইন্টারসেক্স এবং নন-বাইনারি লিঙ্গ অধিবাসীদের জন্য রাখা ইউনিটে বসবাসের অনুরোধ করতে পারেন।

যে রূপান্তরকামী, ইন্টারসেক্স এবং নন-বাইনারি লিঙ্গ ব্যক্তিরা একটি আলাদা আবাসিক ইউনিটে থাকতে চায় তাদের রাখার জন্য DOC একটি ইউনিট তৈরি করেছে। এই ইউনিটটি বিভাগের মহিলা কেন্দ্রে অবস্থিত। এই ইউনিটের অনুরোধ করার জন্য বাসস্থানের একটি ফর্ম একজন ব্যক্তি তার বন্দী থাকাকালীন সময় কেন্দ্রের PREA টিম অথবা আবাসন চত্বরের সুপারভাইজারের কাছে যেকোনও সময় অনুরোধ করে পেতে পারেন।

অতিরিক্ত তথ্য আমাদের LGBTI-GNC-GBC নির্দেশনায় পাওয়া যেতে পারে। এই নির্দেশনা এবং 5011R-A। PREA নির্দেশনা আইনি গ্রন্থাগারে অ্যাক্সেস করা যেতে পারে।

## যৌন নির্যাতন

কারাগারে ধর্ষণ দূরীকরণ আইন (Prison Rape Elimination Act, PREA) এর নির্দেশাবলী অনুযায়ী, বিভাগ নিজের হেফাজতে থাকা নির্দিষ্টভাবে যৌন নির্যাতনের বিষয়ে দুর্বল ব্যক্তিদের জন্য এবং যৌন আগ্রাসী ব্যক্তিদের নিরীক্ষণ করার জন্য নীতি এবং পদ্ধতি তৈরি করেছে। PREA অনুযায়ী যৌন নির্যাতন এবং নিগ্রহ এবং যৌন নির্যাতন বা যৌন নিগ্রহের রিপোর্টকারী কোনো ব্যক্তির বিরুদ্ধে প্রত্যাঘাত প্রতিরোধ করতে, সনাক্ত করতে, প্রতিক্রিয়া জানাতে, রিপোর্ট করতে এবং তদন্ত করতে বিভাগকে দৃঢ় পদক্ষেপ নিতে হবে।

আপনি হেফাজতে থাকাকালীন, সমস্ত যৌনতা বিষয়ক সমস্যা মোকাবিলায় বিভাগ জিরো-টলারেন্স নীতি মেনে চলে, তা সম্মতিসূচক হলেও। যেকোনও যৌন কার্যকলাপ বা আচরণ বিভাগের নিয়ম বিরুদ্ধে।

## যৌন নির্যাতন বলতে কী বোঝায়?

- যেকোনও ধরনের অনিচ্ছাকৃত যৌন সম্পর্ক যৌন নির্যাতন হিসাবে সংজ্ঞায়িত। এর মধ্যে মলদ্বার বা যোনিতে জোর করে পুরুষাঙ্গ, আঙুল বা অন্য জিনিস স্পর্শ করানো বা ঢোকানো অন্তর্ভুক্ত।
- এছাড়াও যৌন নির্যাতনের মধ্যে অন্তর্ভুক্ত যেকোনও জোর করে যৌনাঙ্গ, স্তন, ঊরু অথবা নিতম্বে ইচ্ছাকৃতভাবে স্পর্শ।
- কর্মীদের সঙ্গে যৌন সঙ্গম করাও (এমনকি আপনি সম্মত হলেও) যৌন নির্যাতন হিসাবে বিবেচনা করা হবে।
- শারীরিকভাবে হাতাহাতি থেকে দুর্ঘটনাবশতভাবে হওয়া স্পর্শ এইধরনের স্পর্শ বহির্ভূত। উদাহরণস্বরূপ, যদি দু'জন ব্যক্তি মারামারিতে লিপ্ত থাকে, তাহলে তাদের শারীরিক স্পর্শ যৌন নির্যাতন হিসাবে গণ্য হবে না।

## যৌন নিগ্রহ কী?

- লিঙ্গ পরিচয় তুলে অপমান, যৌন প্রস্তাব বা শরীর বা পোশাক সম্পর্কে অপমানজনক মন্তব্য বা অশ্লীল ভাষা বা অঙ্গভঙ্গী সহ হেফাজতে থাকা ব্যক্তির প্রতি কোনও কর্মী সদস্য, ঠিকাদার বা স্বেচ্ছাসেবীর কোনও বারংবার ঘনিষ্ট হওয়ার চেষ্টা, যৌন সুবিধার জন্য অনুরোধ, মৌখিক মন্তব্য বা যৌন প্রবৃত্তিমূলক অঙ্গভঙ্গী।
- হেফাজতে থাকা কোনও বাসিন্দার প্রতি অন্য বাসিন্দার বারংবার ও জোর করে ঘনিষ্ঠ হওয়া, যৌন প্রস্তাব বা মৌখিক মন্তব্য, অঙ্গভঙ্গী বা অবমাননাকর কর্ম বা আপত্তিজনক যৌন প্রবৃত্তি।

**কর্মীদের যৌন অভদ্রতা বলতে কী বোঝায়?**

- হেফাজতে থাকা কোনও ব্যক্তিকে কোনও ধরনের যৌন আচরণ বা কার্যকলাপে জড়িত হওয়ার জন্য কর্মীসদস্যের থেকে হওয়া কোনোরকম অনুরোধ। যৌন মানসিকতা নিয়ে স্পর্শ করা এবং স্পর্শ করার চেষ্টা করা, যৌনকর্মে লিপ্ত হওয়ার জন্য হুমকি বা অনুরোধ করা এবং বিবস্ত্র অবস্থায় দেখা বা কামুক দৃষ্টিতে দেখা অন্তর্ভুক্ত।
- কর্মীসদস্য, ঠিকাদার অথবা স্বেচ্ছাসেবীর দ্বারা ভয়েরিজম বা কামুক দৃষ্টিতে দেখা বলতে বোঝায় তাদের সরকারি দায়িত্ব বহির্ভুত কারণে হেফাজতে থাকা একজন ব্যক্তির গোপনীয়তায় হস্তক্ষেপ করা, যেমন হেফাজতে থাকা একজন ব্যক্তি যখন তার পার্থিব কার্যকলাপ সম্পন্ন করতে নিজের সেলে টয়লেট ব্যবহার করছে তখন তার দিকে কুটিল দৃষ্টিতে তাকানো; হেফাজতে থাকা একজন ব্যক্তিকে তার নিতম্ব, যৌনাঙ্গ অথবা স্তন দেখাতে বলা; হেফাজতে থাকা একজন ব্যক্তির নগ্ন শরীরের সমস্ত অংশের অথবা তার পার্থিব কার্যকলাপ করার ছবি নেওয়া।

**কিভাবে যৌন নির্যাতন প্রতিরোধ করবেন:**

- যদি আপনি দেখেন কেউ যৌন নিগ্রহের শিকার হচ্ছে অথবা নির্যাতিত হচ্ছে, তাহলে অবিলম্বে কোনও কর্মীসদস্যকে রিপোর্ট করুন। সমস্ত কর্মীসদস্য বাধ্যতামূলকভাবে রিপোর্টার।
- যে কেউ আপনাকে নির্যাতনের বা আপনাকে সম্ভাব্য শিকার হিসাবে লক্ষ্য রেখে আপনাকে সাহায্য করতে পারে, জিনিস ধার দিতে পারে বা সুরক্ষা দিতে পারে।
  অস্বস্তি হচ্ছে এমন যেকোনও পরিস্থিতির বিষয়ে সচেতন থাকুন। আপনার সহজাত বুদ্ধিকে বিশ্বাস করুন। আপনার ভুল মনে হলে, চলে যান বা কর্মীকে ডাকুন। "**না**", "**থামুন**" বা "**আমাকে স্পর্শ করবেন না!**" বলা অধিকার আপনার আছে
- আপনাকে বা অন্য কাউকে যৌনসঙ্গমের জন্য জোর করা হলে, অবিলম্বে কর্মীকে জানান।
  আপনার সাহায্য পাওয়ার জন্য নির্যাতনটি হওয়ার জন্য অপেক্ষা করতে হবে না।
- কর্মীদের দেখা পাওয়া কঠিন বা আপনি সাহায্য পাবেন না এমন স্থানগুলি এড়িয়ে চলুন।
- অন্য ব্যক্তিদের সেলে গিয়ে এবং আপনার সেলে অন্যদের এনে পরিস্থিতি এড়ান।
- সতর্ক থাকুন - মাদক এবং মদের মতো নিষিদ্ধ দ্রব্যগুলি আপনার সতর্ক থাকা, সিদ্ধান্ত নেওয়া অথবা সহায়তা চাওয়ার মতো বিষয়গুলি কঠিন করে দেবে।

**আপনি যৌন নির্যাতনের শিকার হলে কী করবেন**

যদি কোনোভাবে হেফাজতে থাকা অন্য ব্যক্তি, কোনও কর্মীসদস্যের দ্বারা আপনি যৌন নির্যাতন বা নিগ্রহের শিকার হন বা হয়ে চলেন, তাহলে একাধিক উপায়ে আপনি সহায়তা পেতে পারেন:

- আপনি আপনার আবাসন চত্বরের আধিকারিক, চিকিৎসা বা মানসিক স্বাস্থ্য পরিষেবা প্রদানকারী, কোনও চ্যাপলিন, কাউন্সেলর বা অন্য কোনও কর্মীকে বলুন;
- অভিযোগ দায়ের করুন;
- 212-266-1900 নম্বরে বিভাগের তদন্ত বিভাগ (Investigation Division) এর সঙ্গে যোগাযোগ করুন;
- 718-204-0378 নম্বরে গোপনীয় PREA হটলাইনে ফোন করুন;
- 212-227-3000 নম্বরে ফোন করে সেফ হরাইজন (Safe Horizon)-এ একজন ভিক্টিম ক্রাইসিস কাউন্সেলরের সঙ্গে যোগাযোগ করুন অথবা এখানে চিঠি লিখুন: Safe Horizon Inc., Brooklyn Community Program, 50 Court Street, 9th Floor, Brooklyn, NY 11201. সমস্ত ফোন বিনামূল্যে করা যায়;
- আপনার পরিবার এবং বন্ধুরা 311-তে নির্যাতন অথবা নিগ্রহের রিপোর্ট করতে পারেন। তারা DOC ওয়েবসাইটে গিয়ে অনলাইনেও রিপোর্ট করতে পারেন।

যৌন নির্যাতনের সমস্ত অভিযোগ উপযুক্ত আইন প্রয়োগকারী সংস্থার কাছে রিপোর্ট করা হয় এবং যথাযথভাবে তদন্ত করা হবে। যে ব্যক্তিরা যৌন নিগ্রহ বা যৌন নির্যাতনের মতো কুকর্ম করে তাদের উচিত শিক্ষা দেওয়া হবে এবং মামলা দায়ের করা হবে।

আপনি নিজে সশরীরে অথবা লিখিতভাবে যৌন নির্যাতন বা যৌন নিগ্রহের রিপোর্ট করতে পারেন এবং ঘটনাটি ঘটার পরে যেকোনও সময়, তা যত সময়ই চলে যাক না কেন। তবে, যত তাড়াতাড়ি আপনি ঘটনাটির রিপোর্ট করবেন তদন্ত করা ততই সহজতর হবে। আপনাকে আপনার নির্যাচনকারীর(দের) নাম বলতে না হলেও যত বেশি তথ্য আপনি দেবেন, ততই আপনাকে সাহায্য করা কর্মীদের পক্ষে সহজতর হবে। আপনি চাইলে, একজন যোগ্য ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের আইনজীবী সঙ্গে থাকবেন এবং ফরেন্সিক চিকিৎসা সংক্রান্ত পরীক্ষা পদ্ধতি এবং তদন্তমূলক জিজ্ঞাসাবাদ জুড়ে আপনাকে সহযোগিতা করবেন।

আপনাকে যৌন নির্যাতন করা হয়েছে বলে আপনি রিপোর্ট করলে, আপনাকে অবিলম্বে সুরক্ষা দেওয়া হবে এবং একটি ফরেন্সিক চিকিৎসা সংক্রান্ত পরীক্ষা এবং মানসিক স্বাস্থ্যের পরিষেবাদি জন্য রেফার করা হবে। শারীরিক আঘাতের উপস্থিতি দেখার জন্য এবং যৌন নির্যাতনের প্রমাণ নিতে আপনার সম্মতি নিয়ে চিকিৎসা কর্মী আপনার পরীক্ষা করবেন। গোপনীয়ভাবে এবং পেশাদারীভাবে পরীক্ষাটির ব্যবস্থা করা হবে। যৌনবাহিত সংক্রমণ প্রতিরোধ করার জন্য সমস্ত সতর্কতা অবলম্বন করা হবে। **আপনি যদি যৌন নির্যাতনের কোনও রিপোর্ট না করেন অথবা আপনার নির্যাতনকারীকে সনাক্ত না করেন, তাহলেও এই সমস্ত পরিষেবা অ্যাক্সেস করতে পারেন।**

অনুগ্রহ করে মনে রাখবেন, নির্যাতনের পরে আপনি নিজেকে ধুয়ে নিতে বা পরিষ্কার করতে চাইলেও স্নান, ধোয়া, পান করা, খাবার খাওয়া, পোশাক পরিবর্তন করা বা স্নানাগার ব্যবহার করা **আগে** চিকিৎসা কর্মীর সঙ্গে দেখা করা গুরুত্বপূর্ণ। নির্যাতনের সময় পরে থাকা পোশাক এবং অন্তর্বাস নিয়ে স্নান করবেন না, সেগুলি পরিষ্কার, নষ্ট করবেন না বা ফেলে দেবেন না, কারণ এগুলি প্রমাণ সংগ্রহে ব্যবহৃত হতে পারে।

হেফাজতে থাকা কোনও ব্যক্তির সঙ্গে কোনও কর্মী যৌন ক্রিয়ায় জড়িত আছে দেখলে বা শুনলে অথবা যদি আপনি দেখে থাকেন বা শুনে থাকেন হেফাজতে থাকা অন্য ব্যক্তি বা কর্মী অন্য কেউকে যৌন নির্যাতন করেছে বা হুমকি দিয়েছে, তাহলে অবিলম্বে রিপোর্ট করুন।

**যৌন নির্যাতনের শিকার হওয়া ব্যক্তিদের জন্য কাউন্সেলিং:**

আপনি যদি জেলে থাকাকালীন যৌন নির্যাতনের শিকার হন অথবা অতীতে হয়ে থাকেন, তাহলে পেশাদার চিকিৎসা এবং মানসিক স্বাস্থ্য কর্মী, প্রশিক্ষিত কাউন্সেলরদের পাশাপাশি চ্যাপলিনরা সহায়তার জন্য উপস্থিত থাকেন। আপনি এই সহায়তাগুলির কোনোটি নিতে আগ্রহী হলে, আপনার কেন্দ্রের PREA টিম বা কর্মসূচির কাউন্সেলরের কাছে রেফারেলের জন্য অনুরোধ করুন।